১১২	বাউ ইয়াম-৪ (ছাগল দুধ আলু)	২০২০	৮০-১০০	লতানো, দ্রুত বর্ধনশীল, কাটাবিহীন উদ্ভিদ। টিউবার/কন্দ হয় কিন্তু বুলবিল অনুপস্থিত। অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন এবং সুস্বাদু।
১১৩	বাউ ইয়াম-৫ (মৌ আলু)	২০২০	৬০-১০০	টিউবার/কন্দ গুচ্ছাকারে উৎপন্ন হয়। অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন ও খুবই সুস্বাদু।
১১৪	বাউ কলা-১ (কুলপাত কলা)	২০২০	৭০-১১০	বীজবিহীন সুস্বাদু কলা। বীজবিহীন। মিষ্টতা ১৫-১৮ (TSS)। ফলন ৭০-১১০ টন।
১১৫	বাউ কলা-২ (গেরাসুন্দরী)	২০২০	৬০-৮০	গাছ লম্বা, উচ্চফলনশীল ও রোগবাহ্যিসহিষ্ণু। ২/১টি বীজ থাকে। কলার ওজন ৮০-১২০ গ্রাম।
১১৬	বাউ কলা-৩ (গেরাসুন্দরী)	২০২১	৫০-৬০	সুস্বাদু কলা। কলার রঙ লাল এবং ওজন ৩০-৫০ গ্রাম। বীজবিহীন। মিষ্টতা ১৭-১৮ (TSS)। ফলন ৫০-৬০ টন। চামড়া খুবই পাতলা।
১১৭	বাউ কলা-৪ (জাতকলা)	২০২১	৬০-৮০	উচ্চফলনশীল, রোগবাহ্যিসহিষ্ণু জাত। প্রতি ছড়ি কলার ওজন ২০-২৫ কেজি। মাঝে মধ্যে ২/১টি বীজ থাকে। কলার ওজন ৮০-১২০ গ্রাম।
১১৮	বাউ কলা-৫ (মস্তকবিহীন)	২০২১	৫০-৬০	উচ্চফলনশীল, রোগবাহ্যিসহিষ্ণু জাত। কলার মোটা ছাড়া ফল হয়। বীজবিহীন কলা। কলার ওজন ৮০-১২০ গ্রাম।
১১৯	বাউ কচু-১ (পঞ্চমুখী কচু)	২০২১	৪০-৫০	উচ্চফলনশীল। গালে ধরে না। রোগবাহ্যি কম; পাহাড় ও সমতল ভূমিতে জন্মানোর উপযোগী। যত্ন কম লাগে।
১২০	বাউ কচু-২ (পইডনাল কচু)	২০২১	৩৫-৫০	উচ্চফলনশীল, গাল ধরে না। সবজি হিসেবে খুবই সুস্বাদু। পাতা ও করম খাওয়া যায়। রোগবাহ্যি কম।
১২১	বাউ গুলকচু-১	২০২১	৪০-৬০	উচ্চফলনশীল, গাল ধরে না। অমৌসুমে সবজি সরবরাহ হয়। পাতাও সবজি হিসেবে খাওয়া যায়। লবণ মাটিতে জন্মায়।
১২২	বাউ মানকচু-১	২০২১	২৫-৩৫	উচ্চফলনশীল, গাল চুলকায় না। লবণাক্ততা সহ্য করতে পারে। পাহাড়ি, লবণাক্ত ও সমতলভূমিতে চাষযোগ্য।

২০২১-২২ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক ছাড়কৃত নোটিফাইড ফসলের ইনব্রিড জাতের তালিকা									
বিস্তারিত জানতে : www.sca.gov.bd									
ক্রঃ নং	ফসলের নাম	জাতের নাম	প্রতিষ্ঠানের নাম	উৎপাদন মৌসুম	গড় জীবনকাল	গড় ফলন (মে. টন/হে.)	বিশেষ বৈশিষ্ট্য	জাতের সনাক্তকারী বৈশিষ্ট্য	ছাড়করণের তারিখ
১.	ধান	ব্রি ধান১০১ (BR8938-19-4-3-1-1-P2-HR3)	ব্রি	বোরো	১৪২	৭.৭২	ব্যাকটেরিয়া জনিত পোড়া/ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট রোগ প্রতিরোধী	১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.১ গ্রাম শ্রোটিনের পরিমাণ ৯.৮%; অ্যামাইলোজ ২৫.০%;	NSB ১০৬তম সভা ১৮/০১/২২
২.	ধান	ব্রি ধান১০২ (IR99285-1-1-1-P2)	ব্রি	বোরো	১৫০	৮.১১	জাতটি জিংক সমৃদ্ধ, জিংকের পরিমাণ ২৫.৫ মি.গ্রাম/কেজি	১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৭ গ্রাম শ্রোটিনের পরিমাণ ৭.৫%; অ্যামাইলোজ ২৮.০%;	NSB ১০৬তম সভা ১৮/০১/২২
৩.	ধান	বিনা ধান২৫ RM(2)-40(C)-4-2-8	বিনা	বোরো	১৪৫	৭.৬৪	চাল অতি লম্বা ও সর্ক, ভাত সাদা, বারবারে ও সুশ্বাদু; ধানের গড় দৈর্ঘ্য ১০.৭মি.মি., চালের গড় দৈর্ঘ্য ৭.২৬	১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৯.৭ গ্রাম শ্রোটিনের পরিমাণ ৬.৬%; অ্যামাইলোজ ২৫.১%;	NSB ১০৬তম সভা ১৮/০১/২২
৪.	ধান	ব্র্যাক ধান২ (BARDC-326-7-14-7-6-OP)	ব্র্যাক	বোরো	১৩৯	৭.৩৬	দানা চিকন, সুগন্ধযুক্ত; আগাম জাত; ধানের দৈর্ঘ্য ৯.৪১, চালের দৈর্ঘ্য ৬.৬৩	১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৬.২ গ্রাম শ্রোটিনের পরিমাণ ৮.৯৬; অ্যামাইলোজ	NSB ১০৬তম সভা ১৮/০১/২২
৫.	আখ	বিএসআরআই আখ৪৮	বিএসআর-আই		৩৩১	১২০.৬৯	বিস্ম শতকরা ২১.৫৯ ভাগ, গুড় উৎপাদনের জন্য ভালো একটি জাত; মিষ্টতার পরিমাণ প্রচলিত	প্রতিটি আঁখের ওজন ১.৪৯ কেজি	NSB ১০৫তম সভা ১৭/০৬/২২ খ্রি:
২০২১-২২ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধিত হাইব্রিড ধানের জাতের তালিকা									
বিস্তারিত জানতে : www.sca.gov.bd									
ক্রঃ নং	জাতের নাম	উৎস	উদ্ভাবনকারী/ আমদানিকারক	নিবন্ধনের অঞ্চল	মৌসুম	জীবনকাল (দিন)	গড় ফলন (মে. টন/হে.)	সভা নং ও নিবন্ধনের তারিখ	
১.	ব্যাগরো হাইব্রিড ধান২ Projapoti (KPHB02)	ভারত	ব্যাগরো কোম্পানি লিমিটেড	চট্টগ্রাম, খুলনা ও রংপুর	বোরো	১৪৫	৭.৭	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
২.	লালতীর হাইব্রিড ধান৩ (LTHR2)	বাংলাদেশ	লালতীর সিড লি.	চট্টগ্রাম, খুলনা ও রংপুর	বোরো	১৪২	৭.৮	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
৩.	ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj)	চীন	ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট লি.	চট্টগ্রাম, খুলনা ও রংপুর	বোরো	১৪২	৮.২	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
৪.	সুপ্রিম হাইব্রিড ধান১২ Hira27, RRX-336	ভারত	সুপ্রীম সীড কোম্পানি লি.	সারাদেশ	বোরো	১৪৫	৮.১	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
৫.	পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer27P37)	ভারত	পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রি লিমিটেড	সারাদেশ	বোরো	১৫০	৮.২	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
৬.	তিনপাতা হাইব্রিড ধান৪ (BP669)	চীন	তিনপাতা কোয়ালিটি সীডস বাংলাদেশ লি.	খুলনা, রংপুর ও বরিশাল	আমন	১১৮	৫.৭৩	১০৬তম সভা ১৮/০১/২২ খ্রি:	
তথ্য সূত্র : বীজ প্রত্যয়ন এজেন্সি-২০২২									

বঙ্গবন্ধু ও কৃষি

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার গর্বিত নাগরিক আমরা। ৩০ লাখ শহীদের বিনিময়ে প্রাপ্ত এ বাংলাদেশকে সোনালি ফসলে ভরপুর দেখতে চেয়েছিলেন বঙ্গবন্ধু। সে কারণেই স্বাধীনতার পর তিনি ডাক দিয়েছেন সবুজ বিপ্লবের। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তার স্বপ্নের সোনার বাংলায় তিনি দেখতে চেয়েছিলেন দেশের কৃষি ও কৃষকের সর্বাঙ্গীণ উন্নয়ন এবং স্বনির্ভরতা। বঙ্গবন্ধুর সে স্বপ্ন বাস্তবায়নের পুরো দায়িত্ব এখন আমাদের সবার। ১৯৭৩ সালে ১৩ ফেব্রুয়ারি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহে বঙ্গবন্ধু বিশেষ ভাষণে বলেন, গ্রামের দিকে নজর দিতে হবে। কেননা গ্রামই সব উন্নয়নের মূল কেন্দ্র। গ্রামের উন্নয়ন আর অর্থনৈতিক সমৃদ্ধি যখন বেগবান হবে তখন গোটা বাংলাদেশ এগিয়ে যাবে সম্মুখপানে।

সামগ্রিক কৃষি উন্নয়নে বঙ্গবন্ধুর বৃহৎ পরিকল্পনা সম্পর্কে বঙ্গবন্ধু বলেছেন, সবার আগে দরকার আমাদের পূর্ণাঙ্গ জরিপ। জরিপ ছাড়া কোনো পরিকল্পনাই সফল হবে না। সেজন্য সব কাজ করার আগে আমাদের সূচী জরিপ করতে হবে। জরিপের ওপর ভিত্তি করে আমাদের সার্বিক পরিকল্পনা করতে হবে। আমাদের আর্থসামাজিক কারণে দেশে দিন দিন জমির বিভাজন বেড়ে চলছে। যদি সমন্বিত কৃষি খামার গড়ে তোলা না যায় তাহলে আমাদের কৃষি উন্নয়ন ব্যাহত হবে, আমরা আমাদের কৃষিকৃত উৎপাদন নিশ্চিত করতে পারব না। আমরা অনেক পিছিয়ে পড়ব। কোঅপারেটিভ সোসাইটির মাধ্যমে এগোতে পারলে আমাদের কৃষির উৎপাদন এবং সার্বিক উন্নয়ন দুইটিই মাত্রা পাবে। অধিক শস্য উৎপাদনের জন্য আমাদের সবার সমন্বিত কৃষি ব্যবস্থার প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। মাঠের ফসল, গবাদিপশু, মাছ, পরিবেশ সব কিছুই মধ্য সূচী সমন্বয় করতে হবে। তা না হলে আমরা কৃষিকৃতভাবে এগোতে পারব না। মানুষকে অধিক মাত্রায় শিক্ষিত করে তুলতে হবে। বিশেষ করে কৃষি শিক্ষা, কৃষি অভিজ্ঞতা আর জ্ঞানে সংশ্লিষ্ট সবাইকে শিক্ষিত করতে হবে। তখন এমনিতেই আমাদের উন্নয়ন বেগবান হবে। বঙ্গবন্ধু বলেন, গ্রামের কৃষক অনেক অভিজ্ঞ, অনেক দক্ষ। তাদের সঙ্গে শেয়ার করে সমন্বয় করে আধুনিক কৃষিতে এগোতে হবে। তবেই আমরা আমাদের কৃষিকৃত সফলতা পাব অনায়াসে।

তিনি কৃষিবিদদের উদ্দেশ্যে বলেছেন, আপনারা যারা কৃষি শিক্ষায় শিক্ষিত হচ্ছেন আপনাদের গ্রামে গিয়ে কৃষকের সঙ্গে মিশে যেতে হবে, মনোযোগ দিতে হবে তাদের চাহিদা আর কর্মের ওপর, তবেই তারা সাহসী হবে, আত্মবিশ্বাসী হবে, উন্নতি করবে। ফলবে সোনার ফসল ক্ষেত ভরে। আপনারা এখন শহরমুখো হওয়ার কথা ভুলে যান। গ্রাম উন্নত হলে দেশ উন্নত হবে, তখন আপনারা আপনা-আপনি উন্নত হয়ে যাবেন। গ্রামভিত্তিক বাংলার উন্নতি মানে দেশের উন্নতি, আর আপনাদের উন্নতি তখন সময়ের ব্যাপার। শহরের ভদ্রলোকদের দিকে তাকিয়ে আপনাদের চিন্তা বা আফসোস করার কোনো কারণ নেই। কেননা গ্রামীণ অর্থনীতির উন্নয়নের দিকে আমাদের সবার বাঁপিয়ে পড়তে হবে। কৃষক বাঁচাতে হবে, উৎপাদন বাড়াতে হবে তা না হলে বাংলাদেশ বাঁচতে পারবে না।

প্রাতিষ্ঠানিক কৃষি উন্নয়ন তথা কৃষি এবং কৃষকের কথা ভেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর বাংলাদেশের জনগণের ক্ষুধা ও দারিদ্র্য মুক্তির লক্ষ্যে কৃষি উন্নয়নের বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেন। কৃষির দূরদর্শিতাকে অসামান্য পর্যায়ে নিয়ে গিয়েছেন। এ কারণেই তিনি কৃষিভিত্তিক প্রতিষ্ঠান স্থাপন, পুনর্সংস্কার, উন্নয়ন এবং ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, উদ্যান উন্নয়ন বোর্ড, তুলা উন্নয়ন বোর্ড, বীজ প্রত্যয়ন এজেন্সি, ইক্ষু গবেষণা প্রতিষ্ঠান, মৎস্য উন্নয়ন কর্পোরেশনসহ অনেক নতুন প্রতিষ্ঠান সৃষ্টি করেন। কৃষিবিষয়ক বিদ্যমান বিভিন্ন প্রতিষ্ঠানগুলোর কাঠামো ও কার্যক্রমের আমূল পরিবর্তন ও সংস্কারের মাধ্যমে এবং প্রযুক্তি চর্চায় মেধা আকর্ষণের যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। কৃষিশিক্ষা, মানসম্মত বীজ উৎপাদন এবং বিতরণ, সূচী সার ও সেচ ব্যবস্থাপনা, কৃষিতে ভর্তুকি, বালাই ব্যবস্থাপনা, সমন্বিত ফসল ব্যবস্থাপনা, খামারভিত্তিক ফসল ব্যবস্থাপনা, সমন্বিত চাষাবাদ, ভেঙে যাওয়া অর্থনীতি পুনর্গঠন, মিস্কভিটা পুনর্গঠন, সার, সেচ, বীজবিষয়ক কার্যক্রম এসবের ওপর সর্বাঙ্গিক জোর দিয়েছেন। বিশেষ করে রাসায়নিক সারের কথা তিনি বলেছেন। তিনি বলেছেন, আমাদের যে সার কারখানাগুলো আছে এগুলো নিশ্চিত উৎপাদনমুখী করতে হবে বেশি করে। প্রয়োজনে আরও নতুন নতুন সারের কারখানা প্রতিষ্ঠা করতে হবে কৃষি বিপ্লব বাস্তবায়নের জন্য।

প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৭৩-১৯৭৮) কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছিল, এ খাতে শতকরা ৩১ ভাগ অর্থ ব্যয় করে তার সুফলও পাওয়া গিয়েছিল। কৃষিতে প্রবৃদ্ধি অর্জিত হয়েছিল ৩.৭ শতাংশ। কিন্তু দুঃখজনক বাস্তবতা হলো বঙ্গবন্ধুকে হত্যা করার পর ২য় ও ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কৃষি খাতে বিনিয়োগ কমানোর ফলেই ২য় ও ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রবৃদ্ধি অর্জনের হার কমে আসে যথাক্রমে ১.৭ ও ০.৮৬ শতাংশে। অনুরূপভাবে পল্লী উন্নয়নেও প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রায় ৬০ শতাংশ বাজেট বরাদ্দ করেছিলেন। পাটের ন্যূনতম মূল্য নির্ধারণ করে কৃষকের আর্থিক মেরুদণ্ড শক্ত করেছিলেন, সমন্বয় ঋণ চালু করেছিলেন, ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করেছিলেন, অষ্টম শ্রেণি পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করেছিলেন, প্রায় ১০ লক্ষাধিক ঋণগ্রস্ত কৃষকের সার্টিফিকেট মামলা সুদসহ মাফ করেছিলেন, আমরা জানি কৃষিক্ষেত্রে বঙ্গবন্ধুর আর একটি গুরুত্বপূর্ণ অবদান হলো কৃষি পেশাকে মর্যাদা প্রদান। আর তারই অংশ হিসেবে তিনি কৃষি গ্রাজুয়েটদের প্রথম শ্রেণিতে উন্নীত করেছিলেন (১৯৭৩ সালে)। তার এ যুগান্তকারী পদক্ষেপে দেশের মেধাবী সন্তানরা আত্মবিশ্বাসী হয়ে কৃষি পেশায়। আর তারই ফলশ্রুতিতে দেশ আজ কৃষি গবেষণা, কৃষি সম্প্রসারণ ও কৃষি শিক্ষায় এনেছে এক বৈপ্লবিক পরিবর্তন। জনসংখ্যা ২ গুণ বৃদ্ধি পেলেও খাদ্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে প্রায় ৪ গুণ।

বঙ্গবন্ধু কৃষকদের মধ্যে সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে কৃষি ব্যাংক প্রতিষ্ঠা করেছিলেন। ভূমিহীন কৃষকের মাঝে খাসজমি বিতরণেরও ব্যবস্থা করেছিলেন। গরিব কৃষকের অবস্থা বিবেচনা করে ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা মাফ করেছিলেন। উপকূলীয় এলাকায় বাঁধ দিয়ে কৃষকের প্রায় ১৮ লাখ একর জমির

ফসল রক্ষার ব্যবস্থা করেছিলেন।

মূলত বাংলাদেশে সবুজ বিপ্লবের সূচনা করে তিনি যে সাফল্য পেয়েছিলেন তা পৃথিবীর ইতিহাসে বিরল। আর তারই ফলে দেশ আজ খাদ্যে স্বনির্ভর। তার অনেক কৃষকর্মের মধ্যে কিছু নমুনা এখানে উল্লেখ করা প্রয়োজন। বঙ্গবন্ধু ১৯৭৩ সালে প্রায় ২২ লাখ কৃষককে পুনর্বাসন করেছিলেন। তাঁর সময়েই স্থাপিত হয়েছিল বিভিন্ন ধরনের লো-লিফট পাম্প, গভীর নলকূপ এবং অগভীর নলকূপ। তখন ফিলিপাইন থেকে আনা উচ্চফলনশীল ধানের বীজ (আইআর-৮) এবং উচ্চফলনশীল গমের বীজ কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছিল।

বাংলাদেশ তার শত প্রতিবন্ধকতা সত্ত্বেও উন্নয়নের ক্ষেত্রে আজ বিশ্বের দরবারে একটি মডেল। খাদ্য ঘাটতির দেশ আজ খাদ্য রফতানির দেশে পরিণত হয়েছে। মানব উন্নয়নের সব সূচক, মা ও শিশু মৃত্যুর হার কমানো, গড় আয় বৃদ্ধি, মাথাপিছু আয় বৃদ্ধি, উন্নতমানের খাদ্য গ্রহণসহ অনেক ক্ষেত্রেই বাংলাদেশ আজ বিশ্বের একটি উদাহরণ। কৃষি ক্ষেত্রে আজকের অর্জিত সাফল্যের ফলেই এসব কিছু সম্ভব হয়েছে। আর এসবের মূলে রয়েছে এ দেশের স্বাধীনতা। এ স্বাধীনতা অর্জনের মহানায়ক ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

কৃষি তথ্য বিস্তারে কৃষি তথ্য সার্ভিস

সংস্থা পরিচিতি

কৃষি তথ্য সার্ভিস (এআইএস) কৃষি মন্ত্রণালয়ধীন একটি সংস্থা। কৃষি তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সাহায্যে তৃণমূল পর্যায়ে কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়াই সংস্থার মূল লক্ষ্য। এটি ১৯৬১ সালে কৃষি তথ্য সংস্থা হিসেবে আত্মপ্রকাশের পর ১৯৮০ সালে কৃষি তথ্য সার্ভিসে পরিণত হয়। সদর দপ্তর ও দেশব্যাপী ১১টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কৃষি তথ্য সেবা প্রদান করা হয়ে থাকে।

কৃষি তথ্য সার্ভিস কৃষি মন্ত্রণালয়ের পক্ষে মিডিয়া ফোকাল পয়েন্ট হিসেবে কৃষি উন্নয়নমূলক প্রচার-প্রচারণার কাজটি করে থাকে। কৃষি মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ধীন বিভিন্ন সংস্থার চাহিদানুযায়ী মুদ্রণ সামগ্রী প্রকাশ, ভিডিও সামগ্রী নির্মাণ ও প্রচারের দায়িত্ব পালন করে আসছে।

ভিশন

আধুনিক কৃষি তথ্য সেবা সহজলভ্যকরণ।

মিশন

প্রিন্ট, ইলেকট্রনিক ও আইসিটি গণমাধ্যমের সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

কৃষি তথ্যের বিস্তার মাধ্যম

কৃষি তথ্য সার্ভিস মূলত গবেষণা প্রতিষ্ঠান, সম্প্রসারণ বিভাগ, বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন নলেজ সেন্টার থেকে প্রাপ্ত কৃষি তথ্য ও প্রযুক্তি কৃষকের গ্রহণযোগ্য করে প্রিন্ট, ইলেকট্রনিক ও আইসিটি মাধ্যমে কৃষি তথ্য বিস্তার করে থাকে।

প্রিন্ট মিডিয়া কার্যক্রম

কৃষিকথা : বাংলাদেশের সবচেয়ে ঐতিহ্যবাহী প্রাচীন ফার্ম ম্যাগাজিন মাসিক কৃষিকথা প্রকাশ এবং নামমাত্র মূল্যে বিতরণ করা হয়। বর্তমান কৃষিকথার গ্রাহক সংখ্যা ৬৫ হাজারেরও বেশি। আর এর পাঠকের সংখ্যা ১৫ লাখেরও বেশি। জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০২২ পর্যন্ত ঐতিহ্যবাহী মাসিক ‘কৃষিকথা’ পত্রিকার প্রায় ৭৩.৩৩ লাখ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

সম্প্রসারণ বার্তা : মাসিক বিভাগীয় নিউজ বুলেটিন চার রঙে প্রকাশ ও বিতরণ করা হয়। কৃষি উন্নয়ন, সমৃদ্ধি, সফলতা, বিভিন্ন ইভেন্টসের হালনাগাদ খবর নিয়ে সম্প্রসারণ বার্তা নিয়মিত প্রকাশিত হয়। জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০২২ পর্যন্ত মাসিক সম্প্রসারণ বার্তার ১.৭৭ লাখ কপি প্রকাশ ও বিতরণ করা হয়েছে।

অন্যান্য প্রকাশনা : কৃষক ও কৃষিকর্মী এবং আগ্রহীদের চলমান চাহিদামাফিক সময়ে প্রযুক্তিনির্ভর বই, বুকলেট, পোস্টার, লিফলেট, ফোল্ডার, স্টিকার, ম্যাগাজিন, ব্যানার, ফেস্টুন মুদ্রণসহ বিনামূল্যে বিতরণের মাধ্যমে প্রযুক্তি বিস্তারে বিশেষ ভূমিকা পালন করে। আলোচ্য সময়ে কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন লিফলেট, পোস্টার, বুকলেট ইত্যাদির প্রায় ৬২.৭৬ লাখ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

ইলেকট্রনিক মিডিয়া কার্যক্রম

বাংলাদেশ টেলিভিশন : কৃষি তথ্য সার্ভিসের সার্বিক তত্ত্বাবধান এবং সহায়তায় বাংলাদেশ টেলিভিশনে মাটি ও মানুষ অনুষ্ঠান সপ্তাহে ৫ দিন সম্প্রচারিত হচ্ছে। এছাড়া ২০১৪ সাল থেকে বিটিভিতে প্রতিদিনের কৃষিবিষয়ক অনুষ্ঠান বাংলার কৃষি প্রতিদিন সকাল ৭টা ২৫ মিনিটে প্রচারিত হচ্ছে। ওই সময়ে বাংলাদেশ টেলিভিশনে ‘মাটি ও মানুষ’ অনুষ্ঠানের ৩৬৭৬টি পর্ব এবং ‘বাংলার কৃষি’ অনুষ্ঠানের প্রায় ৩১৫০টি পর্ব সম্প্রচারের যাবতীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ বেতার : বাংলাদেশ বেতারের জাতীয় ও আঞ্চলিক কৃষিবিষয়ক অনুষ্ঠান নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদান। প্রতিদিন জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে বেতার কেন্দ্র থেকে দৈনিক প্রায় সাড়ে ১৪ ঘণ্টা অনুষ্ঠান সম্প্রচারিত হচ্ছে।

কমিউনিটি রেডিও : 'আমার রেডিও আমার কথা বলে' এ প্রোগ্রামকে ধারণ করে বরগুনা জেলার আমতলীতে অবস্থিত কমিউনিটি রেডিওর মাধ্যমে কৃষি রেডিও এফএম ৯৮.৮ নামে বরগুনা ও পটুয়াখালী জেলার ১২টি উপজেলায় গ্রামীণ কল্যাণ ও চাহিদাভিত্তিক কৃষিসহ অন্যান্য অনুষ্ঠান দৈনিক ৮ ঘণ্টা সম্প্রচার করা হয়ে থাকে।

কৃষি ভিডিও চিত্র : কৃষি তথ্য সার্ভিস সর্বাধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করে কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন ভিডিও, ডকুমেন্টারি, ফিল্ম, ফিলার, নাটক, টকশো নির্মাণ এবং গণমাধ্যমে সম্প্রচার করা হয়ে থাকে। এ ভিডিওগুলো গ্রামীণ পর্যায়ে মোবাইল সিনেমা ভ্যানের মাধ্যমে প্রদর্শন করা হয়ে থাকে। আলোচ্য সময়ে কৃষি প্রযুক্তিনির্ভর ৬১টি ভিডিও ফিল্ম, ১৩৯টি ফিলার নির্মাণ ও সম্প্রচার করা হয়েছে। এ সময়ে ১০২৯০টি ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে তৃণমূল পর্যায়ে আধুনিক কৃষি তথ্য প্রযুক্তি সম্প্রচারের কাজ করা হয়েছে।

আইসিটি ও ইনোভেশন কার্যক্রম

কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) : কৃষি তথ্য সার্ভিসই প্রথম গ্রাম পর্যায়ে ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র স্থাপনের মাধ্যমে আইসিটি ব্যবহার করে গ্রামের তৃণমূল পর্যায়ে কৃষি তথ্য বিস্তারের কার্যক্রম শুরু করেছে। এসব কেন্দ্রে ল্যাপটপ, স্মার্টফোন, ইন্টারনেট মডেম, মাল্টিমিডিয়া সামগ্রী ইত্যাদি প্রদান করে ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কৃষি কল সেন্টার : সরাসরি কৃষি বিশেষজ্ঞদের (কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ) সাথে কথা বলে তাৎক্ষণিকভাবে কৃষিবিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান দিতে ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়েছে কৃষি কল সেন্টার-১৬১২৩। দেশের যে কোনো প্রান্ত থেকে যে কোনো মোবাইল থেকে মাত্র ২৫ পয়সা/মিনিট হারে কল করতে পারেন ১৬১২৩ নম্বরে। জুন ২০১৪ থেকে ২০২২ জুন পর্যন্ত সময়ে প্রায় ২.২৫ লাখ কৃষিজীবীদের তথ্যসেবা প্রদান করা হয়েছে।

ই-বুক : মাল্টিমিডিয়া ই-বুক হলো কোনো বিষয়ে টেক্সট কন্টেন্টের সাথে অডিও, ভিডিও, অ্যানিমেশন এসবের সমন্বয়ে শ্রেণীত ইন্টারেক্টিভ ডিজিটাল বই। এগুলো সিডি আকারে সবকয়টি এআইসিসিতে বিতরণ করা হয়েছে। ২০০৯ থেকে বর্তমান পর্যন্ত বিভিন্ন ফসল ও প্রযুক্তিনির্ভর ১০৯টি মাল্টিমিডিয়া ই-বুক তৈরি করা হয়েছে।

এআইএসটিউব : এটি কৃষি তথ্য প্রযুক্তিবিষয়ক তথ্য ভাণ্ডারের একটি ডিজিটাল ওয়েব পোর্টাল। এই আর্কাইভে কৃষিবিষয়ক আধুনিক তথ্য চিত্র আকারে উপস্থাপিত রয়েছে। এখান থেকে উপকারভোগীরা সহজেই তাদের প্রয়োজনীয় তথ্য জেনে নিতে পারবে।

ওয়েবসাইট, মোবাইল অ্যাপস ও অন্যান্য উদ্যোগ : কৃষির বিভিন্ন তথ্যপ্রযুক্তি সংবলিত একটি সুবিশাল ওয়েবপোর্টাল www.ais.gov.bd নির্মাণ ও নিয়মিত হালনাগাদ করা হয়ে থাকে। এছাড়াও কৃষিকথা ও কৃষি তথ্য সার্ভিস নামে দুটি মোবাইল অ্যাপস নির্মাণ করা হয়েছে। পাশাপাশি দশটি কৃষি অঞ্চলে দশটি আধুনিক আইসিটি ল্যাব ও সহজেই তথ্য গ্রহণের জন্য ১১টি কিয়ফ তৈরি করা হয়েছে।

অন্যান্য কার্যক্রম

প্রশিক্ষণ কার্যক্রম : কৃষি তথ্য সার্ভিস মিডিয়াভিত্তিক বিভিন্ন আঙ্গিকে বিভিন্ন শিরোনামে কৃষক, কৃষিকর্মী, কৃষিবিদ, সার্ভিস প্রোভাইডার ও স্টেক হোল্ডারদের আধুনিক প্রযুক্তির ওপর প্রশিক্ষণ বাস্তবায়ন করছে। এতে দক্ষ মিডিয়া কর্মী ও আইসিটিবান্ধব কর্মী তৈরি হচ্ছে যারা কৃষির আধুনিক লাগসই তথ্যপ্রযুক্তিকে বাস্তবায়ন করে কৃষি উন্নয়নকে ত্বরান্বিত করছে। ২০০৯ থেকে জুন ২০২২ পর্যন্ত ১৯৩৯৫ জনকে ই-কৃষি, গণমাধ্যমে কৃষি, কৃষি প্রযুক্তি ইত্যাদি শিরোনামে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

অন্যান্য অনুষ্ঠান আয়োজন : জাতীয় ও আন্তর্জাতিক কৃষিভিত্তিক বিভিন্ন দিবস উপলক্ষে সেমিনার, মেলা, র্যালি ইত্যাদির আয়োজন করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের পক্ষে কৃষি তথ্য সার্ভিস কৃষির সার্বিক প্রচার প্রচারণা করে থাকে।

কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র : 'কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র' কৃষি তথ্য সার্ভিস কর্তৃক পরিচালিত কৃষি বিষয়ক তথ্য প্রদানের একটি ওয়ান স্টপ সেবা কেন্দ্র। সব শ্রেণির কৃষি তথ্য সেবা প্রত্যাশীগণ এ কেন্দ্র হতে কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার টেলিফোন নম্বর, ওয়েব ও ই-মেইল এড্রেস তাত্ক্ষণিকভাবে ব্যবহার করে দেশব্যাপী সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারবেন। কৃষি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাবলি প্রাপ্তির ক্ষেত্রে এ কেন্দ্রটি হতে বিভিন্ন দপ্তর/সংস্থার সঙ্গে বিনামূল্যে ফোন কলসহ বিভিন্ন ধরনের প্রকাশনাগুলো সংগ্রহ করার সুযোগ রয়েছে।

একনজরে কৃষি তথ্য সার্ভিসের অর্জন (২০২১ থেকে জুন ২০২২)

কৃষি তথ্য সার্ভিস কৃষি অগ্রযাত্রার গৌরবোজ্জ্বল অংশীদার। সাফল্যের স্বীকৃতি হিসেবে কৃষি তথ্য সার্ভিস অর্জনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদক (স্বর্ণপদক), জাতীয় ডিজিটাল উদ্ভাবনী পদকসহ নানা স্বীকৃতি। বর্তমান সরকারের কৃষি উন্নয়নের অব্যাহত ধারায় এআইএস কৃষি তথ্য বিস্তারে অগ্রণী ভূমিকা পালন করে টেকসই কৃষি উন্নয়নের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় বদ্ধপরিকর।

মূল কার্যক্রম/বিষয়	২০২১	২০২২
১. প্রিন্ট মিডিয়ায় অর্জন		
১.১ কৃষিকথা (লাখ কপি)	৯.০১	৭.০৬
১.২ সম্প্রসারণ বার্তা (হাজার কপি)	১৮	১৮
১.৩ পোস্টার/বুকলেট/লিফলেট/ফোল্ডার (লাখ কপি)	৪.১৮	৫.৭৩
২. ইলেকট্রনিক মিডিয়ায় অর্জন		
২.১ ফিল্ম/ফিলার/ডকুমেন্টারি (সংখ্যা)	৩৩	১৯
২.২ ভ্রাম্যমাণ সিনেমা শো (সংখ্যা)	১১৫৫	৬৭০
২.৩ মাটি ও মানুষ (পর্ব)	৩৪১	৩৪২
২.৪ বাংলার কৃষি (পর্ব)	৩৬৫	৩৬৫
৩. আইসিটিতে অর্জন		
৩.১ কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (সংখ্যা)	৪৯৯	৪৯৯
৩.২ কৃষি কল সেন্টার (সংখ্যা)	১	১
৩.৩ কমিউনিটি রেডিও (সংখ্যা)	১	১
৩.৪ ই-বুক (সংখ্যা)	০	০
৩.৫ কিয়স্ক (সংখ্যা)	০	০
৩.৬ আইসিটি ল্যাব (সংখ্যা)	১০	১০
৪. বিবিধ		
৪.১ প্রশিক্ষণ (জন)	১৭৩৫	১৮১২

সুস্থ-সবল জাতি চাই
নিরাপদ খাদ্যের বিকল্প নাই

কাজুবাদাম

কাজুবাদাম একটি নাট (Nut) বা বাদাম জাতীয় ফল। বৃক্ষ জাতীয় ফসলের আন্তর্জাতিক বাণিজ্যে কাজুবাদামের স্থান তৃতীয় এবং বাদাম জাতীয় ফসলে কাজুবাদাম প্রথম।

বীজ থেকে পাওয়া কাজুবাদাম সুস্বাদু, পুষ্টিকর এবং অর্থনৈতিকভাবে মূল্যবান। বাদামের ওপরের অংশের ফল থেকে জুস, ভিনিগার এবং অ্যালকোহল তৈরি হয় এবং খোলসের তেল শিল্প কাজে ব্যবহৃত হয়। আমাদের দেশের জলবায়ু কাজুবাদাম চাষে সহায়ক। বিশেষ করে পাহাড়ি অঞ্চলে ব্যাপকভাবে কাজুবাদাম চাষের উজ্জ্বল সম্ভাবনা রয়েছে। এখানে অল্প মূল্যে প্রচুর জমি পাওয়া যায় এবং কাজুবাদাম চাষের উপযুক্ত আবহাওয়াও রয়েছে। আরো একটু যত্নবান হলে অর্গানিক কাজুবাদাম উৎপাদন করা সম্ভব যা রপ্তানিযোগ্য।

খাদ্য মানের দিক দিয়ে কাজুবাদাম পুষ্টিকর। এ বাদামে শতকরা ২১ ভাগ আমিষ, ৪৭ ভাগ লেহু, ২২ ভাগ শর্করা, ২.৪ ভাগ খনিজ পদার্থ, ০.৪৫ ভাগ ফসফরাস, ০.৫৫ ভাগ ক্যালসিয়াম এবং প্রতি ১০০ গ্রাম বাদামে ৫ মিলিগ্রাম লোহা ৭৩০ মি.গ্রা. ভিটামিন বি-১, ১১০ মিলিগ্রাম রাইবোফ্লোবিন রয়েছে। এছাড়া শর্করা, আমিষ, লেহু, খনিজ পদার্থ, ভিটামিনসহ অন্যান্য উপকারী অনেক ফাইটো ক্যামিক্যালস রয়েছে যা স্বাস্থ্যের জন্য উপকারী।

সাধারণ কৃষকগণ কাজুবাদাম প্রক্রিয়াজাত করতে না পারলেও শুধু বাদাম বিক্রি করে টন প্রতি ১,০০,০০০/- থেকে ১,২০,০০০/- টাকা পেতে পারেন। তবে এর বাজার বেশ পরিবর্তনশীল। পাহাড়ি অঞ্চলে কাজুবাদামের উন্নয়ন সম্ভাবনা আছে। পাহাড়ি এলাকায় কাজুবাদাম স্বল্প পরিচর্যা ফলন দিয়ে থাকে। এক হেক্টর থেকে ১.৫ থেকে ১.৮ টন কাজুবাদাম পাওয়া সম্ভব। কাজ চাষের উন্নয়ন করতে হলে কৃষককে প্রশিক্ষণের মাধ্যমে আরো আধুনিক জ্ঞানের অধিকারী করতে হবে।

বাংলাদেশে জৈব কৃষিনীতি অনুমোদন করেছে। অন্যান্য ফল ফসলের মতো কাজুবাদাম উৎপাদনে জৈব কৃষিনীতি পালন করে ফসল উৎপাদন করা প্রয়োজন। আন্তর্জাতিক বাজারে কাজুবাদামের চাহিদা দিন দিন বাড়ছে। আমাদের দেশে প্রায় ৭০০ মেট্রিক টন কাজুবাদাম উৎপন্ন হলেও প্রক্রিয়াজাত করার অভাবে খোসাসহ বাদাম বিদেশে রপ্তানি করতে হয়। কিন্তু আমাদের প্রয়োজনে আমরা বেশি দামে কাজুবাদাম আমদানি করে থাকি। সে কারণে দেশের চাহিদা মেটানো এবং বৈদেশিক মুদ্রা অর্জনে কাজুবাদাম চাষে ভবিষ্যৎ পরিকল্পনা করা দরকার। বিশেষ করে আধুনিক মেশিনের সাহায্যে কাজুবাদাম প্রক্রিয়াজাত করা হলে কাজুবাদামের বাণিজ্যিক মূল্য বৃদ্ধি পাবে। তখন আমাদের প্রয়োজন মিটিয়ে আমরাই আকর্ষণীয় মূল্যে কাজুবাদাম বিদেশে রপ্তানি করতে পারব। এতে দেশ যেমন বৈদেশিক মুদ্রা অর্জন করবে, কর্মসংস্থানেরও উন্নতি হবে। কাজুবাদাম প্রক্রিয়াজাত ফ্যাক্টরি স্থাপনসহ অন্যান্য ব্যাকওয়ার্ড ও ফরোওয়ার্ড লিংকেজ স্থাপন ভীষণ প্রয়োজন। এ ব্যাপারে কৃষি মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় যৌথভাবে কাজ করে যাচ্ছে।

ভাসমান চাষাবাদ

তিন ভাগ জল আর এক ভাগ স্থলভিত্তিক বাংলার বেশিরভাগ বাস্তুবতা দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পানি আর পানি অথই পানি। বছরের ৬-৭ মাস পানিবন্দি থাকে পুরো এলাকা। নিজেদের বাঁচার তাগিদে তারা উদ্ভাবন করেছে নতুন এক পদ্ধতি। ভাসমান এ পদ্ধতিকে তারা স্থানীয় ভাষায় বলে ধাপ পদ্ধতি। অনাদিকাল থেকে শুরু এ ভাসমান চাষাবাদ। কেউ জানে না কখন থেকে শুরু এর পথচলা। সারা বছর নিচু জমিতে জোয়ার ভাটার কারণে জমিতে পানি থাকার কারণে তারা চাষাবাদ করতে পারত না। ভাসমান কচুরিপানা পানিতে ভেসে থাকত প্রায় বছরব্যাপী। এটি ছিল বহুমাত্রিক অসুবিধার কারণ। পরে এ কচুরিপানাকে তারা ধাপে ধাপে কাজে লাগানোর পরিকল্পনা করে। তারপর সেসব ধাপের ওপর টোপাপানা দিয়ে তারা তৈরি করে ভাসমান বীজতলা। এভাবে ভাসমান ধাপের ওপরে বিভিন্ন রকম সবজির দৌলা দিয়ে সাজাত নান্দনিক ভাসমান বীজতলা। সেসব ভাসমান বীজতলার চারাগুলোর কোনোটা পৈঁপে, লাউ, শিম, বরবটি আবার অন্যগুলো টমেটো, বেগুন, করলা চারা এসব। সবজি চাষের পাশাপাশি মসলা এবং বর্তমানে ভাসমান বেড়ে গো-খাদ্য হিসেবে ঘাস চাষ হচ্ছে। এত দিন তারা ভাসমান বীজতলায় কোনো রাসায়নিক সার ব্যবহার করত না। তবে বর্তমানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরামর্শে স্বল্প পরিমাণ ইউরিয়া সার ব্যবহার করেন। আগে যেখানে সবজির চারাগুলো শক্ত সবল হওয়ায় ফলন বেশি পাচ্ছিল।

এমন সৃজনশীল ভাসমান চাষাবাদের উদাহরণ দেশের দক্ষিণাঞ্চলের নাজিরপুরের সুখারবোড় গ্রাম। সেখানে মহিলারা দুলালি লতা দিয়ে মেডা তৈরি করছে। স্থানীয় ভাষায় এ মেডা হচ্ছে টোপাপানা দিয়ে গোলাকার বস্তু। যাতে দুলালি লতা দিয়ে শক্ত করে বেঁধে দেয়া হয়। যার মধ্যে একটা বাঁশের কাঠির সাহায্যে ২টি গজানো বিভিন্ন ধরনের সবজি বীজ চুকিয়ে দেয়া হয়। দিনে একজন মহিলা প্রায় ১ থেকে দেড় হাজারটি দৌলা তৈরি করতে পারেন। এসব দৌলা উঁচু কোনো জায়গায় কিছু দিন রেখে ২ পাতার চারা হলে তাকে ভাসমান বেড বা ধাপে স্থানান্তর করা হয়।

আর এ ভাসমান বেড বা ধাপ তৈরিতে কচুরিপানা সংগ্রহ করে প্রায় ১৫০ ফুট বেড তৈরি করা হয়। তারপর কমপক্ষে ২০-৩০ ইঞ্চি উঁচু করার জন্য কচুরিপানার স্তর একের পর এক সাজানো হয়। এরপর দেয়া হয় প্রথমে টোপাপানা তারপর দুলালি লতা। মোটামুটি ২০ ইঞ্চি পরিমাণ উঁচু হলে তার ওপর দৌলাগুলো সুন্দরভাবে লাইনে সাজানো হয়। তারপর ধাপের নিচ থেকে টেনে এনে নরম কচুরিপানাগুলো দৌলার গোড়ায় দিয়ে দেয়া হয়।

চারাগুলোর বেড়ে ওঠার জন্য নিয়মিত পরিচর্যা যেমন-প্রতিদিন ধাপে হালকা করে পানি সেচ দেয়া। আর অল্প পরিমাণ ইউরিয়া সার ছিটানো। যাতে করে চারার গোড়া শুকিয়ে না যায়, সজীব থাকে। এভাবে মাসাধিক কাল যত্ন শেষে বিক্রির জন্য তৈরি হয়। মহাজন, ফড়িয়া এবং ক্রেতার নৌকায় এখানে আসেন এবং কিনে নিয়ে যান। তখন ১৫০ ফুট লম্বা ভাসমান ধাপের চারা বিক্রি হয় ৭ থেকে ৮ হাজার টাকায়। ভাসমান বেড তৈরি ও চারা বসাতে সব খরচ মিলিয়ে প্রায় ৩ হাজার টাকার মতো প্রয়োজন হয়। এক মাস পরে চাষির ঘরে আসে প্রায় ৪ হাজার টাকা। জোয়ার ভাটায় নিত্য বহমান গ্রামীণ এ জনপদে এ আয় অনেক বেশি আশার আলো। কেননা এটি না করলে তারা বছরের এ ৬-৭ মাস শুধুই বেকার বসে থাকত। কিন্তু শ্রম বিনিয়োগে সামান্য আয়ের একটা সুন্দর পথ তো উন্মুক্ত হলো তাদের জন্য।

জরিপ ও অভিজ্ঞতা বলে এরকম আরও হাজার লাখ হেক্টর জমিকে খুব সহজেই ভাসমান চাষের আওতায় আনা সম্ভব। শুধু কি তাই, বিশাল বাংলার যেখানে অব্যবহৃত জলরাশির সীমানা ২-৩ মাস খালি পড়ে থাকে সেখানে পরিবেশবান্ধব ভাসমান সবজির বীজতলা পদ্ধতি অনুসরণ করা যায় অনায়াসে। তখন অতিরিক্ত সমৃদ্ধির গতিতে এগোবে বাংলার কৃষি এবং অবশ্যই বাংলাদেশ। প্রতিকূল পরিবেশে এ দেশের কৃষকের ব্যতিক্রমী ও সৃজনশীল উদ্ভাবনী উদ্যোগই আমাদের ভবিষ্যতের আলোকবর্তিকা।

কফি চাষ পদ্ধতি

সারাবিশ্বে কফি হচ্ছে একটি জনপ্রিয় পানীয়। বিশ্বে প্রতিদিন প্রায় ১১০ কোটি কাপ কফি পান করা হয় যার মূল্য ৫,৫০০ কোটি টাকা। চা বাংলাদেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করলেও আমরা এখনো পর্যন্ত কফি চাষে পিছিয়ে রয়েছি। যদিও বর্তমানে এ দেশের পার্বত্য অঞ্চলের তিনটি জেলা বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি এবং টাংগাইল, রংপুর, ও নীলফামারীতে কফি খুব স্বল্প পরিসরে উৎপাদিত হচ্ছে। বর্তমান কৃষিবান্ধব সরকার বাণিজ্যিক কৃষির জন্য উদ্বুদ্ধ করার চেষ্টা করছেন। কফি একটি অর্থকরী ফসল বিধায় এটি চাষ করে দেশের অর্থনৈতিক উন্নয়ন যেমন হবে তেমনি এটি বহুমাত্রিক পুষ্টি উৎপাদন সমৃদ্ধ বলে জনগণের পুষ্টি চাহিদাও পূরণ করবে। উল্লেখ্য কফি হতে পারে বাংলাদেশের পাহাড়ি মানুষের বিকল্প আয়ের উৎস। কফি চাষের সাথে আন্তঃফসল হিসেবে পেঁপে, আনারস, গোলমরিচ অনায়াসে চাষ করা যায়। কফি হালকা ছায়ায় ভালো হয় এবং অতিরিক্ত সার ও সেচের তেমন প্রয়োজন হয় না, যা পরিবেশের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। রৌদ্রোজ্জ্বল স্থানে চাষ করলে সার ও সেচের প্রয়োজন হয়। স্থানীয় চাহিদা অনেক বেশি ও রপ্তানির সুযোগ রয়েছে বলে এটির উৎপাদন বৃদ্ধিতে সরকার বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছেন।

বাংলাদেশের চাষ উপযোগী আবহাওয়া ও জলবায়ু : বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু কফি চাষের অনুকূল। রোবাস্টা জাতের কফি বাংলাদেশের আবহাওয়ায় খুব উপযোগী। এটি সাধারণত সমুদ্রপৃষ্ঠ থেকে ৫০০-১০০০ মিটার উচ্চতায় এবং ১০০০-২০০০ মিলিমিটার বৃষ্টিতে ভালো ফলে, সেজন্য বাংলাদেশের পাহাড়ি এলাকা যেমন-পার্বত্য অঞ্চল ও টাংগাইলের মধুপুর গড়ের আবহাওয়ায় এটির সম্প্রসারণ সম্ভব। রংপুর এলাকার মাটি ও আবহাওয়া কফি চাষের জন্য যথেষ্ট উপযোগী।

মাটি : কফি চাষের জন্য উপযোগী মাটি হলো গভীর, ঝরঝরে, জৈব পদার্থ ও হিউমাসসমৃদ্ধ হালকা অম্ল মাটি (পিএইচ ৪.৫-৬.৫)।

কফির জাত : পৃথিবীতে ৬০ প্রজাতির কফি থাকলেও বাণিজ্যিকভাবে চাষাবাদযোগ্য দুইরকমের কফি রয়েছে যেমন-*Coffea arabica* and *Coffea canephora (Robusta)*. *Arabica* জাতগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে sln.9 (Rust resistant), s.795 (জনপ্রিয় জাত), Sln.12. এবং Robusta জাত হচ্ছে S.724. ভিয়েতনামি জাত- Chu se, Di Linh.

চারা রোপণ : কফির বীজ ও কলম থেকে চারা তৈরী করা হয়। প্রথমে পরিপক্ব, পুষ্ট, বালাইমুক্ত বীজ সংগ্রহ করে ফলের খোসা ছাড়িয়ে পরিষ্কার পানিতে ধুয়ে ফল থেকে বীজ আলাদা করা হয়। ভালভাবে বীজ শুকিয়ে শুকনো কাঠের গুঁড়া বা ছাইয়ের সাথে মিশিয়ে ছায়াতে ছড়িয়ে রাখা হয়। ৪-৫ দিন পর বীজ আলাদা করে বীজতলায় বীজ বপন করা হয়। বীজ বপনের ৩০-৪৫ দিনের মধ্যে বীজ গজিয়ে চারা হয়। ফেব্রুয়ারি- মার্চ মাসে পলিব্যাগে চারা স্থানান্তর করা হয়। মে- জুন মাসে মূল জমিতে গর্ত করে চারা রোপণ করা উত্তম। গর্তে জৈবসার এবং সামান্য পরিমাণ রাসায়নিক সার প্রয়োগ করা ভালো। চারা ৩×৩ মিটার দূরত্বে রোপণ করলে হেক্টরে ১১২৫-১১৫০টি চারা প্রয়োজন হয়।

ছায়া প্রদানকারী গাছ : কফি গাছ উচ্চতাপমাত্রা এবং তীব্র সূর্যালোক সহ্য করতে পারে না। রোবাস্টা জাত কিছুটা সহনশীল হলেও কফি বাগানের ছায়া প্রদানকারী গাছ রোপণ করা প্রয়োজন। কফি ক্ষেতের মাঝে মাঝে মান্দার, কড়াই, কাঁঠাল, ডুমুর, সুপারি, পেঁপে প্রভৃতি ছায়া প্রদানকারী গাছ হিসেবে রোপণ করা যেতে পারে। সুপারি গাছে বাড়তি হিসেবে গোলমরিচ আবাদ করা যায়।

সার প্রয়োগ : সার প্রয়োগ জাত, গাছের বয়স, মাটির গুণাগুণ, জলবায়ু আবহাওয়া প্রভৃতির উপর নির্ভরশীল। এরাবিকা জাতের চেয়ে রোবাস্টা জাতে সার কম লাগে। বছরে ৪ বার গাছের গোড়ায় সার প্রয়োগ করলে ভালো ফলাফল পাওয়া যায়। মার্চ (ফুল ফোটার আগে), মে (ফুল ফোটার পর), আগস্ট এবং অক্টোবর মাসে ১ বছরের গাছপ্রতি প্রতিবার ২০ গ্রাম ইউরিয়া, ১৫ গ্রাম টিএসপি, ২০ গ্রাম পটাশসার প্রয়োগ করা প্রয়োজন। ৪র্থ বছরের গাছের গোড়ায় ৩৫ গ্রাম ইউরিয়া, ২৫ গ্রাম টিএসপি, ২৫ গ্রাম পটাশ প্রয়োজন। ৫ বছর ও তদূর্ধ্ব গাছে ৪৫ গ্রাম ইউরিয়া, ৩০ গ্রাম টিএসপি এবং ৩০ গ্রাম পটাশ প্রয়োজন। গাছের গোড়া থেকে নির্দিষ্ট দূরত্বে নালা করে সার প্রয়োগ ও সেচ দিয়ে গাছের গোড়ায় মালচিং দিতে হবে। তাছাড়া গাছ প্রতি ৫-৬ কেজি জৈবসার প্রয়োগ করলে ভালো ফলন হবে। আবার গাছের বাড়-বাড়তি কমে গেলে এবং ফুল ও ফল ধরার সময় ১০ লিটার পানিতে ২৫ গ্রাম ইউরিয়া, ২০ গ্রাম টিএসপি, এবং ১৮ গ্রাম পটাশ মিশিয়ে গাছের পাতায় স্প্রে করতে হবে।

পরিচর্যা : প্রথম ২-৩ বছর বাগান আগাছামুক্ত রাখা। গাছের গোড়ায় মালচিংসহ দুই সারির মাঝে সীম জাতীয় ফসল চাষ করলে মাটিতে নাইট্রোজেন সার যুক্ত হবে। এপ্রিল-মে মাসে প্রয়োজনে সেচ দেয়ার ব্যবস্থা নিতে হবে। মরা চারার স্থলে নতুন চারা প্রতিস্থাপন করতে হবে।

ডালপালা ছাঁটাই : গাছের সঠিক কাঠামো দেওয়াসহ ফল ধারণক্ষমতা বৃদ্ধির জন্য ডালপালা ছাঁটাই জরুরি। একক পদ্ধতিতে ছাঁটাই করার ক্ষেত্রে মাটি থেকে ১-১.৫০ মি. উঁচুতে কাণ্ডের শীর্ষ কুড়ি কেটে দিতে হবে। এতে ফলধারণ শাখার সংখ্যা বৃদ্ধি পেয়ে গাছ ঝোপালো হবে।

বালাই দমন : কফি গাছে পোকামাকড় ও রোগবালাইয়ের আক্রমণ সাধারণত কম হয়। পোকার ক্ষেত্রে মিলিবাগ, গ্রীনবাগ, সাদা কাণ্ড ছিদ্রকারী পোকা উল্লেখযোগ্য। ম্যালাথিয়ন/কার্বারিল/সাইপারমেথ্রিন জাতীয় কীটনাশক প্রয়োগ করে পোকা সহজেই দমন করা যায়। কফির উল্লেখযোগ্য রোগ হলো পাতার রাস্ট। তাছাড়া কালো পঁচা, মূল পচা, বাদামি বলসানো রোগ অনেক সময় দেখা যায়। ০.৫% বর্দো মিক্সার স্প্রে করে এসব রোগ দমন করা যায়।

ফল সংগ্রহ : চারা রোপণের ২-৩ বছর পর থেকে কফি সংগ্রহ করা যায়। এরাবিকা জাতে ফুল ফোটার ৮-৯ মাস এবং রোবাস্টা জাতে ১০-১১ মাস পর ফল সংগ্রহের উপযুক্ত সময়। পরিপক্ব লাল বর্ণের ফল হাত দিয়ে তোলা হয়। সাধারণত ১০-১৫ দিন পরপর ৪-৬ কিস্তিতে বছরে ২ বার ফল সংগ্রহ করা যায়। একটি গাছ থেকে বছরে ১ কেজি ফল পাওয়া যায়। হেক্টরপ্রতি ফলন ৭৫০-১০০০ কেজি।

ভুট্টা ফসলে ফল আর্মিওয়ার্ম পোকার ক্ষতির প্রকৃতি ও দমন ব্যবস্থাপনা

ফল আর্মিওয়ার্ম লেপিডোপটেরাবর্গের একটি পোকা যার বৈজ্ঞানিক নাম *Spodoptera frugiperda J.E Smith*। এটি ভুট্টা, ধান, সরগাম, আখ, তুলা ও সবজিজাতীয় ফসলসহ ৮০টিরও বেশি ফসলে আক্রমণ করে। তবে ভুট্টাতেই এর প্রাদুর্ভাব বেশি। এটি প্রধানত উত্তর ও দক্ষিণ আমেরিকার পোকা। কিন্তু বর্তমানে এর বিস্তৃতি বিশ্বব্যাপী লক্ষ্য করা যাচ্ছে। ২০১৬ সালে আফ্রিকা মহাদেশে, ২০১৮ সালে বাংলাদেশসহ ভারতীয় উপমহাদেশ এবং চীনসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে এটি ছড়িয়ে পড়ে।

ফল আর্মিওয়ার্ম পোকার লার্ভার শরীরের অষ্টম খন্ডাংশের ওপরের দিকে চারটি সুস্পষ্ট কালো ফোটা বিদ্যমান। যা বর্গাকৃতি আকারে সজ্জিত থাকে। লার্ভার সম্মুখভাগে সাদা উল্টা 'Y' এর মতোচিহ্ন থাকে। ফল আর্মিওয়ার্ম পোকার পুরুষ এবং স্ত্রী মথের বাহ্যিক অবয়বে সুস্পষ্ট পার্থক্য বিদ্যমান। পুরুষ এবং স্ত্রী উভয় মথের পেছনের পাখা সিলভারি সাদা রঙের। তবে পুরুষ মথের সামনের পাখায় সাদা দাগ থাকে। কিন্তু স্ত্রী মথের পাখায় কোনো সাদা দাগ থাকে

না।

ফল আর্মিওয়ার্ম পোকাকার পূর্ণাঙ্গ মথ অনেক দূর পর্যন্ত উড়ে যেতে পারে। সে কারণে এদের প্রাদুর্ভাব দ্রুত এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে ছড়িয়ে পড়ে। এমনি, এক রাতে এরা ১০০ কিমি. পর্যন্ত উড়তে সক্ষম। পুত্রলি থেকে পূর্ণাঙ্গ মথ হওয়ার পর ডিম পাড়ার পূর্বেই ৪৮০ কিমি. পর্যন্ত স্থানান্তরিত হয়। এরা সাধারণত দলবদ্ধভাবে একফসল থেকে অন্য ফসলে আক্রমণ করে। এ পোকাকার কীড়া ভুট্টা গাছের কচিপাতা ও কচি মোচার ভেতরের ভুট্টার দানা খেয়ে থাকে। ডিম থেকে কীড়া বের হওয়ার পরপরই দলবদ্ধভাবে কচি পাতার সবুজ অংশ কুঁড়ে কুঁড়ে খেয়ে ছোট ছোট গোলাকার জালিকার ছিদ্র করে, যাকে Windowpan বলে। পরবর্তীতে কীড়া বড় হওয়ার সাথে সাথে ভুট্টা গাছের ডগার ভেতর ঢুকে পড়ে ও ডগার ভেতরের কচিপাতা খেয়ে (Infested whorl) গাছের বৃদ্ধি ব্যাহত করে। মোচা ধরা পর্যায়ে আক্রমণ করলে ভুট্টার কচি মোচা ছিদ্র করে ভেতরে প্রবেশ করে এবং ভুট্টার দানা খেয়ে ফেলে, ফলে ফলন কমে যায়। আক্রান্ত গাছে ভেজা লাল-বাদামি রঙের পোকাকার মল দেখা যায়।

কীড়ার ৪র্থ থেকে ৬ষ্ঠ ধাপ (Instar) অবস্থায় খাদ্য চাহিদা অত্যন্ত বেড়ে যায় এবং এক রাতের মধ্যে পুরো ফসল বিনষ্ট করতে পারে। সমন্বিত বালাই ব্যবস্থাপনাই ফল আর্মিওয়ার্ম দমনের জন্য কার্যকর পদ্ধতি। এজন্য ভুট্টা বীজ কীটনাশক দিয়ে শোধন করে জমিতে বপন করতে হবে। প্রতি কেজি ভুট্টা বীজের সাথে ২.৫ মিলি ফরটেনজা এবং ৪ মিলি পানি পলিব্যাগে একসাথে প্রায় ১ মিনিট ভালোভাবে ঝাঁকাতে হবে যাতে বীজের গায়ে প্রলেপ পড়ে। এর পর আধঘণ্টা ছায়ায় শুষ্ক স্থানে শুকিয়ে ওই দিনই জমিতে বীজ বপন করতে হবে। ভুট্টার সাথে আন্তঃফসল হিসেবে যথাসম্ভব শিম (Legume) জাতীয় ফসল চাষাবাদ করতে হবে। একই জমিতে বারবার ভুট্টা চাষ পরিহার করতে হবে। ভুট্টার চারা গজানোর সাথে সাথে খাওয়ার লক্ষণ বা মল দেখে পোকাকার আক্রমণ চিহ্নিত করতে হবে এবং আক্রমণের মাত্রা নির্ণয় করতে হবে। ফেরোমন ফাঁদ (প্রতি একর জমিতে ৩-৪টি) ব্যবহার করেও ফল আর্মিওয়ার্ম পোকাকার উপস্থিতি পর্যবেক্ষণ করা সম্ভব। সম্ভব হলে আক্রান্ত গাছ হতে ডিম বা সদ্য প্রস্ফুটিত দলবদ্ধ কীড়া চিহ্নিত করে মেরে ফেলতে হবে কিংবা মাটির এক ফুট গভীরে পুঁতে ফেলতে হবে। আক্রান্ত ফসলে জৈব বালাইনাশক যেমন এসএফএনপিভি (স্পোডোপটেরা মুজিপারডা নিউক্লিয়ার পলিহেড্রোসিস ভাইরাস) বা এসএনপিভি (স্পোডোপটেরা নিউক্লিয়ার পলিহেড্রোসিস ভাইরাস) প্রতিলিটার পানিতে ০.২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করতে হবে। এভাবে ৭ দিন পর পর ২-৩ বার গাছ ভিজিয়ে স্প্রে করতে হবে। ট্রাইকোথ্রামা এবং ব্রাকন নামক উপকারী পোকা ভুট্টা ফসলে অবমুক্ত করা যেতে পারে। আক্রান্ত ফসলে সেচ দেয়ার সময় যথা সম্ভব পানি সেচ দিতে হবে। আক্রমণের মাত্রা শতকরা ২০ ভাগ বা তার অধিক হলে রাসায়নিক কীটনাশক যেমন স্পিনোসাড (ট্রেসার ৪৫ এসসি প্রতি লিটার পানিতে ০.৪ মিলি বা সাকসেস ২.৫% এসসি প্রতিলিটার পানিতে ১.৩ মিলি হারে) বা এমামেকটিন বেনজোয়েট (প্রোক্রেম ৫ এসজি প্রতিলিটার পানিতে ১ গ্রাম হারে) বা ক্লোরেনট্রানিলিপ্রোল (কোরাজেন ১৮.৫% এসসি প্রতিলিটার পানিতে ০.৫ মিলি হারে) বা ফুবেন ডায়ামাইড (বেল্ট ২৪ ডব্লিউজি প্রতিলিটার পানিতে ১ গ্রাম হারে) আক্রান্ত ভুট্টা ফসলে সুরক্ষা সরঞ্জাম পরিহিত অবস্থায় স্প্রে করতে হবে।

নিরাপদ খাদ্য

মানুষের জীবনে মৌলিক চাহিদাগুলোর অন্যতম প্রধান উপাদান খাদ্য। সে খাবার যেমন পুষ্টিকর হতে হয় তেমনি হতে হয় নিরাপদ। শিশুর জন্মলগ্ন থেকেই খাবারের প্রয়োজনীয়তা শুরু হয়। কারণ নিরাপদ ও পুষ্টিসমৃদ্ধ খাবারই পারে মানব সমাজকে বৃদ্ধিসম্পন্ন জাতিতে পরিণত করতে। সুস্থ সবল জাতি গঠনের পূর্বশর্ত খাদ্য নিরাপত্তা ও সুস্বাদু পুষ্টি নিশ্চিত করে নিরাপদ খাদ্য প্রাপ্তি। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে মানুষের জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় ভেজাল ও দূষণমুক্ত নিরাপদ খাদ্য প্রাপ্তির সাংবিধানিক অধিকার নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রী যুগান্তকারী নিরাপদ খাদ্য আইন, ২০১৩ সূচনা করেছেন। ১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে কার্যকর এ আইনের অধীন সরকার ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে ‘বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। শুধু তাই নয়, বিগত দশ বছরের ক্রমবর্ধমান উন্নয়নের ধারাকে অব্যাহত রেখে বাংলাদেশকে একটি শিক্ষিত ও মেধাসম্পন্ন জাতি উপহার দেয়ার লক্ষ্যে বর্তমান সরকার নির্বাচনী বিশেষ অঙ্গীকার ‘পুষ্টিসমৃদ্ধ ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা’ কে বিশেষ গুরুত্ব প্রদান করেছে। সে প্রেক্ষিতে দেশের খাদ্য শৃঙ্খলের বিভিন্ন ধাপে বিশেষ করে খাদ্য উৎপাদন হতে খাবার টেবিল পর্যন্ত নিরাপদ খাবার প্রাপ্তি জরুরি। এক্ষেত্রে নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিপণন ও বিক্রয় সংশ্লিষ্ট প্রত্যেক পর্যায়ে সমস্যাগুলি এবং চ্যালেঞ্জগুলো চিহ্নিত করে উত্তরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। ইচ্ছাকৃত এবং অনিচ্ছাকৃতভাবে খাদ্য শৃঙ্খলে যুক্ত হতে পারে নানা বিপত্তি। খাদ্য হতে পারে অনিরাপদ। অনিচ্ছাকৃত বিপত্তির মধ্যে আছে বালাইনাশক, আগাছানাশক, পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যের অযাচিত ব্যবহার। আর ইচ্ছাকৃত বিপত্তিতে রয়েছে বিভিন্ন ধরনের অননুমোদিত খাদ্য সংযোজন দ্রব্য যেমন-খাদ্য সংরক্ষণকারী রাসায়নিক দ্রব্য, রঞ্জকদ্রব্য, সুগন্ধিদ্রব্য ইত্যাদি। খাদ্য বিপত্তি প্রাকৃতিকভাবেও আসতে পারে যেমন, এলার্জি সৃষ্টিকারী বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী খাদ্যদ্রব্য, বায়োটক্সিন এবং হিস্টামিন যা বিভিন্ন ধরনের উদ্ভিদ, প্রাণী ও অণুজীব থেকে আসতে পারে। ভৌত বিপত্তির মধ্যে ভাঙা কাঁচ, ভাঙা লোহার টুকরা, প্লাস্টিকের টুকরা ইত্যাদি খাদ্য শৃঙ্খলের যে কোনো পর্যায়ে আসতে পারে। বিভিন্ন বিপত্তি থেকে খাদ্যকে রক্ষা করে জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার কোনো বিকল্প নেই। আমাদের সচেতনতাই পারবে অনিরাপদ খাদ্য গ্রহণ পরিহার করে নিরাপদ খাদ্য গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে। সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০৪১ সালে উন্নত দেশ হিসেবে বাংলাদেশ আত্মপ্রকাশ করবে। আর সে সময় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা হবে নিরাপদ ও পুষ্টিসমৃদ্ধ খাবারসমৃদ্ধ বিশ্বের বৃক্ক মাথা উঁচু করা স্বপ্নীল সবুজ বাংলাদেশ। আমাদের সবার প্রাণের বাংলাদেশ।

উন্নত ও খাটো (গুপি) জাতের নারিকেল চাষ পদ্ধতি

নারিকেল বাংলাদেশের অন্যতম এক বৃক্ষ যার প্রতিটি অংশ জনজীবনে কোনো না কোনোভাবে কাজে আসে। এ গাছের পাতা, ফুল, ফল, কাণ্ড, শিকড় সব কিছুই বিভিন্ন ছোট-বড় শিল্পের কাঁচামাল, হরেক রকম মুখরোচক খাবার তৈরির উপকরণ, সুস্বাদু পানীয় ও রোগীর পথ্য হিসেবে ব্যবহার হয়ে থাকে। এটি পৃথিবীর অপূর্ব গাছ, তথা ‘স্বর্গীয় গাছ’ হিসাবে সবার কাছে সমাদৃত ও সুপরিচিত।

আমাদের দেশে নারিকেলের যেসব জাতের প্রচলন আছে সেগুলো মূলত লম্বা জাতের, ফলন তুলনামূলকভাবে কম, ফল প্রাপ্তির সংখ্যা গড়ে বছরে সর্বোচ্চ ৩০-৪০টা। দক্ষিণাঞ্চলের জেলাগুলো আগে থেকেই লম্বা জাতের নারিকেল চাষের প্রচলন আছে। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে এগুলোর ঝড়ো হাওয়া সহনশীলতা কম। পক্ষান্তরে খাটো আধুনিক জাতগুলো অল্প সময়ে ফল দেয়া আরম্ভ করে, ফলদান ক্ষমতা অনেক বেশি এবং ঝড়ে ভেঙে পড়ে না।

নারিকেল গাছের লবণাক্ততাসহিষ্ণু গুণ খুব বেশি। বর্তমান সরকার দক্ষিণাঞ্চলের উপকূলীয় জেলাগুলোর পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়নে যথেষ্ট গুরুত্ব আরোপ করছে। এসব এলাকায় নারিকেল চাষের জন্য অতি অনুকূল অবস্থা বিরাজ করছে। এ বিবেচনায় ভিয়েতনাম থেকে খাটো ও উন্নত জাতের নারিকেল চারা এনে দেশের দক্ষিণ অঞ্চলে ব্যাপক সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

জাত : ভিয়েতনাম থেকে সংগৃহীত খাটো জাত দুইটি হলো-

ক. সিয়াম খ্রিন কোকোনাট (Dua Xiem Xanh) : ডাব হিসাবে ব্যবহারের জন্য এ জাতটি অতি জনপ্রিয়। এ জাতের ফলের রঙ সবুজ, আকার কিছুটা ছোট, প্রতিটির ওজন ১.২-১.৫ কেজি। ডাবের পানির পরিমাণ ২৫০-৩০০ মিলি। গাছপ্রতি বছরে ফল ধরে গড়ে ১৫০টি।

খ. সিয়াম লু কোকোনাট (Dua Xiem Luc) : এটিও অতি জনপ্রিয় জাত, এটা ২০০৫ সালে উদ্ভাবন করা হয়। এটা কৃষকের খুব পছন্দের জাত। চারা রোপণের আড়াই থেকে তিন বছরের মধ্যেই ফল ধরে, ফলের রঙ গাঢ় সবুজ, ওজন ১.২-১.৫ কেজি, ডাবের পানির পরিমাণ ২৫০-৩০০ মিলি। ডাবের পানি অতি মিষ্টি এবং শেলফ লাইফ বেশি হওয়ার কারণে এ জাতের ডাব বিদেশে রপ্তানি করা যায়। গাছপ্রতি বছরে ফল ধরে গড়ে ১৫০টি। এ জাতের চারা লাগানোর দুই আড়াই বছরের মধ্যেই ফুল ফোটা আরম্ভ হয়, দেশি লম্বা জাতের মতো ফুল হতে ৭-৮ বছর সময় লাগে না।

মাটি : প্রায় সব ধরনের মাটি নারিকেল চাষের জন্য উপযোগী। তবে অতি শক্ত, কাঁকর শিলাময় মাটি হলে প্রায় দেড় মিটার চওড়া ও দেড় মিটার গভীর করে গর্ত তৈরি করে গর্তটি জৈব পদার্থ সমৃদ্ধ উপরিভাগের মাটি ও সার দিয়ে ভরাট করে গাছ লাগালে গাছ সুন্দর ভাবে বেড়ে উঠবে।

রোপণ সময় : শুকনা মৌসুমে সেচের সুবিধা থাকলে অথবা বসতবাড়িতে সারা বছরই রোপণ করা যাবে।

রোপণ দূরত্ব : বসতবাড়িতে স্বল্প সংখ্যক গাছ লাগানো হলে ৫ মিটার দূরত্বই যথেষ্ট। বাগান আকারে ৬ মিটার দূরত্বে রোপণ করা যাবে। ১মি. x ১মি. মাপের গর্ত তৈরি করা প্রয়োজন। এঁটেল মাটির ক্ষেত্রে গর্তের গভীরতা ঠিক রেখে চওড়ায় ২০-৩০ সেন্টিমিটার বেশি বাড়তে হবে। গর্ত তৈরি করে ৪-৫ দিন রোদে রাখার পর জৈব ও রাসায়নিক সার মিশ্রিত উপরিভাগের মাটি দিয়ে ভরাট করে কয়েক বালতি পানি দিয়ে রেখে দেয়ার ২-৩ সপ্তাহ বাদে এ মাদায় চারা রোপণ করা যাবে। গর্তের তলায় বা নিচের স্তরে ১০-১৫ সেন্টিমিটার চওড়া করে নারিকেলের ছোবড়া দিয়ে ভরাট করা হলে তা বাতাস চলাচল ও শিকড় ছড়ানোর জন্য সহায়ক হবে।

গর্তে সার প্রয়োগ : পচা গোবর বা আবর্জনা পচা সার ২০-১৫ কেজি, কেঁচো সার ২ কেজি, হাড়ের গুঁড়া ১ কেজি, নিমের খৈল ৫০০ গ্রাম, টিএসপি ৩০০ গ্রাম, এমওপি ৩৫০ গ্রাম, জিঙ্ক সালফেট ১০০ গ্রাম, বোরন/বোরিক এসিড ২০০ গ্রাম, ফুরাডান/বাসুডিন ৫০ গ্রাম এবং ম্যানকোজেব দলীয় ছত্রাকনাশক ১০ গ্রাম।

চারা রোপণ : চারা রোপণের জন্য ২৫ সেন্টিমিটার চওড়া ও ৫০ সেন্টিমিটার গভীর গর্ত করে নিয়ে তাতে চারা লাগাতে হবে। এ সময় খেয়াল রাখতে হবে যেন ক. চারাটি জমি হতে ২০-২৫ সেন্টিমিটার নিচে বসানো হয়, খ. গোড়ার অংশ কিছুটা উন্মুক্ত থাকবে বা গোড়ার নারিকেলের অংশবিশেষ কিছুটা দেখা যাবে। নিচু করে লাগানোর কারণে বাইরে থেকে অতিরিক্ত বৃষ্টির পানি থেকে রক্ষার জন্য ৪০১-৫০ সেন্টিমিটার দূরে ১০-১৫ সেন্টিমিটার উঁচু করে চারদিকে বাঁধ দিতে হবে। পুকুরের ধার বা পাহাড়ের ঢালে চারা লাগানোর ক্ষেত্রে আরও ১০ সেন্টিমিটার নিচে লাগাতে হবে।

সার প্রয়োগ ও সেচ প্রদান : চারা রোপণের প্রতি ৩ মাস পর পর নিম্নলিখিত হারে সার প্রয়োগ করতে হয়। চারার গোড়া থেকে ২০ সেন্টিমিটার দূরত্বে ২০ সেন্টিমিটার চওড়া ও ১০ সেন্টিমিটার গভীর নালায় সারগুলো প্রয়োগ করতে হবে। পরের প্রতিবার চারার গোড়া থেকে আগের বারের চেয়ে ৫-৭ সেন্টিমিটার আরও দূরে সার প্রয়োগ করতে হবে। সার প্রয়োগের পর ১৫-২০ লিটার পানি দিয়ে গাছের গোড়া ভেজাতে হবে।

বি. দ্র. ম্যাগনেসিয়াম সালফেট ও বোরন সার ৬ মাসের ব্যবধানে বছরে দুইবার প্রয়োগযোগ্য

পরিচর্যা : নারিকেল বাগান বিশেষ করে গাছের গোড়ার চারধার সব সময় আগাছামুক্ত রাখতে হবে। প্রথম ২ বছর গাছের গোড়া থেকে ৬০-৭০ সেন্টিমিটার দূরে বৃত্তাকারে চারদিকের অংশে কচুরিপানা শুকিয়ে ছোট করে কেটে ৮-১০ সেন্টিমিটার পুরু করে মালচিং দেয়ার ব্যবস্থা করতে হবে। পরে ক্রমান্বয়ে পরিধি বাড়িয়ে ২ মিটার দূর পর্যন্ত ফলন্ত গাছে নিয়মিত মালচিং এর ব্যবস্থা রাখতে হবে। এতে গাছের গোড়া ঠাণ্ডা থাকবে, আগাছা জন্মাবে না, মাটির রস সংরক্ষিত থাকবে এবং পরবর্তীতে এগুলো পচে জৈবসার হিসাবে কাজ করবে। তবে এভাবে মালচিং দেয়ার সময় খেয়াল রাখতে হবে যেন তা গাছের কাণ্ডকে স্পর্শ না করে, গাছের গোড়ার অংশ কমপক্ষে ৮-১০ সেন্টিমিটার ফাঁকা থাকবে।

রোগ ও পোকামাকড়ের পরিচর্যা

বাড রট/কুঁড়ি পচা : রোগের প্রাথমিক অবস্থায় প্রতি লিটার পানিতে ৪-৫ গ্রাম থ্রোপাকোনাভল ও ম্যানকোজেব এফপের রোগনাশক মিশিয়ে কুঁড়ির গোড়ায় স্প্রে করতে হবে ২১ দিন পরপর ২-৩ বার।

ফল পচা : প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে ম্যানকোজেব এফপের রোগনাশক মিশিয়ে আক্রান্ত ফলে ভালোভাবে স্প্রে করতে হবে।

পাতার ব্লাইট : পরিমিত সার প্রয়োগ করলে ও যথাসময়ে সেচ এবং নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করলে রোগের আক্রমণ কম হবে। আক্রমণ বেশি হলে থ্রোপাকোনাভল এফপের রোগনাশক ১৫ দিন পরপর ৩ বার স্প্রে করতে হবে।

গণ্ডার পোকা : আক্রান্ত গাছের ছিদ্র পথে লোহার শিক ঢুকিয়ে সহজেই পোকা বের করে মারা যায়। ছিদ্র পথে সিরিজ দিয়ে অরগানো ফসফরাস এফপের কীটনাশক প্রবেশ করিয়ে ছিদ্রের মুখ আঠালো মাটি দ্বারা বন্ধ করে দিলে পোকা মারা যায়।

নারিকেলের মাইট : উদ্ভিদজাত বালাইনাশক বাইকাও ২ মিলি/লি. পানি ব্যবহার করা। আক্রমণ বেশি হলে আক্রান্ত ফলসহ অন্যান্য অংশ পরিষ্কার করে অনুমোদিত মাকড়নাশক ব্যবহার করা। প্রতি লিটার পানিতে ২ গ্রাম থিওলিট বা ২ মিলি ওমাইট বা ২ মিলি ডেনিটল, বার্টিমেক ১.২৫ মিলি মিশিয়ে ১৫ দিন পরপর ২/৩ বার স্প্রে করা। নারিকেল গাছের গোড়া থেকে দূর দিয়ে গর্ত করে শিকড় বের করতে হবে। এরপর চারদিকের চারাটি শিকড় কর্তন করে সেই শিকড়ের মাথায় ছোট পলিথিনে ২ মিলি মাকড়নাশক ১ লিটার পানিতে মিশিয়ে বেঁধে দিতে হবে। এতে ডাবের গায়ের মাকড় বেরিয়ে আসবে বা মারা যাবে। এরপরে গাছে মাকড়নাশক স্প্রে করলে ভালো ফলাফল পাওয়া যায়।

কেঁচো কম্পোস্ট (ভার্মি কম্পোস্ট)

কেঁচো মানুষের একটি অন্যতম উপকারী প্রাকৃতিক ক্ষুদ্র প্রাণী। এ প্রাণী যে মাটি চাষাবাদের কাজে উপকারে আসে তা আমরা গুরুত্ব দিয়ে চিন্তা করিনি। প্রধানত কেঁচো ওপরের মাটি নিচে এবং নিচের মাটি ওপরে তুলে থাকে। এসব কাজের সঙ্গেই কেঁচোর সারও তৈরি হয়। কেঁচোর দ্বারা জৈবসার তৈরির জন্য এ সঙ্গে তরকারির খোসা, গরু, ছাগল ও হাঁস-মুরগির বিষ্ঠা ও নাড়িভুঁড়ি, পাতাসহ পচা আবর্জনারও প্রয়োজন হয়।

কেঁচো কম্পোস্ট তৈরি করতে হলে প্রথমে গর্ত তৈরি করতে হয়। এরপর এসব গর্তে ঘাস, আমের পাতা বা খামারের ফেলে দেয়া অংশ এসবের যে কোনো একটি ছোট ছোট করে কেটে এর প্রায় ২৫ কেজি হিসেবে নিতে হয়।

তবে আবর্জনা গর্তে ফেলার আগে গর্তে ও তলদেশসহ চারপাশে পলিথিন দিয়ে মুড়ি দিতে হবে। এতে করে গর্তে কেঁচো পিট থেকে বাইরে যেতে পারবে না।

কেঁচো কম্পোস্ট তৈরির জন্য প্রথমে পলিথিন বিছানোর পরে গর্তের নিচে ১৫ সেন্টিমিটার পুরু করে বেড বানাতে হবে। এ বেড তৈরির জন্য ভালো মাটি ও গোবর সমপরিমাণে মিশাতে হবে এবং এসব মিশানো গোবর ও মাটি কেঁচোর খাবার হিসেবে ব্যবহৃত হয়।

সাধারণত এসব কম্পোস্ট তৈরির কাজে দুই ধরনের কেঁচোর জাত রয়েছে। তাহলো এপিজিক ও এন্ডোজিক নামের। এপিজিক জাতগুলো দেখতে লাল রঙের এরা মাটির ওপরে সরবেই বিচরণ করে থাকে। এরা সাধারণত সার উৎপাদন করতে পারে না তবে এর মাটির ভেত ও জৈব গুণাবলির উন্নতি করে।

কেঁচো কম্পোস্ট তৈরির জন্য এসব গর্ত গোবর ও মাটি দিয়ে ভর্তি করার পর এতে প্রায় ২ হাজার কেঁচো প্রয়োগ করতে হয়। কেঁচো প্রয়োগের পর গর্তের উপরিভাগ পাটের ভিজানো চট দিয়ে ঢেকে দিতে হবে এবং সারের গুণগতমান বজায় রাখার জন্য গর্তে ও উপরিভাগে ছায়া প্রদানের ব্যবস্থা খুবই জরুরি।

অন্যান্য কম্পোস্ট তৈরির চেয়ে কেঁচো কম্পোস্ট তৈরি করতে সময় লাগে। এছাড়া গবেষণায় দেখা গেছে, একটি আদর্শ ভার্মি কম্পোস্ট ১.৫৭%, নাইট্রোজেন

ক্র. নং	আইটেম	১ম বছর	২য় বছর	৩য় বছর	৪র্থ বছর ও উর্ধ্ব
১.	পচা গোবর/আবর্জনা পচা সার (কেজি)	৪০	২৫	২৫	৩০
২.	ছাই (কেজি)	১০	১০	১০	১০
৩.	কেঁচো সার (কেজি)	২	৩	৪	৫
৪.	হাড়ের গুঁড়া/স্ট্রিকির গুঁড়া (কেজি)	২	২	২	২
৫.	ইউরিয়া (গ্রাম)	৬০০	১২০০	১৪০০	১৬০০
৬.	টিএসপি (গ্রাম)	৩০০	৪০০	৬০০	৮০০
৭.	এমওপি (গ্রাম)	৪০০	৬০০	১০০০	১৫০০
৮.	ম্যাগনেসিয়াম সালফেট (গ্রাম)	১০০	১৫০	১৫০	১৫০
৯.	বোরন (গ্রাম)	৫০	১০০	১০০	১০০

১.২৬%, ফসফরাস ২.৬০% পটাশ, ০.৭৪% সালফার, ০.৬৬% ম্যাগনেসিয়াম, ০.০৬% বোরন রয়েছে। সাধারণত পিঁপড়া, উইপোকা, তেলাপোকা, মুরগি, ইঁদুর পানি এসব কেঁচোর বড় শত্রু। এরা যেন কেঁচোর কাছে আসতে পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে।

কেঁচো কম্পোস্টের উপাদান : নাইট্রোজেন ১%, ফসফেট ১%, পটাশিয়াম ১%, জৈব কার্বন ১৮%, পানি ১৫-২৫%।

কুইক কম্পোস্ট : এটি স্বল্প সময়ে (১৫ দিনে) তৈরি ও ব্যবহার উপযোগী উচ্চ পুষ্টিমান সম্পন্ন জৈব সার।

* তৈরির উপাদান

- খেল ভালোভাবে গুঁড়া করে চালের কুঁড়া/কাঠের গুঁড়া ও ডিকম্পোজড গোবরের সঙ্গে উত্তমভাবে মিশাতে হবে।
- অনুপাত : খেল-১ ভাগ
চালের কুঁড়া/কাঠের গুঁড়া-২ ভাগ
গোবর বা হাঁস মুরগির বিষ্ঠা-৪ ভাগ

* প্রস্তুত প্রণালি

- ভাগ খেল ভালোভাবে গুঁড়া করে ২ ভাগ চালের কুঁড়া/কাঠের গুঁড়া এবং ৪ ভাগ ১-২ মাসের পচা গোবর বা ১ মাসের পচা হাঁস-মুরগির বিষ্ঠার সাথে ভালো করে মিশাতে হবে। পরিমিত পানি ছিটিয়ে মিশাতে হবে যাতে মিশ্রণ দিয়ে বল তৈরি করলে ভেঙে যাবে না, কিন্তু ১ মিটার ওপর থেকে ছেড়ে দিলে ভেঙে যাবে। মিশ্রিত উপাদানগুলো পরে স্তূপ করে রেখে দিতে হবে।
- মিশ্রিত পদার্থগুলো স্তূপ করে এমনভাবে রেখে দিতে হবে যাতে ভিতরে জলীয় বাষ্প আটকিয়ে পচনক্রিয়া সহজতর হয়। স্তূপটির পরিমাণ ৩০০-৪০০ কেজির মধ্যে হওয়ায় ভালো। স্তূপের সব উপাদান একবারে না মিশিয়ে ৩/৪ বারে মিশাতে হবে।
- শীতকালে স্তূপের ওপরে ও চারদিকে চটের বস্তা দিয়ে ঢেকে দিতে হবে। আর বর্ষাকালে বৃষ্টির জন্য পলিথিন ব্যবহার করতে হবে এবং বৃষ্টি থেমে

গেলে পলিথিন সরিয়ে ফেলতে হবে।

- ছুপ তৈরির ২৪ ঘণ্টা পর থেকে ছুপের তাপমাত্রা বাড়তে থাকে এবং ৪৮-৭২ ঘণ্টার মধ্যে ৬০-৭০ সে. তাপমাত্রায় পৌঁছায়। অর্থাৎ ছুপে তখন আঙুল ঢোকালে অসহনীয় তাপমাত্রা অনুভূত হবে (৬০-৭০ সে.)। যার ফলে সৃষ্ট তাপে মিশ্রিত পদার্থ নষ্ট হতে পারে। তাই ছুপ ভেঙে উলট-পালট করে ১ ঘণ্টা সময়ের জন্য মিশ্রণকে ঠাণ্ডা করে নিতে হবে এবং পুনরায় পূর্বের ন্যায় ছুপ করে রাখতে হবে।
- এভাবে ৪৮-৭২ ঘণ্টা পর পর ছুপ ভেঙে উলট-পালট করতে থাকলে ১৫ দিনের মধ্যে উক্ত দ্রুত জৈব সার জমিতে প্রয়োগের উপযোগী হবে। সার তৈরি হলে ইহা রুর রুরে শুকনা এবং কালো বাদামি বর্ণের হবে।
- জমির উর্বরতা ও ফসলভেদে প্রতি শতাংশে প্রায় ৬-১০ কেজি কুইক কম্পোস্ট সার ব্যবহার করতে হয়। ফসলের জমি তৈরির সময়ে প্রতি শতাংশে ৬ কেজি এবং কুশি পর্যায়ের সেচের পূর্বে ২ কেজি করে উপরি প্রয়োগ করা যেতে পারে।
- সবজি ফসলের ক্ষেত্রে জমি তৈরির সময়ে প্রতি শতাংশে ৪-৬ কেজি সার রিং বা নালা করে সবজি বেডে প্রয়োগ করতে হয়। সার প্রয়োগের পর সেচ দিতে হয়।

* পুষ্টিমান

কুইক কম্পোস্ট সারে সাধারণত নাইট্রোজেন-২.৫৬%, ফসফরাস-০.৯৮% ও পটাশিয়াম-০.৭৫% পাওয়া যায়। এছাড়াও ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও কিছু গৌণ খাদ্য উপাদান থাকে।

* ব্যবহারের উপকারিতা

কুইক কম্পোস্ট সার ব্যবহারের ফলে মাটিতে বাতাস চলাচল বৃদ্ধি পায়, অনুজীবের ক্রিয়া বাড়তে থাকে, ফসলের প্রয়োজনীয় সব খাদ্যোপাদান সহজলভ্য হয়। ফলে আশানুরূপ ফলন পাওয়া যায় এবং গুণগত মানসম্পন্ন পণ্য উৎপাদন সম্ভব হয়। মাটির পানি ধারণক্ষমতা বৃদ্ধি পায়।

পাতকুয়া

বাংলাদেশের মুক্তিকা অঞ্চলগুলোর মধ্যে বরেন্দ্র অঞ্চল একটা বিশেষ মুক্তিকা অঞ্চল। বরেন্দ্র অঞ্চলে ভূগর্ভস্থ পানির স্তর এতই অনুন্নত যে তা গভীর নলকূপ বা অগভীর নলকূপ দিয়ে উত্তোলন সম্ভব হয় না। তবে এসব এলাকায় পাতকুয়া খনন করলে কুয়ায় পানি জমে। কুয়ায় জমা পানি উত্তোলন করে খাবার পানি ও গৃহস্থালির কাজে ব্যবহারসহ কম সেচ লাগে এরকম ফসল চাষ করা সম্ভব। সন্তোষজনক পানি পাওয়ার জন্য প্রায় ১৪.১৭ সেন্টিমিটার ব্যাসের ৩৬.৩৬ মিটার-৩৯.৩৯ মিটার গভীর পর্যন্ত খনন করার প্রয়োজন হয়। ওই এলাকায় আদিবাসী লোকজন এ ধরনের পাতকুয়া তৈরি করতে অসমর্থ হওয়ায় দৈনন্দিন কাজে ও সেচ কাজে পানির ব্যবহার করতে চরম কষ্ট করতে হয়। বিষয়টি উপলব্ধি করে মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের পরামর্শে বরেন্দ্র বহুমুখী



উন্নয়ন কর্তৃপক্ষ বরেন্দ্র এলাকায় পাতকুয়া খনন করে। কুয়ার অনেক নিচে থেকে প্রচলিত পদ্ধতিতে দড়ি বালতি ব্যবহার করে পানি উত্তোলন করা কষ্টসাধ্য বলে সোলার পাম্প ব্যবহার করে পানি উত্তোলন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সোলার প্যানেলগুলো প্রচলিত লম্বা সারিতে ব্যবহার না করে মাননীয় কৃষিমন্ত্রী মহোদয়ের পরামর্শে কিছুটা ফানেল আকৃতি করে স্থাপন করা হয়, যাতে বৃষ্টির পানি জমে কুয়ায় পতিত হয়। পাতকুয়ায় জমা হওয়া পানি সাবমারিসিবল সোলার পাম্প ব্যবহার করে কুয়ার ওপর স্থাপিত ট্যাংকিতে জমা করা হয়। ট্যাংকিতে জমাকৃত পানি পিভিসি পাইপ লাইনের মাধ্যমে পাতকুয়ার কাছে স্থাপিত ট্যাংক থেকে জন-সাধারণ পান করা ও গৃহস্থালির কাজের জন্য সংগ্রহ করে এবং চাষযোগ্য জমিতে পাইপলাইন নির্মাণ ও বিভিন্ন স্থানে ফসেট স্থাপন করে ফসেট থেকে সরাসরি ও ফিতাপাইপের মাধ্যমে সেচের পানি সরবরাহ করা হয়।

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক খননকৃত ৬টি পাতকুয়ার কার্যক্রম বর্তমানে সোলার পাম্পের সাহায্যে পরিচালনা করা হচ্ছে। উপকারভোগী লোকজন পাতকুয়ার পানি খাবার পানি হিসাবে পান ও গৃহস্থালির কাজে ব্যবহার করা ছাড়াও কম সেচ লাগে এমন শাকসবজি চাষ করে লাভবান হচ্ছে। এ কারণে বরেন্দ্র কর্তৃপক্ষ পাতকুয়া খনন কার্যক্রম অব্যাহত রেখেছে।

কৃষি উন্নয়নে ই-কৃষি

কৃষি, স্বাস্থ্য, শিক্ষাসহ গ্রামীণ জনগোষ্ঠীর জীবন-জীবিকার সামগ্রিক মানোন্নয়নে তথ্যপ্রযুক্তির ত্রমবর্ধমান প্রসার সম্পর্কে আজ আর কারোরই সংশয় নেই। কম্পিউটার, ল্যাপটপ, মোবাইল, ইন্টারনেট এসব কিছুই তথ্যপ্রযুক্তির সারথি হিসেবে আমাদের দৈনন্দিনের কাজকে করেছে গতিশীল। 'ডিজিটাল' শব্দটি যেন আজ জীবনেরই একটি অংশ হয়ে গেছে। অথচ বছর কয়েক আগে বর্তমান সরকার যখন 'ভিশন ২০২১' রূপকল্পের মধ্য দিয়ে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার প্রত্যয় ঘোষণা করে তখন অনেকের কাছে এটি বিস্ময়কর মনে হয়েছিল। গত দশ বছরে বর্তমান সরকারের সুদূরপ্রসারী পদক্ষেপ, ঐকান্তিক প্রচেষ্টা এবং সেই সঙ্গে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগের ফলেই দেশ আজ উন্নয়নের রোলমডেল হিসেবে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়েছে।

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম স্বপ্ন দেখেছিলেন, 'বিশ্ব জগত দেখবো আমি আপন হাতের মুঠোয় পুরে'। কবির সেই স্বপ্ন আজ বাস্তবে পরিণত হয়েছে। তথ্যপ্রযুক্তির মাধ্যমে ছোট্ট একটি যন্ত্র মোবাইল ফোনের মাধ্যমে আমরা আক্ষরিক অর্থেই বিশ্ব জগতকে দেখার সুযোগ পাচ্ছি। প্রায় ১৬ কোটি মানুষের এ দেশে মোবাইল ফোন ব্যবহার করছেন প্রায় ১৬.৪১ কোটি, ইন্টারনেট ব্যবহার করছেন প্রায় ৯ কোটি ৯৫ লাখ জন এবং এর মধ্যে মোবাইলেই ইন্টারনেট ব্যবহার করেন প্রায় ৯ কোটি ৩৭ লাখ মানুষ (বিটিআরসি; অক্টোবর-২০১৯)। দেশের সামগ্রিক উন্নয়নের সঙ্গে মানুষের ক্রয়ক্ষমতা যেমন দিন দিন বাড়ছে, সেই সঙ্গে বাড়ছে আধুনিক প্রযুক্তি ও উপকরণ ব্যবহারও। এসব তথ্য উপাত্ত যথার্থই প্রমাণ করে তথ্যপ্রযুক্তির ব্যবহারে আমরা মোটেই পিছিয়ে নেই, বরং বিশ্ব মানচিত্রে আমরা একটি উদাহরণ সৃষ্টিকারী দেশ হিসেবে পরিচিতি লাভ করেছি। সেবা গ্রহীতার কষ্ট, খরচ ও সময় লাঘব করে বিভিন্ন নাগরিক সেবা

যেমন-অনলাইনে পরীক্ষার ফল প্রদান, ফরম পূরণ, বিদেশে চাকরি বা আত্মীয়স্বজনদের সঙ্গে যোগাযোগ, বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ, উপযুক্ত কর্তৃপক্ষের কাছে সমস্যা তুলে ধরে সমাধান গ্রহণ এসব আজ নিত্য ঘটনা। এসব সাফল্যের পথ ধরেই ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি ২০১৮ আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড ২০১৬, আইটিইউ অ্যাওয়ার্ড ২০১৫সহ সম্মানজনক অনেক সম্মাননায় ভূষিত হয়েছে বাংলাদেশ।

তথ্যপ্রযুক্তির এ অপার সম্ভাবনা আমাদের কৃষিকেও করেছে সমৃদ্ধ। কৃষিতে তথ্যপ্রযুক্তি তথা ই-কৃষি আমাদের কৃষি উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে গেছে। সাধারণ অর্থে ই-কৃষি বলতে সামগ্রিক কৃষি উন্নয়নে তথ্যপ্রযুক্তির ব্যবহারকেই বোঝায়। আরও নির্দিষ্ট করে বললে ফসল উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বিপণনসহ প্রতিটি পর্যায়ে তথ্যপ্রযুক্তির সাহায্যে সঠিক কলাকৌশল জেনে টেকসই কৃষি উৎপাদন নিশ্চিত করাকে বোঝায়। সনাতন পদ্ধতিতে তথ্য গ্রহণের পাশাপাশি আমাদের কৃষক-কৃষাণীরা তথ্যপ্রযুক্তি তথা ই-কৃষিকেও সাদরে গ্রহণ করেছেন। পরিসংখ্যানে দেখা গেছে, ৮৪ শতাংশ গ্রামীণ কৃষক মোবাইল ফোন ব্যবহার করেন। ৬৬ শতাংশ কৃষক পরিবার একের অধিক মোবাইল ফোন ব্যবহার করে থাকেন। তথ্যপ্রযুক্তি ব্যবহার করে প্রতি পরিবারের আয় বেড়েছে গড়ে ১০ হাজার ৫০০ টাকা (অরগানাইজড জরিপ ২০১৩, ক্যাটালিস্ট)। সাম্প্রতিক সময়ে কৃষিতে তথ্যপ্রযুক্তি ব্যবহারের এ রেখাচিত্র আরও উর্ধ্বমুখী হয়েছে।

কৃষি মন্ত্রণালয় ও এর অধীন সংস্থাগুলো ই-কৃষির প্রসারে অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। প্রায় প্রতিটি সংস্থাই প্রদেয় নাগরিক সেবাগুলোকে ই-সার্ভিসে পরিণত করে সময়মাত্রিক গুণগত সেবা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এসব উদ্যোগের ফলে কৃষকসহ আপামর কৃষিজীবীরা যেমন একদিকে উপকৃত হচ্ছেন অন্যদিকে কৃষি সংশ্লিষ্ট নীতিনির্ধারকদের কাছেও কর্মপন্থা প্রণয়নে প্রয়োজনীয় তথ্যের উৎস হিসেবে কাজ করছে। কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার উল্লেখযোগ্য কিছু ই-কৃষি সেবা সম্পর্কে এখানে আলোকপাত করা হলো-

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) : কৃষি সেবা দানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সর্ববৃহৎ সংস্থা। সরাসরি সেবা দানের পাশাপাশি অনলাইন ও ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদানের জন্য প্রতিষ্ঠানটির বেশ কিছু সেবা রয়েছে। কৃষকের দোরগোড়ায় দ্রুত ও আরও সহজে কার্যকরী কৃষি সেবা প্রদান করতে এবং গবেষক, সম্প্রসারণকর্মী ও কৃষি বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকদের পেশাগত যোগাযোগ বৃদ্ধির করতে এটুআই প্রোগ্রাম ও ডিএইর যৌথ উদ্যোগে চালু হয়েছে কৃষি বাতায়ন। ডিএইর ১৭ হাজার সম্প্রসারণ কর্মী দ্বারা প্রায় ৩ কোটি সহজে, দ্রুত ও কার্যকর সেবা দিতে কৃষকের ডিজিটাল ডাটাবেজ ও উপজেলার সকল কৃষি তথ্যসমূহ বহুমাত্রিক উপায়ে সন্নিবেশিত করা হয়েছে। মোবাইলভিত্তিক কৃষি সম্প্রসারণ সেবা কৃষক বন্ধু ফোন সেবা ৩৩৩১ কৃষি বাতায়নে কৃষক তালিকায় অন্তর্ভুক্ত যেকোনো কৃষক তার ফোন থেকে কল করে কৃষি বিষয়ক যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন। কল রাউটিং ব্যবস্থা থাকায় কল রিসিভ না হলেও পরবর্তী স্তরের সংশ্লিষ্ট ব্যক্তির কাছ স্বয়ংক্রিয়ভাবে কলটি প্রেরিত হবে। ফসলের উৎপাদন প্রযুক্তি সম্পর্কে কৃষকের ডিজিটাল ঠিকানা থেকে প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। কৃষকের জানালা থেকে ছবি দেখে ফসলের রোগবালাই শনাক্ত ও প্রয়োজনীয় সমাধান পাওয়া যাবে। বালাইনাশক নির্দেশিকা থেকে বালাই দমনের জন্য লাইসেন্সপ্রাপ্ত বালাইনাশকের নাম ও প্রয়োগবিধি জানা যাবে। জমিতে বছরব্যাপী পরিকল্পনামাত্রিক চাষের জন্য ডিজিটাল ক্রপ ক্যালেন্ডার সেবাটি ব্যবহার করা যায়। ডিএই এর ওয়েবসাইট (www.dae.gov.bd) থেকে এসব উদ্যোগের আরো বিস্তারিত তথ্য জানা যাবে।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস) : প্রিন্ট, ইলেকট্রনিক ও আইসিটি মাধ্যমে কৃষি সংশ্লিষ্টদের কাছে সমন্বয়যোগী কৃষি তথ্য পৌছানোই কৃষি তথ্য সার্ভিসের মূল দায়িত্ব। এ লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিস থেকে পরিচালিত 'কৃষি কল সেন্টার'-এ যে কোনো অপারেটর থেকে ১৬১২৩ নম্বরে প্রতি মিনিট ০.২৫ টাকা (ভ্যাট ও সম্পূরক শুল্ক ছাড়া) ব্যয়ে ফোন করে কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ বিষয়ে বিশেষজ্ঞদের কাছ থেকে তাৎক্ষণিক সমাধান নিতে পারবেন। শুক্রবার ও সরকারি বন্ধের দিন ছাড়া সপ্তাহের অন্যান্য দিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এ সেবাটি দেয়া হচ্ছে। কৃষি তথ্য সার্ভিসের ওয়েবসাইট (www.ais.gov.bd)-এ কৃষি বিষয়ক প্রয়োজনীয় তথ্যের পাশাপাশি অনলাইনে প্রশ্ন করে স্বল্পতম সময়ে সেই প্রশ্নের সমাধান জানতে পারেন। তৃণমূল পর্যায়ে তথ্য বিস্তারের লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিস দেশব্যাপী ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) প্রতিষ্ঠা করেছে। এআইসিসি থেকে কৃষক ও কৃষি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ তথ্য সেবা গ্রহণ করছেন। কৃষি তথ্য সার্ভিস থেকে নির্মিত মাল্টিমিডিয়া ই-বুক এর মাধ্যমে বিভিন্ন ফসল ও প্রযুক্তি সম্পর্কে সহজে তথ্য নেয়া যায়। কৃষি তথ্য সার্ভিসের দুইটি মোবাইল অ্যাপস রয়েছে। বিভিন্ন ফসলের উৎপাদন প্রযুক্তিভিত্তিক তথ্য সমৃদ্ধ একটি মোবাইল অ্যাপটি গুগল প্লে স্টোর থেকে Agriculture Info Service নামে সার্চ করে বিনামূল্যে ডাউনলোড করে ব্যবহার করা যায়। পাশাপাশি জনপ্রিয় মাসিক কৃষিকথা পত্রিকাটির একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। Aistube নামক ওয়েবপোর্টাল থেকে কৃষিবিষয়ক বিভিন্ন ভিডিও দেখা/ডাউনলোড করা যায়। এসবের পাশাপাশি বরগুনা জেলার আমতলীতে এআইএস প্রতিষ্ঠা করেছে কমিউনিটি রেডিও 'কৃষি রেডিও' যেখান থেকে দৈনিক ০৮ ঘণ্টা প্রচারিত অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার জনসাধারণের তথ্যসেবা পূরণে সচেষ্ট রয়েছে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) : কৃষি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের সর্বোচ্চ প্রতিষ্ঠান। ই-কৃষির উল্লেখযোগ্য উদ্যোগগুলো হলো-ভূমির উপযোগিতাভিত্তিক ফসল অঞ্চল এর ফলে ভূমির উপযোগিতা অনুসারে বিভিন্ন ফসল অঞ্চলে নির্দিষ্ট শস্য উৎপাদনের সুযোগ তৈরি হয়েছে। এতে উপজেলাওয়ারি ১৭টি ফসলের উপযোগিতা শ্রেণি অনুযায়ী ম্যাপ প্রস্তুত এবং টেলিভিশন মাধ্যমে উৎপাদন উপযোগী এলাকা উপস্থাপন করা হয়েছে। এআরএমআইএস বাংলাদেশে কৃষি গবেষণার সঙ্গে সংযুক্ত সব প্রতিষ্ঠানের গবেষণা সংবলিত তথ্য একটি কেন্দ্রীয় ডাটাবেজে সংরক্ষণের উদ্দেশ্যে Agricultural Research Management Information System (ARMIS) বাস্তবায়ন করা হয়েছে। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত ২৬,৫০০ গবেষণা তথ্য ডাটাবেজটিতে সংরক্ষণ করা হয়েছে। গবেষক, নীতিনির্ধারক, শিক্ষক, শিক্ষার্থী, বিজ্ঞানীদের জন্য ডাটাবেজটি কৃষি

গবেষণার রেফারেন্স গাইড হিসেবে ব্যবহৃত হবে। বিএআরসি আর্কাইভ বিএআরসির বিভিন্ন বই, নিউজলেটার, জার্নাল, প্রকাশনা, পলিসি ডকুমেন্ট, নন-কনভেনশনাল ডকুমেন্ট ইত্যাদির সংগ্রহশালা তৈরির জন্য অনলাইন আর্কাইভ তৈরি করা হয়েছে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) : অটোমেটিক গ্রাউন্ডওয়াটার লেভেল অ্যান্ড স্যালাইনিটি মনিটরিং সিস্টেমের সাহায্যে দেশের বেশ কয়েকটি স্থানের ভূগর্ভস্থ পানির লেভেল এবং লবণাক্ততার পরিমাণ সংক্রান্ত উপাত্ত সার্ভারের মাধ্যমে কম্পিউটার মনিটরে হাইড্রোগ্রাফ বা রিপোর্ট আকারে প্রদর্শন এবং সংরক্ষণ করা সম্ভব হচ্ছে। এ ছাড়াও গ্রাউন্ডওয়াটার জোনিং ম্যাপ হলো ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনার জন্য একটি জিআইএসভিত্তিক ডিজিটাল ম্যাপ। এতে ৩০০০টি নলকূপের অবস্থান চিহ্নিত করা আছে। বিএডিসির বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ (বীপ্রস) সংক্রান্ত সফটওয়্যারটির মাধ্যমে বিএডিসির বিভিন্ন বীজের (আউশ, আমন, বোরো, গম, ভুট্টা ও অন্যান্য বীজ) ভবিষ্যতে উৎপাদন লক্ষ্যমাত্রা, সংগ্রহ, মজুদ, বিতরণ, কৃষক পর্যায়ে প্রাপ্যতা সম্পর্কে যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান জানতে পারবে।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), উদ্ভাবিত কৃষি প্রযুক্তিগুলোর তথ্য সমৃদ্ধ 'কৃষি প্রযুক্তি ভাণ্ডার' নামে একটি মোবাইল অ্যাপ তৈরি করেছে। মূলত এটি কৃষি প্রযুক্তিভিত্তিক একটি মোবাইল অ্যাপ্লিকেশন। এ অ্যাপসটি স্মার্টফোন ব্যবহারকারীরা তাদের মোবাইল হ্যান্ডসেটে ব্রাউজ করে বিভিন্ন ফসল উৎপাদনের বিস্তারিত প্রযুক্তি সম্পর্কে জানতে পারবেন। অধিকতর তথ্যের জন্য উদ্ভাবিত প্রযুক্তি সংক্রান্ত প্রশ্ন জানতে পারবেন। প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সঙ্গে সরাসরি কলের মাধ্যমে পরামর্শ নেয়া যায়। এ অ্যাপসটি BARI Application 'কৃষি প্রযুক্তি ভাণ্ডার' নামে গুগল প্লে স্টোর ও উইন্ডোজ স্টোর থেকে অ্যান্ড্রয়েডভিত্তিক মোবাইল এবং উইন্ডোজভিত্তিক মোবাইলে এ ডাউনলোড করে অফ লাইনে ব্যবহার করা যায়। এছাড়াও অনলাইনে যে কোনো স্মার্টফোনের ব্রাউজারে baritechnology.org/m ঠিকানা থেকে এ অ্যাপসের ওয়েব ভার্সনটি ব্যবহার করা যায়।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক উদ্ভাবিত জাত ও ব্রি প্রযুক্তিগুলোর মাধ্যমে 'রাইস নলেজ ব্যাংক' নামে একটি ডায়নামিক মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে, যা মোবাইলভিত্তিক অনলাইন জ্ঞান ভাণ্ডার যাতে আধুনিক ধান চাষ সম্পর্কিত প্রযুক্তি ও কলাকৌশল সন্নিবেশিত আছে। অ্যাপটি 'Rice Knowledge Bank' নামে গুগল প্লে স্টোর ও উইন্ডোজ স্টোর থেকে অ্যান্ড্রয়েডভিত্তিক মোবাইলে ফ্রি ডাউনলোড করে ব্যবহার করা যাবে। এছাড়া যে কোনো স্মার্টফোন, ট্যাব, ল্যাপটপ কম্পিউটারের ব্রাউজার <http://knowledgebank-brii.org> ঠিকানা থেকে এ অ্যাপসের ওয়েব ভার্সনটি ব্যবহার করা যাবে।

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (এসআরডিআই) : মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট থেকে 'অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেম' নামক একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে, যার মাধ্যমে সুখম সার সুপারিশ সেবা প্রদান করা হচ্ছে। দেশের সব উপজেলার জন্য এ কার্যক্রম চালু রয়েছে। দেশের যে কোনো প্রান্তের একজন কৃষক জমি ও স্থানের কয়েকটি তথ্য দিয়ে মৃত্তিকা উর্বরতা মানের ভিত্তিতে তার চাহিত ফসলের জন্য সুখম সার সুপারিশ পেতে পারেন। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.srdi.gov.bd) প্রবেশ করে তথ্যপ্রযুক্তি সেবার মধ্যে 'অনলাইন সার সুপারিশ' লিংকটিতে ক্লিক করার মাধ্যমে এ সার্ভিসের সুবিধা পাওয়া যাবে। অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেম প্রবর্তনের ফলে ধান ফসলের ফলন ১৫-২৫% এবং অন্যান্য ফসলের ফলন ১৫-২০% বৃদ্ধি পায়, সারের অপচয় হ্রাস পায়, ফসলের পুষ্টিমান বাড়ে এবং মাটির স্বাস্থ্য ভালো থাকে।

কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) : ই-কৃষি সেবা বিস্তারের লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ৬৪টি জেলা থেকে সংগৃহীত খুচরা, পাইকারি ও কৃষক প্রাপ্ত বাজার দর দৈনিক, সাপ্তাহিক ও পাক্ষিক ভিত্তিতে অনলাইনের মাধ্যমে প্রেরণ করা হয়, যা পরে প্রয়োজনীয় প্রক্রিয়াকরণের মাধ্যমে www.dam.gov.bd ওয়েবসাইটে সহজলভ্য করা হয়ে থাকে। কৃষিপণ্য অনলাইনে বেচা কেনার জন্য চালু করা হয়েছে 'সদাই' অ্যাপ।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশের কৃষি উন্নয়ন সারা পৃথিবীতেই দৃষ্টান্ত হিসেবে পরিচিতি পেয়েছে। বাংলাদেশ এখন খাদ্যশস্যে স্বয়ংসম্পূর্ণই নয় বরং উদ্বৃত্ত খাদ্যের দেশ হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। কৃষি উন্নয়নের ধারাবাহিকতায় বাংলাদেশ বিশ্বের মধ্যে সবজি উৎপাদনে তৃতীয়, ধান উৎপাদনে চতুর্থ, আম উৎপাদনে সপ্তম, আলু উৎপাদনে অষ্টম এবং খাদ্যশস্য উৎপাদনে দশম স্থান অধিকার করে কৃষি উন্নয়নের রোল মডেল হিসেবে সমাদৃত হয়েছে। সরকারের সমন্বয়যোগ্য নীতি ও পদক্ষেপ এবং সেই সঙ্গে কৃষক, বিজ্ঞানী, সম্প্রসারণ কর্মী প্রমুখের সম্মিলিত এসব প্রচেষ্টার ফলেই কৃষির এ যুগান্তকারী সাফল্য অর্জিত হয়েছে। নিঃসন্দেহে ই-কৃষির প্রসার এ সাফল্য অর্জনের অন্যতম সারণি হিসেবে কাজ করেছে। অত্যন্ত আশার কথা আমাদের কৃষিতে তরুণ কৃষক, উদ্যোক্তারা এখন সংযুক্ত হচ্ছেন। প্রযুক্তিবান্ধব এসব তারুণ্যের অমিত শক্তির সঙ্গে তথ্যপ্রযুক্তির অপার সম্ভাবনার মিথস্ক্রিয়ায় বাংলার কৃষি হবে আরও সমৃদ্ধ, দিগন্তজোড়া ফসলের সোনালি মাঠে বিভূত হবে কৃষকের হাসি।

পরিবর্তিত জলবায়ু ও কৃষি

জাতিসংঘের ইন্টার গভর্নমেন্টাল প্যানেল ফর ক্লাইমেট চেঞ্জ (আইপিপিসি) প্রতিবেদন অনুযায়ী- ২০৩০ সালে বিশ্বের গড় তাপমাত্রা বৃদ্ধি পাবে দেড় ডিগ্রি সেলসিয়াস। ভূ-পৃষ্ঠের তাপমাত্রা সম্প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পেয়েছে। এর মূল কারণ হলো অতিরিক্ত কার্বন নিঃসরণ। আগামী বারো বছরের মধ্যে বিশ্বের গড় তাপমাত্রা বৃদ্ধি না কমানো গেলে ভয়াবহ বিপদে পড়বে বিশ্ব। জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির মধ্যে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান প্রথম সারিতে। পরিবর্তিত জলবায়ুর ফলে সমুদ্রে পানি উচ্চতা বৃদ্ধিসহ ভয়াবহ খরা, বন্যা এবং খাদ্য সংকটের ঝুঁকি ভীষণভাবে বেড়ে যাবে।

জলবায়ু পরিবর্তন এবং এর ধারাবাহিক অসামঞ্জস্যতা বাংলাদেশের কৃষির একটি প্রধান সমস্যা। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির জন্য বাংলাদেশের দক্ষিণাঞ্চলে ক্রমাগত লবণাক্ততা বাড়ছে। বাংলাদেশে ঋতুর পরিবর্তন এসেছে। বজ্রপাতের পরিমাণ ভয়ানকভাবে বেড়েছে। বজ্রপাতে সবচেয়ে বেশি মৃত্যুবৃত্তিতে থাকে সাধারণ প্রান্তিক কৃষকগণ। তাপমাত্রার ক্রমবৃদ্ধির ফলে আগাছা, রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ বৃদ্ধি, অঞ্চলভেদে মাটিতে পানির সহজলভ্যতার হ্রাস এবং পরিশেষে ফসল উৎপাদন হুমকীর সম্মুখীন হবে।

বর্তমান সরকার কৃষিক্ষেত্রে দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি হ্রাসে পরিবর্তিত জলবায়ুতে খাপ খাওয়ানোর উপযোগী কলাকৌশলের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। প্রমাণিত অভিযোজন কৌশল হলো-

- ♦ খরা এলাকায় সম্পূরক সেচের জন্য মিনিপুকুর ও পাতকুয়া (ডাগ ওয়েল) খনন করে বৃষ্টির পানি সংরক্ষণ;
- ♦ বোরো ধানে শুকনা বীজতলা তৈরির মাধ্যমে সুস্থ ও কোম্ব ইনজুরিমুক্ত চারা তৈরি;
- ♦ বন্যা, আকস্মিক বন্যা, খরা ও লবণাক্ততা থেকে রক্ষা পেতে স্বল্প জীবনকাল সম্পন্ন ধান/ফসলের চাষ;
- ♦ খরা এলাকায় স্বল্পপানির চাহিদা সম্পন্ন ফসলের (গম, মুগ, মাস কলাই, ছোলা, মসুর ইত্যাদি) চাষ;
- ♦ মাটির স্বাস্থ্য রক্ষায় কম্পোস্ট খামারজাত সার, ভার্মিকম্পোস্ট ইত্যাদির ব্যবহার;
- ♦ ফেরোমোন ট্র্যাপের মাধ্যমে শাকসবজির চাষ;
- ♦ পানি সাশ্রয়ের জন্য এডব্লিউডি পদ্ধতিতে ধানক্ষেতে সেচ প্রদান;
- ♦ এলাকাভিত্তিক উচ্চমূল্য ফসলের (High Value Crops) আবাদ সম্প্রসারণ ও উপযোগী শস্যবিন্যাস অনুসরণ করা;
- ♦ জোয়ার-ভাটা এলাকায় বিশেষ করে দেশের দক্ষিণাঞ্চলে সর্জন ও ভাসমান পদ্ধতিতে সবজি ও ফল চাষ, ঘেরের পাড়ে সবজি চাষ করা;
- ♦ চরাঞ্চলে, উপকূলীয় এলাকায় তরমুজ, বাঙ্গি, খিরা, বাদাম, ফেলন, সূর্যমুখী, ভুট্টা ইত্যাদি চাষ;
- ♦ ভূউপরিষ্ক পানির যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
- ♦ দুর্যোগপ্রবণ এলাকা উপযোগী ফসল উৎপাদন পঞ্জিকা তৈরি, বিতরণ ও অনুসরণের ব্যবস্থা করা;
- ♦ জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় খাদ্য নিরাপত্তা ও কৃষি উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে দেশব্যাপী স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা/প্রকল্প গ্রহণ করা;
- ♦ দুর্যোগ ঝুঁকি হ্রাসে এলাকা উপযোগী কৃষি যন্ত্রপাতি কৃষকের মাঝে তরুঁকির মাধ্যমে বিতরণ করা;
- ♦ উক্ত উপযোগী কলাকৌশলসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব।

পরিবর্তিত জলবায়ুর ঝুঁকি বিশেষ করে বজ্রপাত মোকাবেলায় বাংলাদেশের আবহাওয়া উপযোগী, বিলুপ্ত প্রায় ও পরিবেশবান্ধব বৃক্ষ চাষ সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলা, বিলুপ্ত প্রায় ও পরিবেশবান্ধব বৃক্ষ সংরক্ষণের জন্য তাল, খেজুর, সুপারি ও নিম চাষ সম্প্রসারণ কর্মসূচির মাধ্যমে মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ ও বরিশাল জেলার ১৭টি উপজেলায় বেশকিছু কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও কৃষি আবহাওয়া বিষয়ক তথ্য কৃষকদের কাছে তাদের উপযোগী ভাষায় সরবরাহ করার লক্ষ্যে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প (Agro-Meteorological Information Systems Development Project) বাস্তবায়ন করছে।

অনিশ্চয়তা প্রতিকূল আবহাওয়ায় 'আলুর মড়ক দমনে আমরা আছি আপনার পাশে' এই স্লোগানকে সামনে রেখে নেদারল্যান্ডস স্লেস অফিস (NSO) কর্তৃক নেদারল্যান্ডের ওয়েগিংগন বিশ্ববিদ্যালয়ের প্রাক্ট রিসার্চ ইন্টারন্যাশনালের মাধ্যমে রংপুর, মুন্সীগঞ্জ ও দিনাজপুর জেলায় বাস্তবায়িত হয়েছে জিপটেটো পাইলট প্রকল্প। স্থানীয় আবহাওয়া ও ভূউপগ্রহীয় তথ্য যাচাই করে মড়ক রোগ প্রতিরোধ আগাম বার্তা প্রদান করা হয়।

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় একটি সমন্বিত উদ্যোগ এবং সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা, সুশীল সমাজ ও ব্যবসায় খাতের সম্পৃক্ততা প্রয়োজন। পরিবর্তিত জলবায়ু সুরক্ষিত কৃষি (climate smart agriculture) ব্যবস্থাপনা করলে টেকসই কৃষি উৎপাদন বৃদ্ধি, ফসলের অভিযোজন ক্ষমতা বৃদ্ধি এবং গ্রিন হাউস গ্যাসগুলো হ্রাসকরণ/নিয়ন্ত্রণ করে জাতীয় খাদ্য নিরাপত্তা অর্জন এবং উন্নয়নের লক্ষ্য নিশ্চিত হবে।

ছাদ বাগান

ছাদ বাগানের প্রথম ধারণা এসেছিল আজ থেকে প্রায় ৩০০০ বছর আগে। মেসোপটেমিয়ার রাজা নেবুচাদনেজার তার স্ত্রীর জন্য ইউফ্রেটিস নদীর তীরে প্রথম ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান তৈরি করেন। বর্তমানে রাজধানীসহ দেশের বিভিন্ন শহরে বাড়ির ছাদে বাগান করা বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। অধিকাংশ বাড়ির ছাদের দিকে তাকালেই বিভিন্ন ধরনের বাগান দেখা যায়। তবে এসব বাগানের অধিকাংশই গড়ে উঠেছে অপরিষ্কৃতভাবে। পরিষ্কৃতভাবে উদ্যোগ নেয়া হলে বাড়ির ছাদে যেকোনো গাছ, এমনকি শাকসবজিও ফলানো সম্ভব। ছাদে সফলভাবে বাগান করতে হলে কোন গাছের জন্য কী ধরনের মাটি উপযোগী তা জেনে নিতে হবে, বেশি রোদ বা গরম সহ্য করতে পারে এমন গাছ বেছে নিতে হবে এবং বাগানে নিয়মিত পানি সেচ দেয়ার পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।

ছাদে বাগান করার প্রয়োজনীয় উপকরণ

মাটি বা সিমেন্টের টব, হাফ ড্রাম অথবা সুবিধামতো ছাদে স্থায়ী বেড তৈরি করে নিতে হবে। এছাড়া সিকেচার, কোদাল, কাঁচি, শাবল, ঝরনা, বালতি, চালনি, করাত, ছুরি, খুপরি, হ্যান্ড স্প্রে মেশিন এসব উপকরণ প্রয়োজন হবে। ফুল বা ফল চাষের জন্য লাগবে কলমের বা গ্রাফটিং চারা এবং বিভিন্ন প্রকারের ফুল, ফল ও শাকসবজি চারা বা বীজ। মাটির মধ্যে বেলে দো-আঁশ মাটি বা পাহাড়িয়া লালমাটি, কোকোডাস্ট (নারিকেলের ছোবরার গুড়া), গোবর, খৈলসহ বিভিন্ন প্রকার জৈবসার এবং গাছের রোগবালাই দমনের জন্য বিভিন্ন কীটনাশক ও ছত্রাকনাশক।

সার মাটি প্রস্তুতকরণ

সার-মাটি তৈরি করার জন্য প্রথমে দো-আঁশ বা বেলে দো-আঁশ মাটি সংগ্রহ করে শোধন করতে হবে। শোধন করার জন্য প্রয়োজন অনুযায়ী মাটি নিয়ে তার সাথে নির্ধারিত মাত্রার (প্রতি লিটার পানির সাথে ১০০ মিলিলিটার ফরমালডিহাইড) ফরমালডিহাইড মিশ্রিত পানি ছিটিয়ে পুরো মাটিকে মোটা পলিথিন দিয়ে ৩-৪ দিন ঢেকে রাখতে হবে। পরে পলিথিন উঠিয়ে সূর্যের আলোয় আরো ৩-৪ দিন পর্যন্ত খুলে রাখতে হবে। ফরমালিনের গন্ধ শেষ হয়ে গেলে এ মাটির সাথে সমপরিমাণ গোবর বা কম্পোস্ট সার এবং প্রয়োজনে পরিমাণ মতো রাসায়নিক সার মিশিয়ে তৈরি করতে হবে সার মাটি।

ছাদে বাগান তৈরি করার উপযোগী গাছগুলো

ছাদের বাগানে বিভিন্ন রকমের গাছ লাগানো যায়। ফুলের মধ্যে গোলাপ, রজনীগন্ধা, হাসনাহেনা, গাঁদা, বেলি, ডালিয়া, চন্দ্রমল্লিকা অন্যান্য মৌসুমি ফুল, অর্কিড, বনসাই ও ক্যাকটাস লাগানো যায়। ফল গাছের মধ্যে আঙ্গুর, আতা, আঙুর, লতা বোম্বাই জাতের আম, পেয়ারা, কুল, আমড়া, সফেদা, লেবু, ডালিম, বাতাবিলেবু, করমচা, বিলিষি, জামরুল, ছোট জাতের কলা, ছোট জাতের আনারস, কমলা, কামরাঙা ইত্যাদি লাগানো যায়। তবে ফল গাছের ক্ষেত্রে বীজের গাছ না লাগিয়ে কলম করা গাছ লাগাতে হবে। সবজির মধ্যে রয়েছে বেগুন, টমেটো, শিম, মরিচ, লাউ, কুমড়া, টেঁড়স, পুঁইশাক, লালশাক, পটোল, শসা, বরবটি, করলা এসব। আজকাল বিদেশ থেকে উন্নতমানের কিছু চারা কলম দেশে আসছে। ছাদ বাগানের সাধ পূরণ করার জন্য এসব সংগ্রহ করে লাগাতে পারেন। বাহারি পাতার জামরুল, পেয়ারা, সফেদা গাছও বিভিন্ন নার্সারিতে পাওয়া যাচ্ছে। ছাদে এসব গাছ লাগানো হলে ছাদ বাগানের সৌন্দর্য বৃদ্ধি পাবে।

ছাদে বাগান করার বিভিন্ন পদ্ধতি

টব পদ্ধতি : ছাদে বাগান করার জন্য সব থেকে ভালো পদ্ধতি হচ্ছে টব পদ্ধতি। কেননা টবগুলো খুব সহজে এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তর করা যায়। বাজারে আজকাল প্লাস্টিকের বিভিন্ন ধরনের টব তৈরি করা হচ্ছে এবং এসব টবের ব্যবহার দিনদিন বৃদ্ধি পাচ্ছে। টবে চাষ করার জন্য পর্যাপ্ত পরিমাণ জৈবসার ব্যবহার করতে হয়। ১৪ ইঞ্চি থেকে ১৮ ইঞ্চি ব্যাসের একটি টবের জন্য জৈবসারের পাশাপাশি ১০০ গ্রামটিএসপি এবং ৫০ গ্রাম এমওপি সার উত্তমরূপে মিশিয়ে ১০ দিন থেকে ১২ দিন রেখে দিতে হবে। তারপর টব ভরাট করতে হবে।

হাফড্রাম পদ্ধতি : ছাদে ফলজাতীয় গাছ রোপণ করতে হাফ ড্রাম পদ্ধতি সব থেকে ভালো। এক্ষেত্রে হাফড্রামের তলদেশে ছিদ্র করতে হবে। ছিদ্রগুলোয় ইটের টুকরা বসাতে হবে; তার ওপরে ড্রামের তলদেশে প্রথম ১ ইঞ্চি পরিমাণ খোয়া বা সুড়কি দিয়ে এর ওপর এক ইঞ্চি পরিমাণ জৈবসার বা পচা গোবর দিতে হবে। এতে অতিরিক্ত পানি সহজেই বের হয়ে যেতে পারবে। জৈবসারের পাশাপাশি প্রতিটি ড্রামে ২০০ গ্রামটিএসপি, ১০০ গ্রাম এমওপি সার ব্যবহার করা যেতে পারে। আম ও লেবুজাতীয় গাছের জন্য প্রতিটি ড্রামে উপরিউক্ত জৈব ও রাসায়নিক সারের পাশাপাশি ৫০০ গ্রাম হাড়ের গুঁড়া ব্যবহার করা যেতে পারে।

স্থায়ী বেড পদ্ধতি : ছাদে বাগান করার জন্য স্থায়ী বেড তৈরি একটি আধুনিক পদ্ধতি। স্থায়ী বেড পদ্ধতিতে ছাদে বাগান করার আগে ছাদ বিশেষভাবে ঢালাই দিয়ে নেট ফিনিশিং করে নিতে হবে। এর দুটি পদ্ধতি আছে। যেমন- ছাদের চারদিকে স্থায়ী বেড পদ্ধতি : ছাদের চারদিকে ২ ফুট প্রস্থের দুই পাশে ১.৫ ফুট উঁচু দেয়াল ৩ ইঞ্চি গাঁথুনির নেট ফিনিশিং ঢালাই দিয়ে স্থায়ী বেড তৈরি করা হয়। এ বেডের তলায় প্রথমে এক ইঞ্চি ইটের সুড়কি বা খোয়া, পরের এক ইঞ্চি গোবর সার দেয়ার পর বাকি অংশ ২ ভাগ মাটি ও ১ ভাগ গোবরের মিশ্রণ দিয়ে ভরাট করে স্থায়ী বেড তৈরি করা হয়।

ট্যাংক পদ্ধতি : ছাদে এক ফুট উঁচু ৪টি পিলারের ওপর পানির ট্যাংক আকৃতির ৩ ফুট দৈর্ঘ্য, ২ ফুট প্রস্থ ও ১.৫ ফুট উঁচু ৩ ইঞ্চি গাঁথুনির নেট ফিনিশিং ঢালাই দিয়ে যে ট্যাংক তৈরি করা হয় একেই বলে ট্যাংক বেড পদ্ধতি।

ছাদে গাছ লাগানোর কৌশল

গাছের ধরন অনুযায়ী ড্রাম/টব নির্বাচন করে সার-মাটি দিয়ে গাছ লাগাতে হবে। শুকনো দুর্বা ঘাস বা শুকনা পাতা টবের মাটির মাঝামাঝি দিয়ে তার ওপরে মাটি দিয়ে চারা গাছ লাগানো ভালো। আদর্শ নার্সারি থেকে চারা, কলম, কাটিং, বীজ সংগ্রহ করে নিজেই টবে লাগালে খরচ কম হবে। খুব সাবধানতার সাথে টব/পট/ড্রামে চারা/কলম/বীজ লাগাতে হবে। ঠিক মাঝখানে পরিমাণ মতো মাটির নিচে রোপণ করতে হবে। চারা বা কলমের সাথে লাগানো মাটির বল যেন না ভাঙে সেদিকে নজর রাখতে হবে। চারা বা কলমের ক্ষেত্রে বীজতলা/নার্সারিতে যতটুকু নিচে বা মাটির সমানে ছিল ততটুকু সমানে ছাদে লাগাতে হবে। বীজতলার থেকে বেশি বা কম গভীরে লাগালে গাছের বাড়বাড়তিতে সমস্যা হয়।

সেচ ব্যবস্থাপনা

সেচ বা নিষ্কাশন ছাদ বাগানের একটি গুরুত্বপূর্ণ বিষয়। মাটির আর্দ্রতা কমে গেলে অথবা অতিরিক্ত আর্দ্রতার জন্যও গাছ নেতিয়ে পড়ে মরে যেতে পারে। তাই অবশ্যই ছাদ বাগানে প্রতিনিয়ত সেচের ব্যাপারে সচেতন থাকতে হবে। গাছের গোড়ায় যাতে পানি না জমে সেদিকে খেয়াল রাখতে হবে। ছাদ বাগানে সেচের জন্য বাঁঝারি দিয়ে সেচ দেয়া ভালো। তাছাড়া প্লাস্টিকের চিকন পাইপ দিয়েও পানি দেয়া যায়। তবে সকাল বেলা গাছে সেচ দেয়া উত্তম।

অন্যান্য পরিচর্যা

ছাদ বাগান সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সেজন্য পুরনো রোগাক্রান্ত, বয়স্ক ডালপালা, পাতা সাবধানতার সাথে কেটে নির্দিষ্ট স্থানে জমা করতে হবে। এতে গাছপালা রোগমুক্ত থাকবে। ফুল এবং সবজিতে প্রয়োজনমতো সার প্রয়োগ করতে হবে। কিন্তু ফলের ক্ষেত্রে বছরে অন্তত দুইবার বর্ষার আগে ও বর্ষার পরে সাবধানে পরিমাণমতো সার দিতে হবে। সার প্রয়োগের সময় মাটির আর্দ্রতা দেখে নিতে হবে। কেননা বেশি আর্দ্র বা কম আর্দ্র কোনো অবস্থায়ই সার প্রয়োগের জন্য উপযুক্ত নয়। বিশেষ ক্ষেত্রে কিছু কিছু সার পানিতে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে। গুটি সারও এ ক্ষেত্রে বিশেষ উপযোগী। আমাদের দেশের আবহাওয়ায় গাছে পোকা বা রোগের আক্রমণ অহরহ ঘটে থাকে। সে ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। প্রতিদিন অন্তত যদি একবার ছাদের বাগান পরিদর্শন করা যায় তাহলে বালাই আক্রমণ যেমন কম হবে তেমনি ফসলও পাওয়া যাবে অনেক। যদি হঠাৎ বেশি মাত্রায় গাছ আক্রান্ত হয়ে যায় তখন উপযুক্ত বালাইনাশক সঠিক সময়ে ব্যবহার করতে হবে। টবের গাছে প্রতি বছর ফল পেতে হলে গাছকে ছোট টব থেকে বড় টবে নিতে হবে। আর যদি টবের সাইজ ১৬ ইঞ্চি থেকে ২০ ইঞ্চি ব্যাস বা তার চেয়ে বড় কোনো টব বা হাফ ড্রাম হয় তবে টব পরিবর্তন না করে শুধু টবের আংশিক মাটি পরিবর্তন করলেই চলবে এবং এটি ধারাবাহিকভাবে প্রতি বছর সেপ্টেম্বর বা অক্টোবর মাসের মধ্যে করতে হবে। তাহলে উক্ত গাছ থেকে প্রতি বছর ফল পাওয়া যাবে। মাটির ধরন জেনে বাগান করলে ছাদে যেকোনো ধরনের গাছই জন্মানো সম্ভব। ছাদে বাগান করে ছাদের সৌন্দর্য যেমন বাড়ে, তার সাথে জায়গাটুকু ব্যবহার করে পরিবারের ফুল, শাকসবজি ও ফলের চাহিদা যথাযথভাবে মেটানো যায়। পরিকল্পিতভাবে ছাদে বাগান করে বাড়তি আয়ও করা যায়। আসুন আমরা সবাই এ সুযোগের আওতায় সর্বোচ্চ লাভ ঘরে তুলি, পরিবেশকে সুস্থ রাখি, দেশ ও দেশের কৃষিকে সমৃদ্ধ করি।

প্রাপ্তবয়স্ক পুরুষ ও মহিলার গড় পুষ্টি চাহিদা (দৈনিক মাথাপিছু)

পুষ্টি উপাদান	পুরুষ (মাঝারি শ্রম)	মহিলা		
		(মাঝারি শ্রম)	গর্ভবতী	দুগ্ধদানকারী
ক্যালরি (কিলোক্যালরি)	২৮০০	২২০০	+৩০০	+৫৫০-১০০০
আমিষ (গ্রাম)	৫৫	৫০	+১৫	+২০
ক্যালসিয়াম (মিলিগ্রাম)	৪০০	৪০০	+৬০০	+৬০০
লৌহ (মিলিগ্রাম)	২৮	২৮	+৭	+৭
ভিটামিন-এ (রেটিনল) (মাইক্রোগ্রাম)	৬০০	৬০০	+০	+৩০০
ভিটামিন বি _১ (মিলিগ্রাম)	১.২	১.০	+০.২	+০.৩
ভিটামিন বি _২ (মিলিগ্রাম)	১.৬	১.৩	+০.২	+০.৩
ভিটামিন সি (মিলিগ্রাম)	৪০	৪০	+০	+৪০
নায়াসিন (মিলিগ্রাম)	১৮	১৪	+০২	+৪
ফলিক এসিড (মাইক্রোগ্রাম)	১০০	১০০	+৩০০	+৫০

পুরুষের ওজন-৬০ কেজি, মহিলার ওজন-৫০ কেজি হিসেবে ধরা হয়েছে

তথ্য সূত্র : বারটান

বিভিন্ন ধরনের খাদ্যের পুষ্টি উপাদান (খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রামে)

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-পি (মি. গ্রাম)
দানাদার শস্যজাতীয় খাদ্য														
চাল সিদ্ধ টেকি ছাঁটা	৩৪৮	১২.৬	৭.৬	২.৩	৭২.৪	৩.৮	১০	২.৮	১.৯০	০	০.৬৮	০.২৭	০.০৭	০
ভাত সিদ্ধ টেকি ছাঁটা	১১২	৭২.০	২.৪	০.৭	২৩.২	১.২	৬	১.০	০.৫৮	০	০.২২	০.০৪	০.০২	০
চাল সিদ্ধ কলে ছাঁটা	৩৪৯	১০.৯	৬.৯	০.৩	৭৭.৯	৩.৪	২	০.৭	১.৩৪	০	০.০৮	০.১১	০.০৬	০
চাল সিদ্ধ কলে ছাঁটা	৩৪৯	১০.৮	৭.০৮	০.৩	৭৭.৯	৩.৪	২	০.৭	১.৩৪	০	০.০৮	০.০৯	০.০৬	০
চিড়া	৩৫৬	৯.৯	৬.৫	১.১	৭৯.২	১.৩	২৫	৬.৮	১.৩৬	০	-	০.২১	০.০৫	০
খৈ	৩৮০	৩.৯	৭.১	০.১	৮৭.০	১.৪	১০	০.৭	০.৮৭	০	০.১০	০.২১	০.২৭	০
মুড়ি	৩৬১	৭.৩	৬.৭	০.১	৮২.৭	১.৪	৯	০.৭	০.৮৪	০	০.১০	০.২১	০.১২	০
সুজি, গম	৩৪৬	১২.৮	১০.৯	১.৪	৭০.৬	৩.৯	১৭	১.১	২.১৮	০	০.১	০.১৮	০.০৫	০
আটা লাল	৩৩৪	১২.৩	১১.৩	২.১	৬২.২	১০.৭	৫২	৪.৯	৩.০২	০	০.৭২	০.৪৯	০.১৭	০
আটা সাদা	৩৪৭	১২.২	১০.৬	১.৬	৭০.৩	৪.৪	১৩	৩.৮	১.৫৫	০	০.৪৩	০.১৩	০.০৫	০
ময়দা	৩৪৬	১২.৮	৯.৮	১.০	৭৩.১	২.৭	১৩	২.৭	১.৫৫	০	০.০৬	০.১২	০.০৭	০
ডালজাতীয় খাদ্য														
ছোলার ডাল ভাঙা	৩৭৫	১০.৫	২০.২	৬.০	৫৯.২	১.২	৫৬	৮.৮	৩.৩৪	৩	২.৮৮	০.৪৮	০.২৭	টি আর
মাসকলাই ডাল ভাঙা	৩৫০	১০.৫	২২.৬	১.২	৬১.৮	০.৯	৫৩	৩.৩	২.৪৫	৫	১.৯	০.৪২	০.১৮	টি আর
মুগ ডাল ভাঙা	৩৫১	৯.৮	২৩.৭	১.২	৬০.৯	০.৭	৬৯	৭.২	২.৭৩	৩	১.৯	০.৩৬	০.১৪	টি আর
খেসারি ডাল ভাঙা	৩৫২	৯.৪	২৮.৪	০.৯	৫৬.৫	২.২	৬১	৫.৩	৩.৩৮	৫	০.৫	০.৩৭	০.২১	টি আর
মসুর ডাল	৩১৭	১২.২	২৭.৭	০.৮	৪৩.২	১৩.২	২৩	৫.১	৩.৮৯	৩	০.৩৭	০.৭৭	০.১৩	০
মটর	৩২৭	১১.৭	২২.১	২.১	৪৮.৩	১৩.০	৭৫	৪.৮	৩.৪৯	৩	১.০৪	০.৪৭	০.১৩	টি আর
মসলাজাতীয় খাদ্য														
তেজপাতা	৩৫৩	৫.৪	৭.৬	৮.৪	৪৮.৭	২৬.৩	৮৩৪	৪৩.০	৩.৭০	৩০৯	-	০	০	৪৬.৫
এলাচ	২৬১	২০.০	১০.২	২.২	৩৭.৮	২৪.৪	১৩০	৪.৬	২.৮১	০	-	০.২২	০.১৭	০
শুকনা মরিচ	৩১৩	১০.০	১৫.৯	৬.২	৩৫.২	২৬.৬	১৬০	২.৩	২.৪৮	৭৪৭	১৯.৭১	০.৯৩	০.৪৩	৪৭.৪
দারচিনি গুঁড়া	২৪৩	১০.৬	৪.০	১.২	২৭.৫	৫৩.১	১০০০	৮.৩	১.৮৩	১৫	২.৩২	০.০২	০.০৪	৩.৮
ধনিয়া	৩৩৬	১১.২	১৪.১	১৬.১	১৩.৪	৪০.৮	৬৩০	১৭.৯	৪.৫৮	০	-	০.২২	০.৩৫	০
আদা	৭২	৮১.১	১.৯	০.৮	১৩.৩	২.০	১৭	১.১	০.৩৬	০	০.২৬	০.০৩	০.০৩	৫
হলুদ	৩৩৫	১১.৫	৬.৯	৮.৪	৪৭.৩	২১.১	১৬৮	৩৩.২	৩.৭৮	১	৩.১	০.০৯	০.১৭	০
সবজিজাতীয় খাদ্য														
ডাঁটা	২১	৯২.৩	০.৯	০.১	৩.৭	১.২	১১৪	১.৮	০.৫২	২৬	-	০.০১	০.১৮	৩৫.৮
শিম	৫৪	৮৫.০	৩.৯	০.১	৮.৩	২.০	৪৪	১.১	০.৪৮	৩২	০.০৬	০.০৫	০.০১	৮.৭
বেগুন কালো লম্বা	২৪	৯১.৪	১.৯	০.১	২.০	৪.১	২১	০.৪	০.৫৭	৪	০.১০	০.০৩	০.০৭	১.৩
বাঁধাকপি	২৪	৯২.৭	১.৫	০.৩	২.৬	২.৫	৩০	০.৫	০.৪০	৫	০.২০	০.০১	০.০৫	১৬.১
গাজর	৩৪	৮৯.৭	০.৯	০.৩	৬.০	২.৬	২৬	০.৪	০.০৭	৩২৯	০.৫৫	০.০৪	০.০৯	১.৪
ফুলকপি	২৭	৯১.৮	২.৬	০.৩	২.৫	২.০	৩৩	০.৮	০.৪১	১	০.২২	০.০৩	০.০৩	৭২.৭
কাঁচামরিচ	৪৫	৮৫.৮	২.৮	০.১	৫.৯	৪.৭	২২	১.৬	১.৯৭	১০	০.২৯	০.০৩	০.০৫	১০২.৩
শসা	১৭	৯৫.১	০.৮	০.১	২.৯	০.৭	১৩	০.৬	০.১৭	৪	০.০৭	০.১৬	০.০২	৭.২

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোকালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মি. গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
বসুন	১৪৭	৬১৬	৬.৯	০.৬	২৭.৬	২.১	২৫	১.৬	১.০৮	০	০.০৮	০.১৩	০.১২	২৪.১
চাল কুমড়া	১০	৯৬.৫	০.৪	০.১	১.০	১.৭	৩০	০.৮	০.১০	০	-	০.০৬	০.০১	৩১.০
করলা	৩১	৯০.৪	২.১	০.৩	৩.৬	২.৬	১৬	১.৮	০.৩৫	২৪	-	০.০৫	০.০৩	৯০.৬
লাউ	৩৪	৯০.৮	১.১	০.১	৬.৮	০.৬	২৬	০.৭	০.৫৮	১	-	০.১	০.০২	৮.৭
পটোল	২৪	৯২.৬	২.০	০.৩	২.২	২.২	১৬	১.৭	০.৪০	৫	-	০.১৭	০.০৩	১৯.৪
চিচিসা	২৪	৯৩.৪	০.৫	০.৩	৪.৫	০.৮	৩১	০.৪	০.৩২	-	-	০.০৪	০.০৬	১৮.৮
টেঁড়ুস	৩৯	৮৭.৭	২.১	০.২	৫.৭	৩.১	৯৩	০.৯	০.৩৪	১৯	০.২৭	০.০৪	০.১৬	১৭.৫
পিয়াজ	৫৯	৮৩.৭	১.৪	০.১	১২.২	১.৯	২৪	০.৯	০.৪১	২	০.০২	০.০৫	০.১৪	৪.৫
কাঁচা পেঁপে	৩০	৯০.৬	০.৮	০.১	৫.৭	১.৫	১৫	০.৬	০.২২	১	-	০.০৩	০.০২	১৮.৬
কাঁচা কলা	৭৭	৭৮.৯	২.০	০.৩	১৫.৫	২.৩	২২	০.৬	০.১৪	৫৬	০.১৪	০.৯	০.০৬	৭.৩
মিষ্টিকুমড়া	১৮	৯৩.৯	১.৪	০.৩	১.৩	২.৪	৫২	০.৭	০.১১	৩৬৯	১.০৬	০.০৭	০.০৬	২১.১
কাঁচা টমেটো	২৩	৯৩.৩	১.৯	০.২	২.৫	১.৭	১৬	০.৩	০.১৯	-	০.৩৮	০.০৭	০.০১	৩০.৬
পাকা টমেটো	১৬	৯৫.০	১.১	০.২	১.৪	১.৭	১৩	০.২	০.৪১	৯	০.৫৪	০.০৪	০.০৪	১২.৩
কচুর মুখী	১০৩	৭১.১	২.২	০.২	২১.০	৪.১	৩৫	০.৭	০.২৩	৪	২.৩৮	০.১২	০.০৩	৬.১
গোলআলু (খোসা ছাড়া)	৬৬	৮১.৭	১.২	০.২	১৪.০	২.১	১১	০.৫	০.৭৯	২	০.০২	০.০৮	০.০৯	১৯.১
মিষ্টিআলু (কমলা সুন্দরি)	৯৭	৭৩.৭	০.৯	০.৩	২১.১	৩.০	৩০	০.৬	০.৩০	৭১৯	০.২৬	০.০৮	০.০৬	২৩.০
মিষ্টিআলু (হল্‌দী)	১০৫	৭১.৭	০.৯	০.৩	২৩.১	৩.০	২৫	১.০	০.১৪	৩	০.২৬	০.০৬	০.০২	২০.৪
মিষ্টিআলু (সাদা)	৯৮	৭৩.৫	০.৬	০.৩	২১.৮	৩.০	২৫	১.৫	০.৩৮	১	০.২৬	০.০৮	০.০৬	২০.৩
বাদাম, বীজজাতীয় খাদ্য														
হিজলী বাদাম	৫৯৫	৫.৯	১৮.০	৪৬.৯	২৩.৫	৩.৩	৫০	৫	৫.৭৮	১	০.৮৫	০.৬৩	০.১৯	০
নারিকেল (শুকনা)	৬৫২	৪.৩	৫.৬	৬২.২	৮.৫	১৭.৮	৩২	৪.৭	০.৯০	০	১.২৬	০.০৬	০.০২	০
নারিকেল	৩৮৯	৪২.৯	৩.৩	৩৬.৭	৬.৯	৯.২	১৬	২.২	০.৭৪	০	০.৭৩	০.০৫	০.০৪	৩.৩
চীনাবাদাম	৫৮৫	৫.৩	২২.৫	৪৬.৬	১৪.৮	৮.৫	৭৬	২.৯	৩.৩৯	০	১০.০৯	০.৭৭	০.১২	০
কাঁঠালের বিচি	১৫১	৬০.১	৫.৬	০.৪	৩০.৪	১.৫	৪০	১.৫	-	০	-	০.২১	০.১১	৮.৬
সরিষা	৫০১	৮.৫	২২.০	৩৫.০	১৮.৫	১১.৮	২৫৭	৮.৯	৫.৮৭	১	৫.০৭	০.৬৫	০.২৬	০
পেস্তা	৫৭৪	৪.৫	১৯.২	৪৪.৯	১৮.২	১০.৩	১১৭	৫.৩	২.২	১৬	২.৩	০.৮০	০.২০	৫.৩
তিল	৫৬৩	৫.৩	১৭.৭	৪৫.৮	১৪.৩	১১.৭	৯৬৯	১০.৫	৭.৭০	০	২.০০	০.৭৯	০.৩৪	০
শাকজাতীয় খাদ্য														
লালশাক	৩২	৮৮.৮	৪.৫	০.৩	০.৫	৪.২	২৫৬	৬.০	০.৯৬	৭৯৩	-	০.০৩	০.১৩	৪২.০
উঁটশাক	২৫	৯১.০	২.০	০.৩	১.৫	৪.৪	১৭১	৮.৪	০.৯৮	৭৪৩	-	০.০৩	০.১৮	৩৭.১
লাউশাক	২৬	৯০.২	২.৫	০.৬	০.৬	৪.৪	৯৪	৩.১	০.৪৯	১৯৮	-	০.০৭	০.১৭	৪৭.৭
কালো কচুশাক	৬২	৮১.৮	৫.৬	১.২	৫.৩	৩.৭	৩৯২	২.১	০.৯৮	৬৯৯	৩.৩৬	০.০৬	০.৪৫	৬৩
সবুজ কচুশাক	৫১	৮৪.৭	৪.০	১.১	৪.৪	৩.৭	২৩৫	৪.৯	০.৬৮	৫৯৬	২.০২	০.২২	০.২৬	৪৮.১
পুঁইশাক	২৫	৯১.৮	২.৪	০.৩	২.১	২.২	১১১	২.২	০.৩৫	১৭০	-	০.০২	০.৩৬	৫১.৮
পাটশাক	৩২	৮৭.৬	২.৯	০.৩	১.৭	৫.৮	১২০	৯.৭	১.৪৭	৩০৫	-	০.১	০.৫৫	৫৪.৪
মুলাশাক	৩২	৯০.৭	১.৮	০.৭	৩.৪	২.৬	১৪৭	২.৮	০.৪৮	১৫৬	-	০.০৮	০.০৯	৬৮.৯
পালংশাক	২৬	৯০.৮	৩.০	০.৫	০.৯	২.৯	৯০	২.২	০.৯০	৪০৯	২.০৩	০.০৩	০.০৯	২১.২
কলমিশাক	৪৩	৮৭.১	১.৯	০.৪	৬.০	৩.৭	১০৭	২.২	০.৫১	১৯৯	-	০.১৪	০.৪	৩০.৪
হেলেগুশাক	৪৯	৮৭.৪	২.০	০.৫	৮.৮	০.৫	৩১	১.৯	০.৫২	৫৩০	১.৪৬	০.০৪	০.১৬	৪৩.০

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মিঃ গ্রাম)	লৌহ (মিঃ গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মাঃ গ্রাম)	ভিটামিন-ই (মিঃ গ্রাম)	থায়ামিন (মিঃ গ্রাম)	রাইবোফ্লাভিন (মিঃ গ্রাম)	ভিটামিন-সি (মিঃ গ্রাম)
ফলজাতীয় খাদ্য														
আপেল খোসাসহ	৬২	৮৩.৩	০.৩	০.২	১৩.৫	২.৪	৬	০.১	০.০৪	৩	০.১৮	০.০৯	০.০৩	৪.০
নাশপাতি	৬২	৮৩.০	০.৬	০.৩	১২.৩	৩.৬	৬	০.৫	০.০৮	০	০.১২	০.০৩	০.০৩	৩.৮
সাগর কলা (পাকা)	৯৫	৭৫.২	১.৩	০.৮	১৯.২	২.৬	১১	০.৩	০.২৪	২	০.৭৫	০.০৫	০.০৮	১.০
কামরাঙা	৪১	৮৮.৭	০.৫	০.৭	৬.৭	২.৮	১০	০.৮	০.৩৮	৭	০.১৫	০.১২	০.০৪	৪৯.৪
কদবেল	৬৪	৮০.৯	৩.১	০.৪	১০.৩	৩.৫	৭৪	০.৭	০.৩৭	-	-	০.৮০	০.০৩	১২.৮
আমলকী	৪৪	৮৬.৭	০.৮	০.১	৮.৩	৩.৪	৩২	০.৯	০.৩০	১	-	০.০২	০.০৮	৪৫৩.৪
আঙ্গুর (হালকা সবুজ)	৯৪	৭৫.৩	০.৫	০.৬	২০.২	২.৯	২২	০.৫	০.০৭	৩	০.৪০	০.১০	০.০৬	২৯.০
পেয়ারা (বিভিন্ন প্রকার কাঁচা)	৬৩	৮১.৪	১.০	০.৫	১০.৯	৫.৪	১৭	০.৭	০.৩১	৩৩	০.৭৩	০.২১	০.০৯	২২৮.৩
আমড়া	৫১	৮৬.৭	১.১	০.৮	৮.৯	১.৬	৫৭	২.৮	০.১৭	-	-	০.২৮	০.০৪	৭৭.০
কাঁঠাল (পাকা)	৭৪	৭৭.০	১.২	০.২	১৩.৩	৭.২	১৩	০.৩	০.৫৯	২	০.১১	০.১১	০.০৫	৩.৪
কালোজাম	৩৯	৮৮.২	০.৯	০.৫	৬.১	৩.৫	২৩	০.৮	০.২১	৯৩	-	০.০৯	০.০২	৭৪.১
বড়ই	৬০	৮৪.৩	১.৯	০.২	১২.৬	-	১৪	০.৮	০.৩২	২	-	০.০২	০.০৬	৬৬.১
লেবু কাগজি	৫৬	৮৬.০	০.৮	১.০	১০.২	১.৩	৬৫	০.৩	০.০৭	৪	০.৮০	০.০২	০.০৩	৪৫.৯
লিচু	৬২	৮১.৮	১.৪	০.৫	১০.২	৫.৫	১১	০.৫	০.২৭	০	-	০.০২	০.০৬	১১.০
ফজলি আম (পাকা)	৭০	৮১.৭	০.৯	০.৫	১৪.৭	১.৬	১৪	০.৫	০.৮৭	২৯২	১.১২	০.০৩	০.০৪	৩৪.৭
ল্যাংড়া আম (পাকা)	৮২	৭৮.৪	০.৮	০.৪	১৮.০	১.৬	১৩	০.২	০.৬০	২৫	০.৯২	০.০৯	০.১০	১০৩.০
বাঙি (পাকা)	১৬	৯৫.৫	০.৩	০.২	২.৮	০.৮	২১	টি আর	০.০৬	৪	০.০৭	০.১১	০.০৮	২৬.০
কমলা	৪৪	৮৭.৭	০.৭	০.২	৮.৭	২.৪	২৩	০.২	০.০৭	১৯	০.২৪	০.০৪	০.০১	৫৪.০
পাকা তাল	৭৮	৭৯.৭	০.৫	০.৪	১৭.৮	০.৭	১৬	১.৭	০.২৭	২০৮	-	০.০৪	০.০২	৩৫.১
পেঁপে পাকা	৩৩	৯০.৫	০.৬	০.১	৬.৫	১.৭	২৯	০.৩	০.১৭	৬০	০.৩	০.০৮	০.০৩	৬১.৮
আনারস জলডুগী (পাকা)	৪৩	৮৮.৭	০.৮	০.৪	৮.৩	১.৪	২০	১.৬	০.৬০	-	০.১	০.১১	০.০৪	২০.৯
আনারস (পাকা)	৪৭	৮৭.২	১.০	০.১	৯.৭	১.৪	১৮	০.৭	০.২২	৫	০.১	০.২০	০.১২	৩৩.৯
জামবুরা	৩৮	৮৯.৯	০.৪	০.৩	৭.৭	১.০	৩৬	০.২	০.০৬	৩	০.২৪	০.০৬	০.০৪	১২১.৭
মিষ্টি তেঁতুল (পাকা)	২৭০	২৭.৯	৩.২	০.৪	৬০.৮	৫.১	১২৭	৪.০	০.১১	১	০.০৯	০.৩৫	০.১২	১১.২
তরমুজ (লাল পাকা)	২২	৯৪.২	০.৫	০.২	৪.৪	০.৪	১২	০.৪	০.১৫	২৯	০.০৫	০.০২	০.০৪	২৩.৯
বেল পাকা	১১১	৬৮.৫	২.৯	০.৩	২০.৯	৭.০	৪১	০.৪	০.২৬	-	-	০.০৩	০.০২	১১.৩
মাছজাতীয় খাদ্য														
ফেশা	১০৫	৭৪.৮	১৭.৭	৩.৮	০	০	৪৫২	১.৮	৩.২০	১২	০.৪৪	০.০৫	০.২৪	টি আর
সরপুটি	১৭৫	৭০.৬	১৭.৪	১১.৭	০	০	২২৭	০.৬	০.৭৪	-	-	০.০২	০.০৭	টি আর
বোয়াল (কাঁটা ছাড়া)	৮০	৮০.৮	১৫.৪	২.১	০	০	৮৩	০.৮	০.২৭	১	-	০.০৬	০.০৭	টি আর
কাতলা	১০৩	৭৬.৭	১৯.৯	২.৬	০	০	৫৩০	০.৬	০.৪৮	৩	-	০.০৮	০.০৯	টি আর
কই (দেশি)	১৩০	৭৩.০	১৭.৫	৬.৬	০	০	৪১০	১.২	১.১৩	২১৫	-	০.০৩	০.১৮	টি আর
কই (থাই)	১৩৯	৭৩.০	১৭.৫	৭.৭	০	০	৬৪	১.২	১.১৩	২১৫	-	০.০৩	০.১৮	টি আর
টেংরা (বিভিন্ন প্রজাতি)	১১৪	৭৩.৬	১৮.২	৪.৬	০	০	৬২৭	২.৮	০.৭৭	৪৩	-	০.০১	০.০৪	টি আর
কাঁচকি (বিভিন্ন প্রজাতি)	৯৩	৮০.৪	১৬.১	৩.২	০	০	৪৮৯	২.৪	৩.১০	৩৮	০.৭৭	০.০৩	০.০৫	টি আর
গুলশা	৮৬	৭৮.৬	১৫.৪	২.৭	০	০	৩০০	১.৩	০.৮৮	-	-	০.০১	০.০৩	টি আর
ইলিশ (কাঁটা ছাড়া)	২২৩	৬২.৭	১৮.০	১৬.৮	০	০	৮৬	১.৩	০.৫৪	-	-	০.১২	০.১৪	টি আর
আইড় (কাঁটা ছাড়া)	৮৯	৭৮.১	১৭.০	২.৩	০	০	১১	০.৯	০.২৩	-	-	০.০৭	০.০৮	টি আর

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যাংশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মি. গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
মলা	১০৮	৭৭.৫	১৭.১	৪.৪	০	০	৭৬৭	৩.৮	৩.১৯	২৬৮০	-	-	-	টি আর
পাংগাস (কাঁটা ছাড়া)	১৬২	৭০.৮	১৫.৯	১১.০	০	০	১৪	০.১	১.৮৫	৫	-	০.১৫	০.০৬	টি আর
চিংড়ি (গলুদা)	১০২	৭৪.৮	২০.৯	২.০	০	০	১৮	০.৭	১.২৫	২	-	-	-	টি আর
চিংড়ি	৭৫	৭৯.৯	১৭.৬	০.৬	০	০	১৫	০.৫	১.০০	১	-	-	-	টি আর
রুই (নদীর)	৯০	৭৬.৭	১৬.৬	২.৭	০	০	৬৫০	১.০	১.১৩	-	-	০.০৫	০.০৭	টি আর
রুই (কাঁটা ছাড়া)	১০৫	৭৬.৩	২০.৬	২.৬	০	০	৩০	০.৪	১.১৩	৪	-	০.৬১	০.১০	টি আর
শিং মাছ (কাঁটা ছাড়া)	১০১	৭৬.৭	১৭.২	৩.৫	০	০	৩১৯	২.১	০.৫৫	১৬	-	০.০৮	০.০৯	টি আর
শোল (কাঁটা ছাড়া)	১০১	৭৮.৪	১৭.৭	৩.৩	০	০	১০৪	১.০	০.৩১	-	-	০.০৪	০.০৫	টি আর
তেলাপিয়া (কাঁটা ছাড়া)	১১০	৭৬.২	২০.৮	৩.০	০	০	১৯	০.৫	১.৪০	২	০.৭১	০.৯৭	০.০৯	টি আর
মাগুর (কাঁটা ছাড়া)	১০৩	৭৭.৬	১৫.৬	৪.৬	০	০	২৭	০.৮	০.৫৩	১৫	-	০.০৩	০.০৬	টি আর
মাংসজাতীয় খাদ্য														
গরুর কলিজা	১৩০	৭০.৮	২০.৪	৩.৬	৩.৯	০	৪	৩.৫	৩.৭১	৪৯৬৮	০.৩৮	০.১৯	২.৭৬	১.৩
গরুর মাংস (হাড় ছাড়া)	২০৭	৬৫.৪	১৯.৭	১৪.২	০	০	৫	২.২	৪.৬	১৫	০.৩৫	০.০৫	০.২	০
মহিষের মাংস	৯৫	৭৮.৭	১৯.৪	১.৯	০	০	১২	১.৬	১.৯৩	০	০.০৫	০.০৪	০.২	০
মুরগির বুকের মাংস	১০৬	৭২.৯	২২.৩	১.৮	০	০	১৫	০.৫	১.৭০	২৫	০.১২	০.১২	০.০৭	০
মুরগির রানের মাংস	১২৮	৭১.৯	১৯.২	৫.৭	০	০	১৮	১.০	২.০৯	২৩	০.২৪	০.০৯	০.১২	০
হাঁসের মাংস	১৩০	৭২.৩	২১.৬	৪.৮	০	০	৪	২.৪	১.৯০	২৪	০.০২	০.৩৬	০.৪৫	০
খাসির মাংস	১১৮	৭৪.২	২১.৪	৩.৬	০	০	১২	২.৮	৪.০০	০	০.১৮	০.১১	০.৪৯	০
কবুতরের মাংস	১৩৭	৭০.৪	২৩.৩	৪.৯	০	০	১২	২.৫	২.৯৪	১৮	-	০.২৬	০.২৬	৫.৬
ডিমজাতীয় খাদ্য														
মুরগির ডিম (ফার্ম)	১৩৯	৭২.৩	১৪.৫	৯.০	টি আর	০	২৯	১.৫	২.৩৬	১৬৫	০.৮৩	০.১৮	০.৪০	০
মুরগির ডিম দেশি	১৫৮	৭৬.১	১৩.৩	১১.৬	টি আর	০	৬০	১.৭	২.০৩	২১৩	১.২	০.১৮	০.৪০	০
মুরগির ডিমের কুসুম দেশি	৩২৫	৫১.৯	১৬.০	২৭.৮	২.৬	০	১২০	৪.৮	৩.৩৩	৪৯৬	৪.১৬	০.২৩	০.৪৯	০
হাঁসের ডিম	১৮৮	৬৯.৭	১৩.৫	১৪.৩	১.৪	০	৬৫	২.৪	১.৪১	৩৬২	১.৩৯	০.১২	০.২৬	০
দুগ্ধ ও দুগ্ধজাতীয় খাদ্য														
ঘোল	৩৩	৯২.২	৩.৪	০.৭	৩.১	০	১০৩	০	০.৪১	৮	০.০১	০.০৪	০.১৭	০.৭
পনির	৩৪৬	৪০.৩	২৪.৬	২৫.১	৫.৪	০	৭৯০	০.৩	৩.৫৫	২০৫	০.৪৯	০.০২	০.৪৭	টি আর
দই-মিষ্টি	৯৪	৮০.৬	৩.২	৪.০	১১.৪	০	১০৩	০.১	০.৪৫	৩২	০.০৮	০.০৫	০.১৬	১.০
মহিষের দুগ্ধ	১০১	৮৩.৩	৩.৮	৭.৫	৪.৭	০	২০৬	০.২	০.২২	৪৭	-	০.০৫	০.২২	১.৭
গুঁড়া দুগ্ধ (গরু) ননিসহ	৪৯৭	৩.২	২৬.৬	২৬.৭	৩৭.৫	০	৯৫৯	০.৭	৩.৭১	২৩৮	০.৫৯	০.৩১	১.৩৭	১০.৭
গুঁড়া দুগ্ধ (গরু) ননি ছাড়া	৩৫৮	৩.৮	৩৭.৬	১.০	৪৯.৮	০	১৩৭০	১.১	৪.৭	০	০.১	০.৪৫	১.৬৪	৫.০
তরল দুগ্ধ (গরু) ননী ছাড়া	৩০	৯২.১	৩.১	০.১	৪.১	০	১০৩	০.১	০.৪৫	০	০.০১	০.০৬	০.২৮	১.০
তরল দুগ্ধ (গরু) ননিসহ	৬৩	৮৮.৩	৩.১	৩.৭	৪.৩	০	১০৩	০.১	০.৪৫	৩২	০.০৮	০.০৬	০.২৮	২.০
ছাগলের দুগ্ধ	৬৮	৮৭.২	৩.৫	৪.১	৪.৩	০	১৫২	০.২	০.৩	৩২	০.০৩	০.০৫	০.০৯	১.২
শালদুগ্ধ (কলস্ট্রাম)	৫৮	৮৮.২	২.০	২.৬	৬.৬	০	২৮	০.১	০.৬০	১৬৬	১.৩০	টি আর	০.০৩	৭.০
বুকের দুগ্ধ (মায়ের)	৬৯	৮৭.৪	১.২	৪.০	৭.২	০	৩২	০.১	০.২৬	৫৬	০.৩৪	০.০২	০.০৩	৪.৩


খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যাংশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি.গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মি. গ্রাম)	ভিটামিন-এ (মি.গ্রাম)	ভিটামিন-ই (মি.গ্রাম)	থায়ামিন (মি.গ্রাম)	রাইবোফ্লাভিন (মি.গ্রাম)	ভিটামিন-সি (মি.গ্রাম)
চর্বি ও তেলজাতীয় খাদ্য														
মাখন নোনতা	৭৩৩	১৫.৯	০.৯	৮১	০.২	০	২৪	০	০.০৯	৬৩৩	১.৮৫	০.০১	০.০৩	০
কডলিভার তেল	৯০০	০	০	১০০	০	০	১	০.১	০.০৬	২৫০০	৩০	০	০	০
ঘি-গরুর দুধের	৮৯৮	০.১	০	৯৯.৮	০	০	১	০.২	০.০১	৬৪২	৩.৩১	০	টি আর	০
মেয়োনিজ নোনতা	৭৩২	১৬.৪	১.৫	৮০.৬	০	০	৮	০.৩	০.২৫	৭৩	১৬.৮৭	০.০১	০.০৫	০
সরিষার তেল	৯০০	০	০	১০০	০	০	০	০	০	০	-	০	০	০
পাম তেল	৯০০	০	০	১০০	০	০	০	০	০	০	৩৩.১২	০	০	০
সয়াবিন তেল	৯০০	০	০	১০০	০	০	০	০.১	০.০১	০	১৬.০৬	০	০	০
পানীয় জাতীয় খাদ্য														
ডাবের পানি	২০	৯৪.৫	০.৬	০.৩	৩.২	১.১	২০	০.২	০.১০	০	০	০.০৬	০.০৩	৩.৩
কফি দুধ ও চিনিসহ	৩৮	৯১.৩	০.৯	০.৮	৬.৮	০	৩৩	০.২	০.১২	৭	০.০২	০.০১	০.০৪	০.৩
কফি, পাউডার	৩৫৫	৩.১	১২.২	০.৫	৭৫.৪	০	১৪১	৪.৪	০.৩৫	০	০	০.০১	০.০৭	০
কোমল পানীয়	৪১	৮৯.৬	০	০	১০.৩	০	৬	০.৩	০.০২	০	০	০	০	০
সয়াবিন দুধ চিনি ছাড়া	৫৪	৮৭.৮	২.৮	২.৪	৪.৯	০.৫	১৩	০.৪৩	০.৩	০	০.০৬	০.০৬	০.০৫	০
আখের রস	৩৩	৯১.৭	০.৭	০	৭.৫	০	৮	১.১	০.০১	০	০	০.০৪	টি আর	টি আর
চা দুধ মিশ্রিত চিনিসহ	৪১	৯০.৪	০.৭৩	০.৮	৭.৬	০.২	২৮	০.৪	০.১১	৬	-	০.০১	০.০৪	০.৩
লিকার চা চিনিসহ	২৯	৯২.৪	০.২১	০.০	৭.১	০.১	৫	০.১	০.০৩	০	-	০.০০	০.০১	০
খাবার পানি	০	১০০	০	০	০	০	৩	০.১	০.০০২	০	০	০	০	০
মধু	৩২৬	১৮.২	০.৩	০	৮১.১	০.২	৫	০.৫	০.৪৯	০	০	০	০.০৬	১.৪

উৎস : Food Composition Table For Bangladesh (2014), Institute of Nutrition and Food Science, Center for Advanced Research Science, University of Dhaka.

আধুনিক কৃষি যন্ত্রপাতির তথ্যচিত্র

যন্ত্রপাতির নাম	বিবরণ
<p>কম্বাইন হারভেস্টার</p> <p>ক. হেডফিড কম্বাইন হারভেস্টার</p>  <p>খ. হোলফিড কম্বাইন হারভেস্টার</p> 	<p>কম্বাইন হারভেস্টার দ্বারা ঘণ্টায় ১ একর জমির ধান ও গম কাটা, মাড়াই, বাড়াই ও বস্তাবন্ধি করা যায় এবং হেলে পড়া ফসলও কাটা যায়। কম্বাইন হারভেস্টার দুই ধরনের- হেড ফিড এবং হোল ফিড। হেড ফিড কম্বাইন হারভেস্টার দিয়ে ধান কাটলে খড় আস্ত থাকে, খড় টুকরো টুকরো হয় না। হোলফিড কম্বাইন হারভেস্টার দিয়ে ধান কাটলে খড় আস্ত থাকে না, খড় টুকরো টুকরো হয়ে যায়। এই যন্ত্রের একর প্রতি খরচ ৪৫০০ -৫৫০০ টাকা।</p>
<p>ক. রিপার</p>  <p>খ. রিপার বাইন্ডার</p> 	<p>এ যন্ত্র দিয়ে ঘণ্টায় ৩০-৩৫ শতাংশ ধান এবং ৪৫-৬০ শতাংশ গম কাটা যায়। হেলে পড়া ধান বা গম কাটা যায়। জমিতে কিছুটা পানি থাকলেও যন্ত্রটি দিয়ে ফসল কাটা যায় (এটেল মাটি ছাড়া)। কাটা ধান বা গম ডান পাশে সারিবদ্ধভাবে পড়ে, যাতে সহজে আঁটি বাঁধা যায়। জ্বালানি খরচ পেট্রোল ০.৮ লিটার/ঘণ্টা। রিপার বাইন্ডারের কাজ রিপারের অনুরূপ। তবে এ যন্ত্রটি ফসল কাটার সাথে সাথে আঁটি বেধে আঁটি সারিবদ্ধভাবে ফেলে রাখে।</p>

যন্ত্রপাতির নাম	বিবরণ
<p>ক. সিডার</p>  <p>খ. বেড প্লান্টার</p> 	<p>এ দুটিই পাওয়ার টিলার চালিত যন্ত্র। যন্ত্রটি দ্বারা একই সাথে জমি তৈরি ও বীজ বপন করা যায়। এ যন্ত্র দ্বারা নিয়ন্ত্রিতভাবে ধান, গম, ভুট্টা, পাট, তেলবীজ ও ডালজাতীয় শস্য বপন করা যায়। ফসল অনুযায়ী বীজের হার, সারি থেকে সারির দূরত্ব এবং মাটি ও ফসল অনুযায়ী বীজের গভীরতা নিয়ন্ত্রণ করা যায়। যন্ত্রের সাহায্যে ঘণ্টায় ২৫-২৭ শতাংশ জমিতে বীজ বপন করা যায়। বেডে ফসল চাষ করলে সেচ খরচ ও সময় ২৫% সাশ্রয় হয়।</p>
<p>রাইস ট্রান্সপ্লান্টার ক. রাইডিং টাইপ</p>  <p>খ. ওয়াকিং টাইপ</p> 	<p>ষষ্ঠ সময়ে অধিক জায়গায় ধানের চারা নির্দিষ্ট দূরত্বে, সারিবদ্ধভাবে, নির্দিষ্ট সংখ্যায়, নির্দিষ্ট গভীরতায় লাগানোর কাজে রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহার করা হয়। এ যন্ত্র দ্বারা চারা রোপণের জন্য ট্রে অথবা পলিথিন সিটের উপর চারা উৎপাদন করতে হয়। ৩-৪ পাতা বিশিষ্ট ২০-২২ দিন বয়সের চারা এ যন্ত্রের সাহায্যে জমিতে রোপণ করা যায়।</p>
<p>ক. পাওয়ার প্রেসার</p>  <p>খ. মেইজ শেলার</p> 	<ul style="list-style-type: none"> ➤ এ দুটি যন্ত্র ফসল মাড়াই কাজে ব্যবহৃত হয়। ➤ স্থানীয় কারখানায় তৈরি ও মেরামত করা যায়। ➤ পরিচালনা ও মেরামত খরচ কম। ➤ মাড়াইকৃত শস্যের গুণগতমান বজায় থাকে। ➤ ভিজা/শুকনো ধান ও গম মাড়াই করা যায়।
<p>পাওয়ার উইডার</p> 	<ul style="list-style-type: none"> ➤ সারিবদ্ধভাবে রোপণকৃত ধানের জমির আগাছা যান্ত্রিক পদ্ধতিতে দমন করা যায়। ➤ আগাছা দমন ও সার প্রয়োগের পর সার মাটির সাথে ভালোভাবে মিশে যায়, ফলে সারের কার্যকারিতা ও ফসলের উৎপাদন বাড়ে। ➤ এ যন্ত্র দিয়ে একজন চালক একদিনে ৫-৬ বিঘা জমিতে নিড়ানি দিতে পারবে।
<p>এক্সিয়াল ফ্লো পাম্প</p> 	<ul style="list-style-type: none"> ➤ সাধারণ পাম্পের তুলনায় ডাবল পানির নিশ্চয়তা। ➤ ৫০% জ্বালানি সাশ্রয়ী ১০-১৬ হর্সপাওয়ার ৩০-৬৫ লিটার/প্রতি সেকেন্ড। ➤ নদী, খাল, বিল ও পুকুর থেকে পানি তুলতে পারে। ➤ কাদা দিয়ে পাইপের মুখ বন্ধ করে টিউবঅয়েলে পানি উঠানোর প্রয়োজন হয় না।
<p>আঁশকল</p> 	<ul style="list-style-type: none"> ➤ সাইজ : লম্বা ১১৪ ইঞ্চি, চওড়া ৬১ ইঞ্চি, উচ্চতা ৪৬ ইঞ্চি ➤ ওজন : ৪৯৫ কেজি (ইঞ্জিনসহ) ➤ শক্তি : ১৬ হর্স পাওয়ার (ডিজেল ইঞ্জিন) ➤ ক্ষমতা : ২০ শতাংশ জমির পাটের আঁশ কাঁচা অবস্থায় ছাড়ানো যায়/প্রতি ঘণ্টা।
<p>খড় ও ঘাস কাটার যন্ত্র</p> 	<p>শুকনো খড় ও কাঁচা ঘাস কর্তন করা যায়।</p> <ul style="list-style-type: none"> ➤ সাইজ : দৈর্ঘ্য ৪৬ ইঞ্চিXপ্রস্থ ২০ ইঞ্চিXউচ্চতা ৩৬ ইঞ্চি ➤ ওজন : ৮৫ কেজি (মটর সহ) ➤ শক্তি : ২ হর্স পাওয়ার ২২০ ভোল্ট, ২৮০০ আরপিএস ➤ ক্ষমতা : কাঁচা ঘাস ১০০০ কেজি, শুকনো খড় ৮০০ কেজি প্রতি ঘণ্টা।

যন্ত্রপাতির নাম	বিবরণ
<p>পাওয়ার স্প্রেয়ার</p> 	<ul style="list-style-type: none"> ➤ যন্ত্রটি উচ্চ ক্ষমতাসম্পন্ন হওয়ায় কম খরচে স্প্রে করা যায়। ➤ এ যন্ত্র দিয়ে কম সময়ে অনেক বেশি জায়গায় স্প্রে করা যায়। ➤ সঠিক ফলন ছাড়াও যে কোনো ফল বা সবজি বাগানের জন্য বিশেষ উপযোগী।
<p>পটেটো ডিগার</p> 	<ul style="list-style-type: none"> ➤ পাওয়ার টিলার চালিত আলু উত্তোলন যন্ত্র মাটির নিচে থাকা সব আলুকে মাটির উপর বিছিয়ে রাখে। ➤ যন্ত্র ব্যবহারে ৫৮% শ্রমিক সাশ্রয় হয় এবং ৩৯% খরচ সাশ্রয় হয়। ➤ ঘন্টায় ১.০-১.৫ লিটার ডিজেল খরচ হয়। ➤ এক বিঘা জমির আলু তুলতে ১-১.৫ ঘন্টা সময় লাগে।
<p>আলুর চিপস তৈরি যন্ত্র</p> 	<ul style="list-style-type: none"> ➤ চিপস তৈরির স্লাইসার দিয়ে ঘন্টায় ৬০ কেজি আলু স্লাইস করা যায়। ➤ স্লাইসার পুরুত্ব হয় ১.৫ মিমি। ➤ সোলার ড্রায়ারে সহজে আলুসহ অন্যান্য ফল ও সবজি শুকানো যায়। ➤ আলুর চিপস তৈরির জন্য বিশেষভাবে তৈরিকৃত। ➤ খোলা মাঠে শুকানোর চেয়ে অনেক তাড়াতাড়ি ও স্বাস্থ্যসম্মতভাবে শুকানো যায়।
<p>ক্যারোট (গাজর) ওয়াসার</p> 	<ul style="list-style-type: none"> ➤ সবজির গায়ে লেগে থাকা ময়লা, ধুলাবালি, জীবাণু দূরীভূত হয় এমনকি E-coli, Salmonella দূর হয়। ➤ প্রচলিত পদ্ধতির তুলনায় ৬৭% অর্থ, ৬৭% শ্রমিক এবং ৪০% সময় সাশ্রয় হয়। ➤ যন্ত্র দিয়ে প্রতি ব্যাচে ১২০ কেজি গাজর ৫-৬ মিনিটে ধৌত করা যায়।

বিশেষ দ্রষ্টব্য : মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কৃষিখাতকে বিশেষ গুরুত্ব প্রদান করে টেকসই ও লাভজনক কৃষি ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে কৃষিতে যান্ত্রিকীকরণের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে। কৃষি যান্ত্রিকীকরণের জন্য হাওর ও উপকূলীয় এলাকায় ৭০% এবং অন্যান্য এলাকাগুলোতে ৫০% ভর্তুকি মূল্যে প্রায় তিন হাজার বিশ কোটি টাকা ব্যয়ে 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের আওতায় ধান কাটা মেশিন (কম্বাইন হারভেস্টার), ট্রাক্টর ও অন্যান্য কৃষি যন্ত্রপাতি প্রদান করা হচ্ছে।

দেশের কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিচিতি

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ফোন-মোবাইল নম্বর)	যন্ত্রের নাম
১.	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) গাজীপুর ফোন : ৪৯২৭০১৫১, ৪৯২৭০০০০ ০১৭১৬৯৭৯০৩৪	বারি বীজ বপনযন্ত্র, বারি বেড প্লান্টার, বারি আলু রোপণযন্ত্র, বারি আলু উত্তোলনযন্ত্র, বারি জিরোটিলেজ প্লান্টার, বারি শুকনা জমি নিড়ানিযন্ত্র, বারি গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র, বারি স্বচালিত রিপার, বারি শক্তিশালিত শস্যমাড়াইযন্ত্র, বারি মোবাইল মেইজ সেলার বারি শক্তিশালিত ভুট্টা মাড়াই, বারি আলু গ্রেডিংযন্ত্র, বারি গার্ডেন বুম স্প্রেয়ার, বারি ফল শোধনযন্ত্র, বারি সোলার পাম্প।
২.	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ফোন : ৪৯২৭২০৫৮, ৪৯২৭২০৫৯ ০১৭১৪২৩৬৯১১	ক. ব্রি দানাদার ইউরিয়া প্রয়োগযন্ত্র; খ. ব্রি গুটি ইউরিয়া প্রয়োগযন্ত্র; গ. ব্রি শক্তিশালিত খড় কাটারযন্ত্র; ঘ. ব্রি পাওয়ার উইডারযন্ত্র; ঙ. ব্রি এয়ার ব্রো-টাইপ রাইস মিল; চ. ব্রি উইডার; ছ. ব্রি স্বচালিত ধান-গমকাটাযন্ত্র; জ. পাওয়ারটিলার চালিত ব্রি ধান-গমকাটাযন্ত্র; ঝ. ব্রি ওপেন ড্রাম পাওয়ার প্রেসার; ঞ. ব্রি ধান-গম পাওয়ার প্রেসার; চ. ব্রি পাওয়ার উইবোয়ার; ছ. ব্রি ড্রায়ার; জ. ব্রি উন্নত চুলা।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (ফোন-মোবাইল নম্বর)	যন্ত্রের নাম
৩.	বিএইউ, ময়মনসিংহ ফোন : ০১৭১১২৩৮৮৪৮	ক. সার বীজ ছিটানো যন্ত্র; খ. দানাশস্য কর্তন যন্ত্র; গ. গুটি ইউরিয়া এপ্রিকিটর।
৪.	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি (বিএমটিএফ লি.) জয়দেবপুর, গাজীপুর, ৯২০৫০৯১-৬	ক. পাওয়ারটিলার; খ. গুটি ইউরিয়া উৎপাদন যন্ত্র; গ. শক্তি চালিত হার্ডেস্টার; ঘ. শক্তিচালিত আখ মাড়াইযন্ত্র; ঙ. ইঞ্জিনচালিত সেচপাম্প; চ. গুটি ইউরিয়া প্রয়োগযন্ত্র; ছ. গভীর নলকূপের টারবাইন; জ. পাটের রিবনার
৫.	মেসার্স রহমান ইঞ্জিনিয়ার ওয়ার্কস প্রোপ্রাইটর : হাজী মো. ইউনুস আলী, কুষ্টিয়া, ফোন : ০১৭১৯৯৬৯৫১৯	ক. গম মাড়াইযন্ত্র; খ. ধান মাড়াইযন্ত্র; গ. ইউনার যন্ত্র; ঘ. ভুট্টা মাড়াইযন্ত্র; ঙ. বীজ বপনযন্ত্র চ. ধান কাটার মেশিন (রিপার); ছ. এক্সিয়েল পাম; জ. উইডার যন্ত্র
৬.	মাহবুব ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিজ বিসিক শিল্পনগরী, টাঙ্গাইল রোড, জামালপুর, ফোন : ০১৭১১২৩৭৭৮৫	ক. বারি ধান মাড়াইযন্ত্র; খ. বারি ভুট্টা মাড়াইযন্ত্র গ. ধান কাটাযন্ত্র; ঘ. বারি ধান বাড়াইযন্ত্র; ঙ. বারি হাইস্পিড রোটোরিটিলার; চ. বারি বীজ বপনযন্ত্র; ছ. বারি গুটি ইউরিয়া প্রয়োগযন্ত্র; বারি বেড প্লান্টার; শস্য কর্তনযন্ত্র। আম পাড়াযন্ত্র, আম শোধনযন্ত্র, বাদাম মাড়াইযন্ত্র, আলু উত্তোলন ও গ্রেডিং যন্ত্র।
৭.	আলীম ইন্ডাস্ট্রিজ লি. কদমতলী, সিলেট ফোন ০৮৮২১-৮৪০৬৬২, ৮৪০৬৬৪, ০১৭১৩৩২৮৭৯৫	ক. পাওয়ারটিলার; খ. পাওয়ার রিপার; গ. ডিজেল ইঞ্জিন; ঘ. মাড়াই কল (ধান, গম ও ভুট্টা); ঙ. শস্য বাড়াইযন্ত্র; চ. কমবাইন্ড হার্ডেস্টার; ছ. রাইস ট্রান্সপ্লান্টার ; জ. বীজ বপন যন্ত্র; ঝ. পাওয়ারটিলার অপারেটেড সিডার; ঞ. স্প্রে মেশিন; ট. গুটি ইউরিয়া প্রয়োগযন্ত্র; ঠ. লো-লিফট পাম্প; ড. নিড়ানি যন্ত্র, আলু উত্তোলন যন্ত্র সহ BARI ও BRRRI এর ডিজাইনকৃত ত সকল প্রকার কৃষি যন্ত্রপাতি।
৮.	নবতি ইন্ডাস্ট্রিজ প্রা. লি., বিসিক শিল্প নগর, দত্ত নগর, নাটোর (০১৭১৩২০১৫৩১)	ক. পাওয়ারটিলার, খ. ধান মাড়াইকল, গ. খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মিকচার মেশিন; ঘ. বাইন্ডার মেশিন; ঙ. চিনি মাড়াইকল; চ. মসলা প্রক্রিয়াজাতকরণ যন্ত্র।
৯.	মেসার্স কামাল মেশিন টুলস প্রোঃ মোঃ কামাল মিয়া, বগুড়া। ০১৭১১০২৭২০৫	ব্রি অনুমোদিত সব কৃষি যন্ত্রাংশ তৈরি, মেরামত ও সরবরাহকারী। পাওয়ার থ্রেসার, মেইজ স্পেলার, পুলি, লাইনার এবং শ্যালো মেশিনের বিভিন্ন পার্টস
১০.	সরকার ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিজ প্রো. মো. শাহীন সরকার, শেরপুর, বগুড়া, ফোন : ০১৭১২৯৭১৯৪১	পাওয়ার থ্রেসার, মেইজ স্পেলার ও সব কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক, ধান মাড়াইযন্ত্র
১১.	কুমিল্লা ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস দেশওয়ালী- পট্টি, রাজগঞ্জ, কুমিল্লা ফোন : ০১৭১১- ৩৫৫৮০৩	প্যাডেল থ্রেসার, উইডার, কাণ্ডে, নিড়ানি ও অন্যান্য কৃষি যন্ত্রপাতি, ধান মাড়াইযন্ত্র
১২.	জামাল মিয়া গ্রীন ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস পশ্চিম পাইকপাড়া, ব্রাহ্মণবাড়িয়া সদর ফোন : ০১৭১৫-৯৬৯০৭৩	উইডার, প্যাডেল থ্রেসার, পাওয়ার থ্রেসার
১৩.	মেসার্স কৃষি ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, প্রো : মো. মোকলেছুর রহমান, দিনাজপুর। ফোন : ০১৭১২৪৬৭৬০৮	শক্তিচালিত ধান/গম মাড়াইযন্ত্র, ভুট্টা মাড়াইযন্ত্র, বাড়াইযন্ত্র, আলু প্লান্টার, সিজার মেশিন, ভুট্টা মাড়াইযন্ত্র, নিড়ানি যন্ত্র
১৪.	মেসার্স উম্মে ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ প্রো: মো. জহুরুল হক, দিনাজপুর, ফোন : ০১৭১৪৬০১২৮১	শক্তিচালিত ধান/গম মাড়াইযন্ত্র, বাড়াইযন্ত্র, ভুট্টা মাড়াইযন্ত্র, গ্রেডিং যন্ত্র, রিপার যন্ত্র, সিডার বেড প্লান্টার, আলু বপন ও উত্তোলন, গম ও ভুট্টা লাগানো যন্ত্র, ধান মাড়াইযন্ত্র।
১৫.	আবেদিন ইকুইপমেন্ট লিমিটেড, বি ৫২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা ১২১৩রোড-২৫, গুলশান, ঢাকা। ৮৮০ ২২ ২২২৮ ০৮৬০, ০১৯৮৫৭৭১৬২৫-২৭	ট্রাক্টর, রোটোভেটর, কন্সট্রাক্ট হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, সীড প্লান্টার, কর্ন হারভেস্টার কিট, পাওয়ার ট্রিলার।
১৬.	আর কে মেটাল প্রো: পরিতোষ কুমার মালো ১নং হাবেলী গোপালপুর, ফরিদপুর। ফোন : ০৬৩১-৬৬২৮০; মোবাইল : ০১৭১০৯২৮৯৭৭, ০১৯৬৭১০১৫৭৯	পাওয়ার থ্রেসার, ভুট্টা মাড়াই, এক্সিয়েল ফ্লো পাম্প, নিড়ানি যন্ত্র, গুটি ইউরিয়া প্রয়োগ যন্ত্র, পাটের আঁশ ছাড়ানো মেশিন (আঁশকল), খড় ও ঘাস কাটার মেশিন, বাদাম মাড়াই যন্ত্র, পটারী হুইল, পাওয়ার টিলার চালিত সিডার, বেড প্লান্টার, ওপেনড্রাম থ্রেসার, আলু উত্তোলন ও রোপণ যন্ত্র, পটেটো প্লাইসার, সোলার টানেল ড্রয়ার, জুট ভাইভার এসট্রাকশন মেশিন ইত্যাদিসহ বারি ও ব্রি উদ্ভাবিত সকল কৃষি যন্ত্রপাতি এবং সকল তৈরিকৃত মেশিনের খুচরা যন্ত্রাংশ।

টেলিভিশনে কৃষিবিষয়ক অনুষ্ঠান

টেলিভিশন চ্যানেল	কৃষি অনুষ্ঠান	সম্প্রচার দিন	সম্প্রচার সময়	পুনঃসম্প্রচার
বাংলাদেশ টেলিভিশন	মাটি ও মানুষ	রবি থেকে বৃহস্পতি	সন্ধ্যা ৬.২০	
	বাংলার কৃষি	প্রতিদিন	সকাল ৭.৪৫	পরের দিন
	কৃষি সংবাদ	প্রতিদিন	খবরের সঙ্গে নিয়মিত প্রচার করা হয়।	-
চ্যানেল আই	হৃদয়ে মাটি ও মানুষ	শনিবার	রাত ৯.৩৫	রোববার দুপুর ১১.৩০
	হৃদয়ে মাটি ও মানুষের ডাক	বৃহস্পতিবার	বেলা ৩.০৫	-
	কৃষি সংবাদ	প্রতিদিন	খবরের সঙ্গে নিয়মিত প্রচার করা হয়	-
বাংলাভিশন	শ্যামল বাংলা	বুধবার	সন্ধ্যা ৬.০৫	বৃহস্পতিবার রাত ৩.৩০
				শুক্রবার সকাল ৮.৩০
				সোমবার সকাল ৯.৩০
	শ্যামল বাংলা লাইভ	মাসের প্রথম বৃহস্পতিবার	বিকাল ৫.৫০	বৃহস্পতিবার রাত ৩.৩০
				শুক্রবার সকাল ৮.৩০
				বুধবার সকাল ৯.৩০
জিটিভি	সবুজ বাংলা	শুক্রবার	রাত ৮.১০	শনিবার সকাল ১০.১০
দীপ্তটিভি	দীপ্ত কৃষি	প্রতিদিন	বিকাল ৫.৩০	রাত ১.০০, ভোর ৫.৩০, দুপুর ১২:৩০
আরটিভি	কৃষি ও কৃষ্টি	বৃহস্পতিবার	বিকাল ৫.৩০	বৃহস্পতিবার রাত ৩.০২, শুক্রবার সকাল ৮.০২
এটিএন বাংলা	সোনালী দিন	বুধবার	সন্ধ্যা ৬.১৫	বুধবার রাত ২.৩০
চ্যানেল ২৪	কৃষি২৪	রবি থেকে বৃহস্পতি	বিকাল ৪.৩০	-

বাংলাদেশ বেতার থেকে প্রচারিত কৃষিবিষয়ক অনুষ্ঠান

বেতার কেন্দ্র	অনুষ্ঠানের নাম	লগন	সম্প্রচারের সময়	স্থায়িত্ব মিনিট	অনুষ্ঠান ধরন	মন্তব্য
ঢাকা	দেশ আমার মাটি আমার	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৭.০৫-৭.৩০	২৫	জাতীয়	প্রতিদিন
	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.৫০-৭.০০	১০	জাতীয়	প্রতিদিন
	সোনালি ফসল	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৩৫	৩০	আঞ্চলিক	প্রতিদিন
	সবুজ প্রান্তর	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৫.৫০-৬.০০	১০	আঞ্চলিক	প্রতি শুক্রবার
	শস্য শ্যামল	রাত্রিকালীন	রাত ৮.৩০-৯.০০	৩০	জাতীয়	মাসের দ্বিতীয় শুক্রবার
	আমার দেশ	বৈকালিক	বিকাল ৪.০৫-৪.৩৫	৩০	জাতীয়	প্রতিদিন
চট্টগ্রাম	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.০৫-৬.১০ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন
	কৃষি খামার	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.১০-৬.৫০	৪০	আঞ্চলিক	প্রতিদিন
খুলনা	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.২৫-৬.৩০ ৭.৫৫-৮.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন
	চাষাবাদ	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.১০-৬.৫০	৪০	আঞ্চলিক	প্রতিদিন
রংপুর	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.৩০-৬.৩৫ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন
	ক্ষেত খামারে	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ০৬.০৫-৬.৩৫	৩০	আঞ্চলিক	প্রতিদিন
রাজশাহী	ক্ষেত খামার সমাচার	প্রভাতি	সকাল ৬.২৫-৬.৩০ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন
	সবুজ বাংলা	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৪৫	৪০	আঞ্চলিক	প্রতিদিন
সিলেট	আজকের চাষাবাদ	প্রভাতি	সকাল ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন
	শ্যামল সিলেট	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৪৫	৪০	আঞ্চলিক	প্রতিদিন
রাঙ্গামাটি	খামারবাড়ি	মধ্যাহ্ন	দুপুর ৩.০৫-৩.১৫	১০	আঞ্চলিক	শুক্রবার ছাড়া সপ্তাহে ৬ দিন
বরিশাল	চাষবাস	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৩০	২৫	আঞ্চলিক	প্রতিদিন
বান্দরবন	কৃষিকথা	মধ্যাহ্ন	বিকাল ৪.০৫-৪.২৫	২০	আঞ্চলিক	রোববার-বুধবার সপ্তাহে ৪ দিন
কক্সবাজার	সোনালি প্রান্তর	মধ্যাহ্ন	দুপুর ৩.০৫-৩.৩০	২৫	আঞ্চলিক	রবি ও মঙ্গলবার সপ্তাহে ২ দিন
ঠাকুরগাঁও	কিষাণ মাটি দেশ	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ০৬.০৫-৬.৩০	২৫	আঞ্চলিক	প্রতিদিন
কুমিল্লা	সুজলা সুফলা	বৈকালিক	বিকাল ০৫.১০-৫.৩০	২০	আঞ্চলিক	শুক্রবার ছাড়া সপ্তাহে ৬ দিন
কৃষি রোডও (এফএম ৯৮.৮) আমতলী, বরগুনা			সকাল ৯.০০-১১.০০ এবং বিকেল ৩.০০-৯.০০		আঞ্চলিক	প্রতিদিন

বিভিন্ন দৈনিক, পাক্ষিক ও মাসিক কৃষিবিষয়ক প্রকাশনা

পত্রিকার নাম	প্রকাশের বার/দিন পাক্ষিক/মাসিক	কত পৃষ্ঠা কত অংশ	কী কী বিষয়ের ওপর লেখা থাকে
কৃষি বিপ্লব	পাক্ষিক	ট্যাবলেডেড ৩২ পৃষ্ঠা	সমন্বিত কৃষি
কৃষিকথা	মাসিক	৩২ পৃষ্ঠার ম্যাগাজিন	বৃহত্তর কৃষি ও গবেষণামূলক
কৃষিবার্তা	মাসিক	৩২ পৃষ্ঠা	সমন্বিত কৃষি
কৃষি কাগজ	মাসিক	৬০ পৃষ্ঠা	সমন্বিত কৃষি
সম্প্রসারণ বার্তা	মাসিক	৮ পৃষ্ঠা	সমন্বিত কৃষি

বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৫ ও ১৪২৬ প্রাপ্তদের তালিকা

ক্রমিক নং	নাম/প্রতিষ্ঠান	পদক প্রাপ্তির অধিক্ষেত্র	ফোন
স্বর্ণপদক (১৪২৫)			
০১	ডা. মো: রায়হান পিএএ ভেটেরিনারি সার্জন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, শেরপুর, বগুড়া	কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ	০১৭১৭৬২৮৯৮৭
রৌপ্যপদক (১৪২৫)			
০১	মো: বদরুল হায়দার বেপারী নজিরপুর, পিরোজপুর	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭১১০৫৭২৭৬
০২	মোহাম্মদ হামিমুল হক উপসহকারী কৃষি অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭৫৮০০০০০১
০৩	শারমিন আক্তার লক্ষীপুর, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ	কৃষিতে নারীর অবদান	০১৩১৮৪২১২৮৩
০৪	মো. দুলাল মুধা আটঘরিয়া হাজীপাড়া, চাঁদা, আটঘরিয়া, পাবনা	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমান সম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৭৪১৫৪৭৩৩৬
০৫	মো: কোব্বাদ হোসাইন দক্ষিণ মেইটকা, হেমায়েতপুর, সাভার, ঢাকা।	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭১৩৫৭৯০১২
০৬	মো: মনিরুজ্জামান মনির চৈতন্যপুর, রাজাবাড়িহাট, গোদাগাড়ী, রাজশাহী	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭৯৬৫৮২৩১২
০৭	সাখাওয়াত হোসেন চেয়ারম্যান, প্যারামাউন্ট এগ্রো লিমিটেড, গুলশান, ঢাকা	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭০৯৬৫৪১২৬-২৭
ব্রোঞ্জপদক (১৪২৫)			
০১	নূর মোহাম্মদ গোল্লাপাড়া, তানোর, রাজশাহী	কৃষি গবেষণায় অবদান	০১৭৩১৪৭৯৬০৫
০২	বারেক হাওলাদার ভাঙ্গারিয়া, পিরোজপুর	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭২৮৫৩৯৯৭২
০৩	কৃষিবিদ মো: মজিদুল ইসলাম উদ্যান উন্নয়ন কর্মকর্তা, হটিকালচার সেন্টার, বুড়িরহাট ফার্ম, রংপুর সদর, রংপুর	কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ	০১৭১২৫৩৮৮৭৭
০৪	শফিকুল ইসলাম শরাবদী, ফাউসা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৯৩৯৩৬২৯৬০

ক্রমিক নং	নাম/প্রতিষ্ঠান	পদক প্রাপ্তির অধিক্ষেত্র	ফোন
০৫	গৌতম কুমার সাহা ভবানীপুর, শিশা, পোরশা, নওগাঁ	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭১৮৯৯৩০৪৮
০৬	মোছা. পার্নিমা বেগম ভাংড়া, জামিরা, পুঠিয়া, রাজশাহী	কৃষিতে নারীর অবদান	০১৭৩৪৩৫৩৫০৮
০৭	নিপু ট্রেডার্স প্রোপাইটর : অনুপম দত্ত নিপু ভাওয়ালিয়া, যন্ত্রাইল, নবাবগঞ্জ, ঢাকা।	বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ	০১৭১১৯৭৬২৪৮
স্বর্ণপদক (১৪২৬)			
০১	মো: শফিকুল ইসলাম উপজেলা কৃষি কর্মকর্তা গোদাগাড়ী, রাজশাহী	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭১৭৩২২৯৬৮
০২	মো: আমিরুল ইসলাম ঈশ্বরদী, পাবনা	বাণিজ্যিক ভিত্তিতে গবাদিপশু ও হাঁসমুরগি চাষ	০১৭১২৯৮৫৭৯৫
রৌপ্যপদক (১৪২৬)			
০১	মুহাম্মদ রকিবুল আহসান রনি ৫৩/১ ও ৫৩/২ মুসাফির ভবন, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।	কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ	০১৭১১৩৯৬৩১৮
০২	মো: আইয়ুব হোসেন উপসহকারী কৃষি কর্মকর্তা উপজেলা কৃষি অফিস, বিকরগাছা, যশোর	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭২৮৯৯৪৬৭৫
০৩	মোছা: হালিমা বেগম এইচ/আর পাটোয়ারি ম্যানসন রোড নং-৪, ডি-৪৩, মুজগল্লি হাউজিং এস্টেট, খালিশপুর, খুলনা	কৃষিতে নারীর অবদান	০১৯৫৬৪৩৫৩০৪
০৪	নোসরিন সুলতানা বারবাকপুর, বিকরগাছা, যশোর	কৃষিতে নারীর অবদান	০১৮১৭৮৮৩১২৯
০৫	আব্দুল হাই আজাদ বাবলা ১৭বি স্বনালী, ভার্থখলা, সিলেট সদর, সিলেট-৩১০০	কৃষি গবেষণায় অবদান	০১৬৭৩৬৭০১৩০
০৬	মো: সাইফুল ইসলাম উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর	কৃষি সম্প্রসারণে অবদান	০১৭৩১০৬৮৩২৬
০৭	মো: রফিকুল ইসলাম চাপাতলা, কুসুমপুর, মহেশপুর, বিনাইদহ	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৭৩১১৩২৮৮১
০৮	আবুল হোসেন সরদার আরশনগর, মাগুরাখোনা, ডুমুরিয়া, খুলনা	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৯৩৭৭৫৫২৩০
০৯	মো: বাবুল হোসেন সোনারগাঁও, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৯১৫৮৩২৫৮৩
ব্রোঞ্জপদক (১৪২৬)			
০১	মো: মাহবুবুর রহমান উপজেলা কৃষি অফিসার ডিএই, বিরল, দিনাজপুর	কৃষি উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধি উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ	০১৭২০১৮৩৪৯০

ক্রমিক নং	নাম/প্রতিষ্ঠান	পদক প্রাপ্তির অধিক্ষেত্র	ফোন
০২	মো: মকবুল হোসেন মহেশ্বরচাঁদা, বেথুলী, কালীগঞ্জ, বিনাইদহ	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৭৩১৭৩৭৩৮১
০৩	মো: সহিদুল ইসলাম মহিষামুড়া, একডালা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭১২৩৬২৭২৫
০৪	হুশিং মং চৌধুরী বৌদ্ধ বিহাড় পাড়া, মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭১২৩৪৭৫৪২
০৫	মো: গাজী মামুদ দারিয়াপুর, গৌরীপুর, ময়মনসিংহ	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৭০৩৩৯৬৫৮৭
০৬	মো: মাহবুবুল ইসলাম বাজার ভদ্রঘাট, কামারখন্দ, সিরাজগঞ্জ	বাণিজ্যিক ভিত্তিতে বনায়ন	০১৭৯২৯৪৯৫৭২
০৭	রিনা বেগম মামুদপুর, হিংগানগর, দেলদুয়ার, টাঙ্গাইল	কৃষিতে নারীর অবদান	০১৭০৯৫১০৯৯৯
০৮	মো: মোমরেজ আলী উপজেলা কৃষি অফিসার ডিএই, বাগতিপাড়া, নাটোর	কৃষি সম্প্রসারণে অবদান	০১৭১০৬৯৫৯৮৫
০৯	মো: রোস্তম আলী উপজেলা কৃষি কর্মকর্তা সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ	কৃষি সম্প্রসারণে অবদান	০১৭১৭১৪১৯৭৫
১০	মো: শাহীনুজ্জামান মহাদেবপুর, সাহাপুর-৬৬২০, ঈশ্বরদী, পাবনা	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭১২৬৭১৩৯২
১১	তোও য়োও শ্রো বসন্ত পাড়া, সুয়ালক, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৫৮১৭৯২৩৪৯
১২	মো: মজিবুল হক ফাজিলপুর, ফেনী সদর, ফেনী	বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ	০১৭১১৩০৫৬২৯
১৩	সিরাজ খান পুকুরপাড়া, বজ্রযোগিনী, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ	পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার	০১৮১৪৯২১৬৩১
১৪	ছানোয়ার হোসেন মহিষমারা, সুনামগঞ্জ (গারোবাজার), মধুপুর, টাঙ্গাইল	বাণিজ্যিকভিত্তিক খামার স্থাপন	০১৭১৮০৬৮৯৩৩
১৫	মো: আবদুল আউয়াল শফিপুর, রাজস্থল, রাজস্থলী, রাঙ্গামাটি	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৮৩৯৫৯৯৭৮০
১৬	মো: শাকিল মিয়া পালানপাড়া, ধাপেরহাট, সাদুল্লাপুর, গাইবান্ধা	প্রতিষ্ঠান/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চমানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারি স্থাপন	০১৭১৮৩৮৫৪৮১
১৭	তনিমা আফরিন কুড়িগ্রাম, রতনগঞ্জ, নড়াইল সদর, নড়াইল	কৃষিতে নারীর অবদান	০১৭২০১৯৬৬৯০
১৮	রাশী দে বড়বন্দর, দিনাজপুর, দিনাজপুর সদর, দিনাজপুর	কৃষিতে নারীর অবদান	০১৭১৪২২৯৭১৫/ ০১৭১১৯৯২৭৪৮

কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) সম্মাননা-২০২০
(‘ক’ বিভাগ (কৃষি উদ্ভাবন জাত/প্রযুক্তি))

ক্রমিক নং	নাম/প্রতিষ্ঠান	পদক প্রাপ্তির অধিক্ষেত্র	ফোন
০১	ড. লুৎফুল হাসান প্রফেসর ডিপার্টমেন্ট অব জেনেটিক্স এন্ড প্র্যান্ট ব্রিডিং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বাড়ি নম্বরঃ ই ২৮/৮, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ সদর, ময়মনসিংহ	বাউধান-৩ এর জাত উদ্ভাবন লবণাক্তসহিষ্ণু, বাউ সরিষা-১, বাউ সরিষা-২, বাউ সরিষা-৩ এর জাত উদ্ভাবন।	০১৭১৫-০৯১০৯৬
০২	আতাউস সোপান মালিক ব্যবস্থাপনা পরিচালক এ আর মালিক সিডস প্রাঃ লিমিটেড (গবেষণা ও উন্নয়ন কেন্দ্র) প্রাণনগর, বীরগঞ্জ, দিনাজপুর	২টি বীজ আলুসহ মোট ১০টি সবজির (মরিচ, বেগুন, শসা, লাউ, চিচিঙ্গা, চালকুমড়া, ধুন্দুল, মিষ্টিকুমড়া, বীজ আলু ও ক্যারোলাস) জাত উদ্ভাবন ও বাজারজাতকরণ।	০৯৬৬৬৭৭৫৫৪৪, ০১৭১৩-০৯০৯২৯
০৩	সৈয়দ আব্দুল মতিন ফিউচার অরগানিক ফার্ম ভরসাপুর, উজলকুড়, রামপাল, বাগেরহাট	মেহগনি ফলের বীজ থেকে তেল তৈরি যা জৈব বাল্যনাশক প্রস্তুত, মেহগনি খেল/জেবসার প্রস্তুত, মেহগনি পাতা থেকে চা তৈরি, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৮ এ বোঞ্জ পদক, প্যাটেন্টকৃত প্রযুক্তি।	০১৭১১-২৬৪৩৪৮, ০১৯১৯-২৬৪৩৪৮
০৪	আলিমুছ সাদাত চৌধুরী আলিম ইন্ডাস্ট্রিজ লিমিটেড বিসিক শিল্পনগরী, গোটাটিকর, সিলেট	আলীম পাওয়ার টিলার উদ্ভাবন (কপি রাইটকৃত)	০৮২১৮৪০০৪০, ০৯৬১১৯৬৯৬৯৬ ০১৭১১-৯২১৫১৫
‘খ’ বিভাগ (কৃষি উৎপাদন/বাণিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প)			
০৫	আলহাজ মোঃ সেলিম রেজা দৃষ্টান্ত এগ্রো ফার্ম এন্ড নার্সারি ডাল সড়ক, নাটোর সদর, নাটোর	কৃষি উৎপাদন, বাণিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ, শিল্প স্থাপন, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৯ রৌপ্য পদক	০১৭১১-৪১৬৯০০, ০১৭৯৬-৩৩৯৬৯৩
০৬	মোঃ মেহেদী আহসান উল্লাহ চৌধুরী গ্রাম : চামেশুরী, ডাকঘর : চৌধুরীহাট ৫০০১, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও	বাণিজ্যিক কৃষি খামার স্থাপন ও বৈদেশিক মুদ্রা অর্জনে উজ্জ্বল ভূমিকা রেখেছেন; বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩ এ বোঞ্জ পদক	০১৭৩৩১০৬৮৪৪
০৭	মোঃ মাহফুজুর রহমান এশা ইন্টিগ্রেটেড এগ্রিকালচার ফার্ম ঝালকাঠি গ্রামঃ বেশাইন খান, ডাকঘরঃ বেশাইন খান-৮৪০০ ঝালকাঠি সদর, ঝালকাঠি	বাণিজ্যিক ভিত্তিতে ফল বাগান ও নার্সারি স্থাপন : বাংলাদেশের বৃহত্তম ভিয়েতনামের খাটোজাতের নারিকেল বাগান স্থাপন; বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩ এ বোঞ্জ পদক	০১৭১২-২২২১২৭
০৮	বদরুল হায়দার বেপারী প্রোপাইটার, জাগো কেঁচো সার উৎপাদন খামার চৌঠাইমহল, নাজিরপুর, পিরোজপুর	কেঁচোসার উৎপাদন ও সম্প্রসারণ	০১৭১১-০৫৭২৭৬
০৯	মোঃ শাহবাজ হোসেন খান নুরজাহান গার্ডেন, শৌলা কালাইয়া, বাউফল, পটুয়াখালী	ফল, সবজি, মৎস্য উৎপাদন ও পশু পালনে সাফল্য	০১৭১১-৩১৯৭৭৬
১০	মোঃ সামছুউদ্দিন (কালু) বিছমিল্লাহ মৎস্য বীজ উৎপাদন কেন্দ্র ও খামার, নাঙ্গলকোট রেলস্টেশন সংলগ্ন, নাঙ্গলকোট, কুমিল্লা	বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষ ও সমন্বিতভাবে আধু- নিক প্রযুক্তির মাধ্যমে রেণু উৎপাদন	০১৭১১-৩৪৬২৮০, ০৮০৩৩৬৬১৭৪

ক্রমিক নং	নাম/প্রতিষ্ঠান	পদক প্রাপ্তির অধিক্ষেত্র	ফোন
‘ঘ’ বিভাগ স্বীকৃত বা সরকার কর্তৃক রেজিস্ট্রিকৃত কৃষি (ফসল/মৎস্য/প্রাণিসম্পদ/বনজসম্পদ উপখাতভুক্ত) সংগঠন			
১১	মো. জাহাঙ্গীর আলম শাহ্ শাহ্ কৃষিতথ্য পাঠাগার ও জাদুঘর কালীগ্রাম, মান্দা, নওগাঁ	শাহ্ কৃষি তথ্য পাঠাগার ও জাদুঘর স্থাপন; বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২০ এ রৌপ্যপদক	০১৭১১-৪৬৩৭৩৮
‘ঙ’ বিভাগ (বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদক প্রাপ্ত)			
১২	মোছাঃ নুরুল্লাহর বেগম নুরুল্লাহর কৃষি খামার ছলিমপুর (বজারপুর), জয়নগর, ঈশ্বরদী, পাবনা	বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৭ বোঞ্জ পদক ও বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২০ স্বর্ণপদক	০১৭৩১-৮৯২২৮৮
১৩	মোঃ শাহজাহান আলী বাদশাহ মা-মণি কৃষি খামার ছলিমপুর (বজারপুর), জয়নগর, ঈশ্বরদী, পাবনা	বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪০৩ রৌপ্য পদক ও বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪০৪ স্বর্ণপদক	০১৭১৫-০৩২৯৮, ০১৭১১-৮৯১৯৮৩

কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য সফল কৃষক

ক্রমিক নং	নাম ও ঠিকানা	অবদান-সাক্ষ্যের ক্ষেত্র	ফোন
০১	মিসেস কহিনুর কামাল, পরিচালক, চিটাগাং মেরিডিয়ান এগ্রো ইন্ডাস্ট্রিজ লি. চট্টগ্রাম	কৃষি কাজের তার সাক্ষ্যের স্বীকৃতিস্বরূপ বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৯ এ রৌপ্যপদক পান।	০১৯৭৫০০৯৯৮৮
০২	মো. সিদ্দিকুর রহমান (কুল ময়েজ) ময়েজ উদ্দিন কৃষি খামার, ঈশ্বরদী, পাবনা	বাণিজ্যিক ভিত্তিতে খামার স্থাপন ও কুল চাষে সফলতার জন্য ১৪১৫ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কারের রৌপ্যপদকপ্রাপ্ত।	০১৭৩৩১৮৭০১৮
০৩	মো. সৈয়দুর রহমান নন্দিরখলা, দক্ষিণ সুরমা, সিলেট	সিলেটের অন্তর্গত কৃষি কার্যক্রমকে গতিশীল করে কৃষি উন্নয়নে মহামান্য রাষ্ট্রপতি পুরস্কার ১৩৯৫ এ ব্রোঞ্জপদকপ্রাপ্ত হন।	০১৭১৬৩৯৪৩৭৬
০৪	মো. জাহিদুল ইসলাম (গাজর জাহিদ) আদর্শ কৃষি খামার, ঈশ্বরদী, পাবনা	বাণিজ্যিক ভিত্তিতে কৃষি খামার স্থাপন করে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪১৮-এ ব্রোঞ্জপদকপ্রাপ্ত হন।	০১৭১২৩৮৭৪৮
০৫	আবদুল কাদের বেপারী (কলা কাদের) গ্রাম-ভিগ্রি, ৭ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা	জৈব প্রযুক্তিতে কলা চাষ করে জাতীয় ফল মেলা ২০১০ এ ২য় এবং জাতীয় ফল মেলা ২০১১ তে ৩য় পুরস্কার প্রাপ্ত হন।	০১৭১৯৮১৮৬০৯
০৬	মো. শের আলী সরদার (ফুল শের আলী), গদখালী, বিকরগাছা, যশোর	বাণিজ্যিক ফুল চাষ সম্প্রসারণে ভূমিকা রাখেন।	০১৭১২১১৫৩৪
০৭	নারায়ণ চন্দ্র হালদার (কুল নারায়ণ) গোটাপাড়া, বাগেরহাট সদর, বাগেরহাট	মিশ্র ফল বাগান প্রতিষ্ঠার অসামান্য অবদান/ঘেরের আইলে কুল চাষ।	০১৮১৫৮৪২৫৮৬
০৮	এস এম মনিরুজ্জামান (বাবলু) তাফালবাড়ী, শরণখোলা, বাগেরহাট	ফল বাগান স্থাপন/কুল ও সবজি চাষ	০১৭১৫১৭৬০৩
০৯	মো. নাজমুল হাসান রাইজের, শরণখোলা, বাগেরহাট	কেঁচো কম্পোস্ট, আলুসহ বিভিন্ন সবজি চাষ করে ১২ বিঘা জমি থেকে বছরে ৪-৫ লাখ টাকা আয় করেন। জৈব কৃষি উদ্যোক্তা	০১৭১০৬১৯৪৮৯
১০	মো. মনোয়ার হোসেন উত্তর দিঘলদী, বারিহাট, ভোলা	অশ্রুপালি ও হাঁড়িভাঙা আম চাষ সম্প্রসারণে অনন্য অবদান।	০১৭৪৯৭৭৯৬৮৫
১১	কাজি আনিছুর রহমান, পটুয়াখালী	সমন্বিত কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান।	০১৯২৪২৪৯১৭৮
১২	মো. আবদুল বারী (কপি বারী), পাবনা	সফল সবজি চাষি ও কৃষি উদ্যোক্তা	০১৭২১২২১২০৯
১৩	আবুল কালাম আজাদ, চুয়াডাঙ্গা	আম চাষি	০১৮৫৫৯৮৩৯০৮
১৪	ড. মঞ্জুর হোসেন, রাজশাহী	স্ট্রবেরি	০১৭১৬২৮৮৩৫৬

ক্রমিক নং	নাম ও ঠিকানা	অবদান-সাফল্যের ক্ষেত্র	ফোন
১৫	কেতাব মঞ্জল, পাবনা	লিচু	০১৭১১৭৩৬৫১৯
১৬	মো. রফিকুল ইসলাম, শেরপুর	ভুট্টা চাষি	০১৯১৫৪২২২৪৫
১৭	আমছের আলী, লালপুর, নাটোর	সবজি ও ফল চাষি	০১৭৬১৮৫৮৩৮৪
১৮	প্রদীপ রায়, কচুয়া, বাগেরহাট	গ্রীষ্মকালীন টমেটোর চাষ	০১৭৫৭১২৫৮৮১
১৯	তপন রায়, কচুয়া, বাগেরহাট	ধান, শাকসবজি ও আখ চাষ	০১৮৮৬২৮২০৭৬৪
২০	মো. নাজমুল হাসান, শরণখোলা, বাগেরহাট	কেঁচো কম্পোস্ট, আলু চাষ	০১৭১০৬১৯৪৮৯
২১	এসএম মনিরুজ্জামান (বাবুল), শরণখোলা, বাগেরহাট	কুল ও সবজি চাষ	০১৭১১৫১৭৬০৩
২২	শ্রীনাথ মজুমদার, বাগেরহাট	নারিকেল, কুল ও আপেল চাষ	০১৭৪৫৩৮৭৫৮৭
২৩	আতিক, নাটোর	পেয়ারা	০১৭১৩৭০০৪৮২
২৪	আহসান হাবিব (সাজু উকিল), ফেনী	জাতীয় মৎস্য সপ্তাহ ২০০৫ সালে স্বর্ণপদকপ্রাপ্ত।	০১৭১১৮৪৩৯২৯
২৫	রকিবুর রহমান, মীরের সরাই, চট্টগ্রাম	সফল ডেইরি ও পোলট্রি উদ্যোক্তা	০১৮১৯৩৭৩৮৩৭
২৬	আব্দুল বাছিত সেলিম	রপ্তানিযোগ্য বিলুপ্তপ্রায় সুগন্ধি চাল উৎপাদনের জন্য ১৪২২ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কারে স্বর্ণপদক পান।	০১৭১৩৩২৮০১১
২৭	মোছা. বেলি বেগম ঈশ্বরদী, পাবনা	কৃষি নারী উদ্যোক্তা হিসেবে ১৪২১ সনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কারে স্বর্ণপদকে ভূষিত হন।	০১৭৪০৯৬৪২০২
২৮	বিপ্লব কুমার সেন আটঘরিয়া (দবগুর), পাবনা	কৃষক পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদনের জন্য ১৪২০ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কারে ব্রোঞ্জপদক প্রাপ্ত।	০১৭৬৮৫৭৯৭৪৬
২৯	মোঃ ফরহাদুল ইসলাম, আনারস চাষি গারোবাজার, মধুপুর, টাঙ্গাইল	আনারস চাষে বিশেষ অবদান	০১৭৫১৫৫১৫৩১
৩০	মোঃ আব্দুল বাছির বদু মিয়া মাধবপুর, হবিগঞ্জ	টমেটো, তরমুজ ও আনেডো (সামমাম)	০১৭৩১২৮৮৩৫১

তোমরা হতাশ হয়ো না, চিন্তিত হয়ো না, তোমরাই বিজয়ী হবে-
যদি তোমরা মোমিন হও
- আল-কোরআন

নির্বিঘ্নে বোরো ধান চাষে কৃষক ভাইদের করণীয়

বীজতলা তৈরি

- ❖ বীজতলার জমি ২ থেকে ৩টি চাষ দিয়ে মাটি আলগা করে প্রয়োজনীয় পানি সেচের মাধ্যমে থক থকে কাদা করে এক বা একাধিক মই দিয়ে সমান করুন;
- ❖ ১ মিটার প্রস্থ এবং সুবিধামতো দৈর্ঘ্যবিশিষ্ট বেড তৈরির মাধ্যমে আদর্শ বীজতলা তৈরি করুন;
- ❖ পাশাপাশি দুইটি বীজতলার মাঝখানে ১ ফুট প্রশস্ত নালা রাখুন;
- ❖ বিলম্বে রোপণকৃত (ফেক্রয়ারির মাঝামাঝি পর্যন্ত) বোরো ধানের জন্য পলিথিন আবৃত শুকনো বীজতলা তৈরি করুন;
- ❖ রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহারের ক্ষেত্রে প্লাস্টিক ট্রে/মোটা পলিথিন শিটের ওপর বীজতলা তৈরি করুন;
- ❖ এক মাস বয়সের চারা রোপণ করুন;
- ❖ প্রতি শতকে ২.৫ কেজি অঙ্কুরিত বীজ বপন করুন। এতে করে বীজতলায় চারা সুস্থ ও সবল হবে।

চারা রোপণ

- ❖ সারি করে বোরো ধানের চারা রোপণ করুন এবং উত্তর দক্ষিণ বরাবর সারি করুন;
- ❖ এক সারি থেকে অন্য সারির দূরত্ব ৮ ইঞ্চি এবং সারির মধ্যে এক গোছা থেকে অপর গোছার দূরত্ব ৬ ইঞ্চি রাখুন;
- ❖ শুকনো বীজতলা থেকে তৈরিকৃত চারা প্রতি গোছাতে অন্তত দুইটি করে রোপণ করুন;
- ❖ অন্যান্য বীজতলা থেকে তৈরিকৃত চারা প্রতি গোছাতে তিন থেকে চারটি ব্যবহার করুন;
- ❖ লোগো পদ্ধতিতে (প্রতি ১০ সারি পর এক সারি খালি রাখা) চারা রোপণ করুন। এতে করে বাদামি গাছফড়িংয়ের আক্রমণ কমে যাবে;
- ❖ বেলে/বেলে-দোঁ-আশ মাটি বোরো চাষের জন্য নির্বাচন করবেন না।

সার প্রয়োগ

সেচ প্রয়োগ

- ❖ চারা রোপণের সময় জমিতে ছিপছিপে পানি রাখুন। রোপণের পর ১০ থেকে ১২ দিন পর্যন্ত জমিতে আধা ইঞ্চির মতো দাঁড়ানো পানি রাখুন;
- ❖ চারা লেগে যাওয়ার পর থেকে সেচ প্রয়োগে পর্যায়ক্রমে ভেজানো ও শুকানো পদ্ধতি (AWD) অবলম্বন করুন। এতে করে পানি সাশ্রয় হবে এবং সেচ খরচ এক তৃতীয়াংশ কমে আসবে;
- ❖ বোরো জমির ওপরের মাটিতে চুল ফাটা দেখা দেয়ার সাথে সাথে পুনরায় সেচ প্রয়োগ করুন;
- ❖ চারা রোপণের পর থেকে প্রথম দুই মাস জমিতে ছিপছিপে পানি রাখুন। এতে কার্যকরী কুশির সংখ্যা বাড়বে;
- ❖ কাইচথোড় আসার পর থেকেই ১ ইঞ্চির মতো দাঁড়ানো পানি রাখুন;
- ❖ ধানের পাকা রঙ ধারণের সময় থেকে ক্রমান্বয়ে জমিতে পানি সেচ বন্ধ রাখুন। এতে করে তাড়াতাড়ি ধানের পরিপক্বতা আসবে।

আগাছা দমন

- ❖ আগাছা দমনের জন্য জমিতে ছিপছিপে পানি থাকা অবস্থায় রাইস উইডার (নিড়ানি যন্ত্র) ব্যবহার করুন;
- ❖ শুকনো অবস্থায় জমিতে হালকা নিড়ানি দিলে মাটিতে অক্সিজেনের সংযোগ ঘটবে এবং গাছের শিকড় সুস্থ ও সকল থাকবে, বালাইয়ের আক্রমণ কম হবে।

রোগবালাই দমন

- ❖ জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পাঁচিৎ এর জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখায়ুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন;
- ❖ জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোর ফাঁদ স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকাকার অবস্থান এবং সংখ্যা জরিপ করুন। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমন ব্যবস্থা গ্রহণ করুন।

ধান কর্তন

- ❖ জমির শতকরা ৮০ ভাগ ধান পাকার পরপরই শুরু আবহাওয়া দেখে ধান কর্তন করুন;
- ❖ ধান গাছের গোড়ার দিকে ৮ ইঞ্চি পরিমাণ নাড়া রেখে ফসল কর্তন করুন। পরবর্তী ফসল আবাদের আগে জমির শুকনো নাড়া পুড়িয়ে ফেলুন। এতে করে বাদামি গাছ ফড়িংসহ অন্যান্য পোকা ও রোগ-জীবাণু ধ্বংস হবে;
- ❖ দ্রুত এবং সাশ্রয়ী কর্তনের জন্য সম্ভব হলে রিপার/হার্ভেস্টার ব্যবহার করুন।

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
স্বল্পমেয়াদি জাত (১৫০ দিনের নিচে) ব্রি ধান২৮, ব্রি ধান৪৫, ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, ব্রি ধান৯৭ ও ব্রি ধান৯৯, বঙ্গবন্ধু ধান১০০, ব্রি ধান ১০১, ব্রি ধান ১০২, ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫, ব্রি হাইব্রিড ধান৬ ও ব্রি হাইব্রিড ধান৭।	ডিএপি, এমওপি, জিপসাম ও দস্তা সারের পুরোটাই জমি চাষের শেষ সময়ে প্রয়োগ করতে হবে। ইউরিয়া সারকে তিন ভাগ করে তার ১ম কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর উপরিপ্রয়োগ করুন; পরবর্তী ২য় কিস্তি চারা রোপণের ৩০-৩৫ দিন পর উপরিপ্রয়োগ করুন এবং শেষ কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে প্রয়োগ করুন।	১. ইউরিয়া ৩০ কেজি/বিঘা ২. ডিএপি ১৫ কেজি/বিঘা ৩. এমওপি ২০ কেজি/বিঘা ৪. জিপসাম ১৫ কেজি/বিঘা ৫. দস্তা ১.৫ কেজি/বিঘা
দীর্ঘমেয়াদি জাত (১৬০-১৬৫ দিন) বিআর-১৭, বিআর১৮, ব্রিধান২৯, ব্রি ধান৫০, ব্রি ধান৫৮, ব্রি ধান৬৯, ব্রি ধান৮৯, ব্রি ধান৯২ ও ব্রি ধান৯৬।	জমি তৈরির শেষ চাষে সব ডিএপি, এমওপি, জিপসাম ও দস্তা প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমানভাবে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। প্রথম কিস্তি জমি তৈরির সময়, দ্বিতীয় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং তৃতীয় কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে প্রয়োগ করতে হবে।	১. ইউরিয়া ৩৫ কেজি/বিঘা ২. ডিএপি ১৩ কেজি/বিঘা ৩. এমওপি ২২ কেজি/বিঘা ৪. জিপসাম ১৫ কেজি/বিঘা ৫. দস্তা ১.৫ কেজি/বিঘা
<p>* গুটি ইউরিয়া ব্যবহার করা হলে এক-তৃতীয়াংশ ইউরিয়া সাক্ষয় হবে এবং কোনো ইউরিয়া উপরিপ্রয়োগের প্রয়োজন নেই।</p> <p>* ডিএপি/এমওপি/জিপসাম/দস্তা উল্লিখিত মাত্রায় প্রয়োগ করা হলে ধানে পোকামাকড়, রোগবালাই কম হয় এবং ধানের দানা পুষ্ট হয় ও ফলন বাড়ে।</p> <p>* সম্ভব হলে জমিতে পর্যাপ্ত পরিমাণ পচা গোবর/কম্পোস্ট/ভার্মি কম্পোস্ট/খামারজাত সার ব্যবহার করুন। সেক্ষেত্রে রাসায়নিক সারের ব্যবহারের পরিমাণ অর্ধেক কমে আসবে।</p> <p>** অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার করা থেকে বিরত থাকুন। ইউরিয়া সার বেশি ব্যবহার করলে ধান গাছের বাড়বাড়তি বেশি হবে, পোকামাকড়ের আক্রমণ বেশি হবে এবং ফলন কম হবে।</p>		

আউশ ধান চাষে কৃষক ভাইদের করণীয়

জমি তৈরি

- ❖ বোনা আউশ চৈত্রের শুরু থেকে বৈশাখের মধ্যে (মার্চের মাঝামাঝি থেকে এপ্রিলের তৃতীয় সপ্তাহ পর্যন্ত) জমি তৈরি করুন;
- ❖ রোপা আউশ বৃষ্টিপাতের সাথে তালমিলিয়ে (মের প্রথম ও দ্বিতীয় সপ্তাহের মধ্যে) জমি তৈরি করুন;
- ❖ জমিতে ২-৩টি চাষের পর মই না দিয়ে জমি খোলা অবস্থায় রাখুন;
- ❖ মাটি ভালোভাবে শুকিয়ে গেলে অনেক আগাছা এবং পোকামাকড় ও রোগজীবাণু মরে যায়।
- ❖ এ অবস্থায় বৃষ্টি হলে জমিতে আগাছা গজানো সম্পন্ন হলে আবারও চাষ ও মই দিয়ে (জো থাকা অবস্থায়) মাটিকে বুঁর-বুঁরে তৈরি করুন।

বীজ বপন : ২.ক. বোনা আউশের বীজ তিনভাবে বপন করা যায়-

- ❖ ছিটিয়ে- শতকরা ৮০ ভাগ অঙ্কুরোদগম সম্পন্ন ভালো বীজ হেক্টরপ্রতি ৭০-৮০ কেজি হারে ছিটিয়ে দিন; এরপর হালকাভাবে একটা চাষ ও মই দ্বারা মাটি সমান করুন। সারি করে- ২৫ সেন্টিমিটার দূরত্বে ৪-৫ সেমি. গভীর করে সারি তৈরি করুন এবং হেক্টর প্রতি ৪৫-৫০ কেজি হারে বীজ বপন করুন। এরপর মই দিয়ে মাটি সমান করুন। ডিবলিং পদ্ধতিতে- এতে বাঁশ বা কাঠের দণ্ড দিয়ে ২০ সেন্টিমিটার পর পর মাটিতে গর্ত করে গর্ত প্রতি ২/৩টি করে বীজ বপন করে মই দিয়ে মাটি সমান করুন। বীজের হার হলো হেক্টরপ্রতি ২৫-৩০ কেজি।

সার প্রয়োগ

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
বিআর২০, বিআর২১, বিআর২৪, ব্রি ধান৪২, ব্রি ধান৪৩ ও ব্রি ধান৮৩ এবং রোপা হিসাবে বিআর২৬, ব্রি ধান২৭, ব্রি ধান৪৮, ব্রি ধান৮২, ব্রি ধান৮৫, ব্রি ধান৯৮, ব্রি হাইব্রিড ধান৭	জমি তৈরির শেষ চাষের সময় ইউরিয়া, টিএসপি ও এমওপি সার প্রয়োগ করতে হবে। বৃষ্টিবহুল বোনা আউশ এলাকায় ইউরিয়া দু'কিস্তিতে প্রথম কিস্তি শেষ চাষের সময় এবং দ্বিতীয় কিস্তি ধান বপনের ৩০-৪০ দিন পর। জমিতে গন্ধক এবং দস্তার অভাব থাকলে জিপসাম ও জিঙ্ক সালফেট প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-৬০০ গ্রাম/শতক টিএসপি- ২০০ গ্রাম/শতক এমওপি-৩০০ গ্রাম/শতক জিপসাম-১৩৫ গ্রাম/শতক জিঙ্ক সালফেট-২০ গ্রাম/শতক

আগাছা দমন

- ❖ আগাছানাশক ব্যবহারের মাধ্যমে বোনা আউশ ধানে আগাছা দমন করা অনেকটা সহজ;
- ❖ এক্ষেত্রে রনস্টার বা করস্টার হেক্টরপ্রতি ১ লিটার হারে জমিতে ধান বপনের ৫-৬ দিনের মধ্যে প্রয়োগ করুন;
- ❖ ৩০-৩৫ দিন পর একবার হাত নিড়ানি দিলে আগাছা দমন হয়ে যায়।

রোগবালাই দমন

- ❖ জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পাঁচিৎ এর জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখায়ুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন;
 - ❖ জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোক ফাঁদ/সোলার লাইট ট্র্যাপের স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকাকার অবস্থান এবং সংখ্যা জরিপ করুন। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমনব্যবস্থা গ্রহণ করুন।
- ফসল কাটা, মাড়াই ও সংরক্ষণ**
- ❖ জমিতে শীষের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধানের চাল শক্ত হলে শুরু আবহাওয়া দেখে ধান কর্তন করুন;
 - ❖ দ্রুত ও সশ্রয়ী কর্তন ও মাড়াইয়ের জন্য রিপার/কম্বাইন হার্ডেস্টার ব্যবহার করুন;
 - ❖ মাড়াই করার পর অন্তত ৪-৫ বার রোদে শুকানোর পর ঝেড়ে নিয়ে গোলাজাত বা সংরক্ষণ করুন;

আমন ধান চাষে কৃষকভাইদের করণীয়

বীজতলা তৈরি ও বীজ বপনের সময়

- ❖ বীজতলায় জমি ২ থেকে ৩টি চাষ দিয়ে মাটি আলগা করে প্রয়োজনীয় পানি সেচের মাধ্যমে থকথকে কাঁদা করে এক বা একাধিক মই দিয়ে সমান করুন;
 - ❖ ১ মিটার প্রস্থ এবং সুবিধামতো দৈর্ঘ্যবিশিষ্ট বেড তৈরির মাধ্যমে আদর্শ বীজতলা তৈরি করুন;
 - ❖ পাশাপাশি দুইটি বীজতলার মাঝখানে ১ ফুট প্রস্থ নালা রাখুন;
 - ❖ যেসব এলাকায় উঁচু জমি নেই সেসব এলাকায় ভাসমান বীজতলা তৈরি করুন;
 - ❖ দীর্ঘ, মধ্যম ও স্বল্প জীবনকালের জাতের জন্য আলাদা আলাদা স্থান ও সময়ে বীজতলায় বীজ বপন করুন;
 - ❖ নিম্ন, অতি নিম্ন অথবা অনূর্বর মাটির ক্ষেত্রে গোবর অথবা খামারজাত সার প্রতি শতকে ২ মণ হিসাবে প্রয়োগ করুন ;
 - ❖ রোপা আমন আষাঢ় মাসে ও চৈত্র-বৈশাখ মাসে মাঠে বোনা আমনের বীজ বপন করুন;
 - ❖ ভালো চারা পাওয়ার জন্য বিএডিসি, স্থানীয় কৃষি বিভাগ বা ব্রি কার্যালয়ের সাথে যোগাযোগ করে ভালো বীজ সংগ্রহ করে বীজতলায় বপন করতে হবে;
 - ❖ প্রতি শতকে ২.৫ কেজি অঙ্কুরিত বীজ বপন করুন। এতে করে বীজতলার চারা সুস্থ ও সবল হবে।
- চারা রোপণ**
- ❖ লাইন বা সারিবদ্ধভাবে চারা রোপণ করুন;
 - ❖ পর্যাপ্ত পরিমাণ আলো ও বাতাস চলাচলের জন্য উত্তর-দক্ষিণ বরাবর সারি করুন;
 - ❖ সাধারণত সারি থেকে সারির দূরত্ব ২৫ সেমি. (৮ ইঞ্চি) ও গুচ্ছ থেকে গুচ্ছের দূরত্ব ১৫ সেমি. (৬ ইঞ্চি) রাখুন ;
 - ❖ দীর্ঘ ও মধ্যমমেয়াদি জাতের চারার বয়স ২০-২৫ দিন এবং রোপণ সময় ১৫ জুলাই-১৫ আগস্ট

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
দীর্ঘমেয়াদি জাত (জীবনকাল ১৩৫ দিনের বেশি), যেমন- বিআর১০, বিআর১১, ব্রি ধান৩০, ব্রি ধান৪০, ব্রি ধান৪১, ব্রি ধান৪৪, ব্রি ধান৫১, ব্রি ধান৫২, ব্রি ধান৫৫, ব্রি ধান৭৬, ব্রি ধান৭৭, ব্রি ধান৭৯, ব্রি ধান৯১, ব্রি ধান৯৩, ব্রি ধান৯৪, ব্রি ধান৯৫	জমি তৈরির শেষ চাষে সমস্ত-এমওপি-ডিএপি/টিএসপি- জিপসাম প্রয়োগ করতে হবে। ইউ-রিয়া সমান ভাগে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপণের ৭-১০ দিন পর, ২য় কিস্তি চারা রোপণের ২৫-৩০ দিন পর এবং ৩য় কিস্তি কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২৬ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৮ কেজি/বিঘা এমওপি-১৪ কেজি/বিঘা জিপসাম -৯ কেজি/বিঘা
মধ্যমেয়াদি জাত (জীবনকাল ১২০-১৩৫ দিন), যেমন- বিআর২৫, ব্রি ধান৩৪, ব্রি ধান৩৭, ব্রি ধান৩৮, ব্রি ধান৪৯, ব্রি ধান৫৩, ৫৪, ৭৮, ৯০, ৯৩ ও ৯৪, ব্রি ধান৭০, ব্রি ধান৭২, ৭৩, ব্রি ধান৭৯, ব্রি ধান৮০, ব্রি ধান৮৭।	জমি তৈরির শেষ চাষে ১/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমানভাগে দুই কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপণের ১০-১৫ দিন পর এবং ২য় কিস্তি কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২০ কেজি/বিঘা ডিএপি/টিএসপি-৭ কেজি/বিঘা, এমওপি-১১ কেজি/বিঘা, জিপসাম -৮ কেজি/বিঘা
স্বল্পমেয়াদি জাত (জীবনকাল ১২০ দিনের কম), রবি ফসল এলাকায় স্বল্পমেয়াদি জাত যেমন- ব্রি ধান৩৩, ব্রি ধান৩৯, ব্রি ধান৫৬, ব্রি ধান৫৭, ব্রি ধান৬২, ব্রি ধান৬৬, ব্রি ধান৭১, ব্রি ধান৭৫, ব্রি হাইব্রিড ধান৪, ব্রি হাইব্রিড ধান৬ চাষ করে সহজেই ধান কাটার পর রবি ফসল করা যাবে।	জমি তৈরির শেষ চাষে ২/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২৩ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৯ কেজি/বিঘা এমওপি-১৩ কেজি/বিঘা জিপসাম -৮ কেজি/বিঘা
নাবিতে রোপণকৃত আলোক-সংবেদনশীল জাত (যেমন বিআর২২, বিআর২৩, ব্রি ধান৪৬, ব্রি ধান৭৬, ব্রি ধান৭৭)	জমি তৈরির শেষ চাষে ২/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-১২ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৭ কেজি/বিঘা এমওপি-৮ কেজি/বিঘা জিপসাম -৬ কেজি/বিঘা
ব্রি ধান৩২ এবং স্বল্প আলোক-সংবেদনশীল সুগন্ধিজাত যেমন- বিআর৫, ব্রি ধান৩৪, ব্রি ধান৩৭ ও ব্রি ধান৩৮		

❖ স্বল্পমেয়াদি জাতের চারার বয়স ১৫-২০ দিন এবং রোপণ সময় ২৫ জুলাই-২৫ আগস্ট;

সার ব্যবস্থাপনা

❖ আবহাওয়া ও মাটির উর্বরতার মান যাচাই এবং ধানের জাত, জীবনকাল ও ফলন মাত্রার ওপর ভিত্তি করে সারের মাত্রা ঠিক করা হয়। ডিএপি সার ব্যবহার করলে সবক্ষেত্রেই প্রতি কেজি ডিএপি সারের জন্য ৪০০ গ্রাম ইউরিয়া কম ব্যবহার করলেই হবে এতে পাছ শক্ত হয়, রোগবালাই, পোকামাকড়ের আক্রমণ কম হয়। দুই সেমি. পর্যন্ত পানীয়জল কাদা মাটিতে গুটি ইউরিয়া ও ত্রিল্ড ইউরিয়া প্রয়োগের মাধ্যমে শতকরা ২৫-৩০ ভাগ ইউরিয়া সাশ্রয় হয়। জোয়ার-ভাটা অঞ্চলে গুটি ইউরিয়ার ব্যবহার করে ভালো ফলন পাওয়া যায়। জিংক সালফেট (মনো বা হেপ্টা) সার ফসফরাস জাতীয় সারের সঙ্গে একত্রে ব্যবহার করা যায় না। এ সমস্যা সমাধানে জিংক সারের সর্বশেষ প্রযুক্তি চিলেটেড জিংক প্রয়োগ করা যেতে পারে। মূল জমিতে ধানের চারা রোপণের ২০-২২ দিন পর প্রথমবার এবং ৪০-৪৫ দিন পর দ্বিতীয়বার ১ লিটার পানিতে ১ গ্রাম লিবরেল জিংক স্প্রে করলে সুফল পাওয়া যাবে। রোপা আমন ধানের জমি তৈরির সময় বিঘাপ্রতি (৩৩ শতক) ৩০০ কেজি জৈবসার ব্যবহার করলে রাসায়নিক সারের ব্যবহার শতকরা ৩০ ভাগ কমানো সম্ভব। সম্পূরক সেচ : আমন মৌসুমে বার্ষিক বৃষ্টিপাতের প্রায় ৮০% হয়ে থাকে যা আমন আবাদের জন্য যথেষ্ট। বৃষ্টিনির্ভর ধানের জমিতে যে কোনো পর্যায়ে সাময়িকভাবে বৃষ্টির অভাবে খরা হলে অবশ্যই সম্পূরক সেচ দিতে হবে। প্রয়োজনে সম্পূরক সেচের সংখ্যা একাধিক হতে পারে। তা না হলে ফলনে মারাত্মক প্রভাব পড়বে।

আগাছা ব্যবস্থাপনা : হাত দিয়ে, নিড়ানি যন্ত্র দিয়ে এবং আগাছানাশক ব্যবহার করে ধানক্ষেত ৩৫-৪০ পর্যন্ত আগাছামুক্ত রাখুন। রোপা আমন ধানে সর্বোচ্চ দুবার হাত দিয়ে প্রথম বার ধান রোপণের ১৫ দিন পর এবং পরের বার ৩০-৩৫ দিন পর আগাছা দমন করুন। নিড়ানি যন্ত্র দিয়ে ধানের দুইসারির মাঝের আগাছা দমন হয় কিন্তু দুইগুছির ফাঁকে যে আগাছা থাকে তা হাত দিয়ে পরিষ্কার করুন। প্রি-ইমার্জেন্স আগাছানাশক ধান রোপণের ৩-৬ দিনের মধ্যে (আগাছা জন্মানোর আগে) এবং পোস্ট-ইমার্জেন্স আগাছানাশক ধান রোপণের ৭-২০ দিনের মধ্যে (আগাছা জন্মানোর পর) ব্যবহার করুন। আগাছানাশক প্রয়োগের সময় জমিতে ১-৩ সেন্টিমিটার পানি রাখুন।

রোগবালাই দমন : জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পার্চিংয়ের জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখা যুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন। জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোকফাঁদ/সোলার লাইট ট্র্যাপের স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকার অবস্থান এবং সংখ্যা জরিপ করুন। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমন ব্যবস্থা গ্রহণ করুন।

ফসল কাটা, মাড়াই ও সংরক্ষণ : জমিতে শীষের অর্ধভাগের শতকরা ৮০ ভাগ ধানের চাল শক্ত হলে শুরু আবহাওয়া দেখে ধান কর্তন করুন। দ্রুত ও সাশ্রয়ী কর্তন ও মাড়াইয়ের জন্য রিপার/কন্সট্রাক্টর ব্যবহার করুন। মাড়াই করার পর অন্তত ৪-৫ বার রোদে শুকানোর পর ঝেড়ে নিয়ে গোলাজাত বা সংরক্ষণ করুন।

সরিষার আবাদ বাড়িয়ে ভোজ্যতেলের চাহিদা পূরণ

‘স্বল্পমেয়াদের আমন আর বোরো মাঝে উচ্চফলনশীল সরিষা করো, তেলের অভাব ফুরিয়ে যাবে গোলাভরা ধানও পাবে।’

মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন, ‘আগামী তিন বছরে ভোজ্যতেলের চাহিদার চল্লিশ বাগ স্থানীয়ভাবে উৎপাদন করতে হবে।’ ধানের উৎপাদন না কমিয়ে মাঝারি উঁচু বা উঁচু জমিতে উচ্চফলনশীল এবং স্বল্পমেয়াদি আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে খুব সহজেই সরিষা চাষ করে প্রয়োজনীয় ভোজ্যতেলের চাহিদা মেটানো যায়। এজন্য দরকার সঠিক সময়ে সঠিক জাতের আমন, সরিষা ও বোরো ধানের চাষাবাদ।

ধানের আবাদ না কমিয়ে সরিষার আবাদ বাড়ানোর কার্যকর শস্যবিন্যাস

আমন ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল সম্পন্ন জাতসমূহ : ব্রি ধান৭১, ব্রি ধান৭৫, ব্রি হাইব্রিড ধান৪, ব্রি হাইব্রিড ধান৬, বিনাধান-১৬, বিনাধান-১৭, বিনাধান-২২

রোপণের সময় : আষাঢ়ের মাঝামাঝি/জুলাইয়ের শুরুতে আমন ধানের বীজতলা তৈরি করে ২৫ দিনের চারা মূল জমিতে রোপণ করলে উপযুক্ত সময়ে সরিষা চাষ করা যাবে।

বি.দ্র. উত্তরবঙ্গে আমনের চারা ১০-১৫ দিন আগে রোপণ করতে হবে নতুবা আমন ধান চিটা হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

সরিষা জাত ও রোপণের সময়

স্বল্পজীবনকাল সম্পন্ন সরিষার জাতসমূহ : বিনা সরিষা-৪, বিনা সরিষা-৯, বিনা সরিষা-১০, বারি সরিষা-১৪, বারি সরিষা-১৫, বারি সরিষা-১৭ ও বারি।

রোপণের সময় : ০১ নভেম্বর/১৬ কার্তিকের মধ্যে সরিষার বীজ বপন করা উত্তম তবে ১৫ নভেম্বর/৩০ কার্তিক পর্যন্ত সরিষার বীজ বপন করা যেতে পারে।

বোরো ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল সম্পন্ন বোরো জাতসমূহ : ব্রি ধান৬৩, ব্রি ধান৬৭, ব্রি ধান৬৮, ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৪, ব্রি ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, বঙ্গবন্ধু ধান১০০, ব্রি হাইব্রিড ধান২, ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫, বিনাধান-১০, বিনাধান-২৪, বিনাধান-২৫

রোপণের সময় : ডিসেম্বরের মাঝামাঝি/পৌষের শুরুতে বোরো ধানের বীজতলা তৈরি করে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ/মাঘের শেষ সপ্তাহের মধ্যে ৩৫-৪০ দিনের চারা রোপণ করা যাবে।

বি দ্র. উত্তরবঙ্গে বোরোর চারা ১০-১৫ দিন দেরিতে রোপণ করতে হবে নতুবা বোরো ধান চিটা হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

বাংলাদেশে প্ল্যান্ট টিস্যু কালচারের সম্ভাবনা

উদ্ভিদের যেকোনো ক্ষুদ্রতম দৈহিক অংশ (somatic part) বা পৃথকীকৃত (isolated) কোনো কোষ (cell) টেস্টিটিউবে বা যেকোনো পাত্রে কৃত্রিম মাধ্যমে (MS media) লালন (culture) করে মাতৃ উদ্ভিদের মতো অবিকল নতুন চারা উৎপন্ন করার এ কৌশলের নাম দেয়া হয় ক্ষুদ্র বংশ বিস্তার (micro-propagation)। পরবর্তীতে আধুনিক বিজ্ঞানে প্রযুক্তির ব্যাপক উন্নয়নের ফলে এতে কিছু নতুন প্রযুক্তি সংযুক্ত করে পরে এর নাম দেওয়া টিস্যু কালচার (Tissue Culture)।

জার্মান উদ্ভিদ শারীরতত্ত্ববিদ হ্যাবারল্যান্ড কর্তৃক ১৯৯২ সনে প্রথম টিস্যু কালচারের জৈবিক মূলনীতিসমূহ (biological principles) বর্ণিত হয়। পরবর্তীতে ১৯৯৩ সনে তিনজন বিজ্ঞানী নোবকোর্ট, গেরার হাট এবং হোয়াট কৃত্রিম জীবাণুমুক্ত মাধ্যমে ক্যালাস কলাকে (callus tissue) স্বতন্ত্রভাবে লালন (culture) করতে সমর্থ হন।

কৃত্রিম বংশবিস্তার (artificial propagation) বা টিস্যু কালচার প্রক্রিয়ার উল্লেখযোগ্য সুবিধাজনক দিকটি হলো যেখানে একবীজ পত্রী উদ্ভিদ (monocot) সাধারণত বীজ ছাড়া অন্য কোনো উপায়ে বংশবৃদ্ধি ঘটানো যায় না সেখানে এ পদ্ধতিতে খুব সহজেই এসব উদ্ভিদের বংশবৃদ্ধি ঘটানো সম্ভব। সবচেয়ে মজার ব্যাপার হলো খুব কম সময়ে এই প্রক্রিয়ায় বিপুল পরিমাণে চারা উৎপাদন করা যায়। স্ট্রবেরির মতো একটি ফল গাছের একটি একক কোষ (single cell) বা ক্ষুদ্রতম কোনো অংশ থেকে বছরে প্রায় দুই মিলিয়ন চারা পাওয়া সম্ভব।

তাছাড়া টিস্যু কালচার প্রক্রিয়া উৎপন্ন চারার আকারে খুব ছোটো হয়। স্বাভাবিক উৎপন্ন কলার চারার কথা বলা যায়। যেখানের এক হাজার কলার চারা পরিবহন করতে একটি বিশালাকার ট্রাকের প্রয়োজন, সেখানে টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন এক হাজার চারাকে বহন করতে ছোট আকারে রিকম্বিন্যান্ট যথেষ্ট। যার ফলে এ ধরনের চারা বহনে পরিবহন খাতে ব্যয় যথেষ্ট কম হয়। টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন চারা ভাইরাস দ্বারা আক্রান্ত হয় না। অপর পক্ষে এ প্রক্রিয়ার দ্বারা রোগ জীবাণু মুক্ত ও বীজ উৎপাদনের অনুকূল পরিবেশ সৃষ্টির মাধ্যমে মাতৃ উদ্ভিদের শীর্ষ (epical) ও পার্শ্ব (lateral) মেরিস্টেমটিক টিস্যু (Meristematic Tissue) হতে বীজ উৎপন্ন হয় বলে এতে ভাইরাসসহ অন্যান্য রোগ জীবাণু আক্রমণ কম হয়। এবং প্রতিকূল পরিবেশের মধ্যেও এসব বীজ হতে চারা ও সুস্থ সবল উদ্ভিদ জন্ম হয়। আমেরিকা মহাদেশ আজ 'বিশ্বের রুটির বুকটি (world food basket)' বলে খ্যাত যে কারণে তার প্রধান কারণ তাদের টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন বীজের ব্যবহার। কেননা এ প্রক্রিয়ায় উৎপন্ন গমের বীজ হতে প্রচণ্ড নিম্ন তাপমাত্রায় স্বাভাবিকভাবে চারা ও পূর্ণাঙ্গ গাছ হয়।

বাণিজ্যিক ভিত্তিতে এ ধরনের বীজ উৎপন্ন হলে তার মূল্যও কম হয়। তবে সেক্ষেত্রে টিস্যু কালচার ল্যাব তৈরির খরচের পরিমাণ বিবেচ্য বিষয়ের মধ্যে আনতে হবে। আমাদের দেশে এ ধরনের একটি টিস্যু কালচার ল্যাব তৈরি করতে ১ কোটি হতে ১.৫০ কোটি টাকা পর্যন্ত ব্যয় হবে। এসব ল্যাবে মূল কাজ পরিচালনা করার জন্য দক্ষ জেনিটিক ইঞ্জিনিয়ার প্রয়োজন যারা একটি সুস্থ সবল গাছের একটি অংশের মেরিস্টেমটিক টিস্যু হতে কয়েক লক্ষ হতে কয়েক বিলিয়ন চারা উৎপন্ন করে। এ কাজ পরিচালনার পূর্বে প্রজননবিদদের প্রথমে সমস্ত দেহে জীবাণুনাশক মেখে নিতে হয়। প্রক্রিয়াটির চূড়ান্ত ফলাফল পাওয়ার জন্য কয়েক সপ্তাহ হতে কয়েক মাস অপেক্ষা করতে হয়।

বর্তমানে চীন, জাপান, ফিলিপাইন, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া ও ইউরোপের বেশ কিছু দেশে বাণিজ্যিকভাবে টিস্যু কালচার ল্যাব হতে বীজ/চারা উৎপন্ন করা হচ্ছে। জাপান, থাইল্যান্ড, এশিয়ার এ দুটি দেশ এ পদ্ধতি প্রয়োগের ফলে প্রাপ্ত অর্কিড ও ফুল বিক্রি করে বিশ্ব বাজার হতে এক মোটা অংকের অর্থ নিজেদের ঘরে তুলছে। এক জরিপে দেখা গেছে যে, হল্যান্ড, আয়ারল্যান্ড টিস্যু কালচার পদ্ধতি প্রয়োগ করে যে আলুর বীজ উৎপন্ন করে তার প্রতিটির বীজের মূল্য পড়ে দশ পয়সা যা কি না সমস্ত উৎপাদন খরচের এক নগণ্য অংশ মাত্র; অথচ এ নগণ্য মূল্যের বীজ হতে পরবর্তীতে তার সুস্থ সবল আলু গাছ হতে ফসলের সর্বোচ্চ ফলন পেয়ে থাকে। ১৯৫৪ সালে আলুর লেইট ব্লাইট রোগের কারণে আয়ারল্যান্ডে যে দুর্ভিক্ষ হয়েছিল তাতে ৭-৮ লাখ লোক মারা গিয়েছিল এবং সেখান থেকে তার শিক্ষা নিয়েছিল যে রোগ জীবাণু মুক্ত বীজ হচ্ছে সন্তোষজনক ফসল উৎপাদনের পূর্বশর্ত। আর তখন থেকে তার টিস্যু

কালচার প্রক্রিয়ার উন্নয়নের জন্য সর্বাত্মক চেষ্টা করেছিল এবং সফলও হয়েছে।

১৯৫৪ সালের দুর্ভিক্ষে শুধু আয়ারল্যান্ড-ই নয় গোটা উত্তর আমেরিকা সুস্থ বীজের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তখন থেকে টিস্যু কালচারের প্রতি গুরুত্ব সহকারে নজর দিয়েছেন। যার দরুন আজ তারা কৃষি প্রধান দেশ না হওয়া সত্ত্বেও নিজেদের খাদ্য চাহিদা মিটিয়ে বিপুল পরিমাণ খাদ্যশস্য বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে।

অথচ আমাদের দেশ কৃষি প্রধান হওয়া সত্ত্বেও এ প্রযুক্তির ব্যবহার তো দূরের কথা এ প্রযুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার শতকরা হার একেবারে শূন্যের কাছাকাছি। তবে আমাদের দেশের কৃষি গবেষণা ইনস্টিটিউটে টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদিত হলেও কৃষক পর্যায়ে তা সম্প্রসারিত হয়নি। আশার কথা মাদারীপুর হার্টিকালচার সেন্টারে দেশের প্রথম বাণিজ্যিক টিস্যু কালচার ল্যাবরেটরি তৈরি হয়েছে এবং বিগত দুই বছরে অনেক সীমাবদ্ধতার মধ্যেও এখান থেকে প্রায় চার লক্ষ কলা চারা ও কয়েক হাজার জারবেরা ও অর্কিড চারা তৈরি করে কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। বর্তমানে উক্ত ল্যাবরেটরিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হার্টিকালচার উইংয়ের ব্যবস্থাপনায় কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান চলছে এবং এরকম আরও ছয়টি টিস্যু কালচার ল্যাবরেটরি তৈরির প্রক্রিয়া বাস্তবায়নাধীন রয়েছে।

প্রধানমন্ত্রীর অনুশাসন “দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে” বাস্তবায়নের রূপরেখা

বাংলাদেশ বিশ্বের বৃহৎ আয়তনে ছোট কিন্তু জনবহুল একটি দেশ এ কথা যেমন সত্য, তেমনি ফসল উৎপাদনে এক সমৃদ্ধশালী দেশ হিসেবেও বিশ্বব্যাপী সমাদৃত। একবিংশ শতাব্দীর আজকে এই সময়ে দাঁড়িয়ে গোটা বিশ্ব ভীষণ অপ্রস্তুত হয়ে পড়েছে। এর কারণ হিসেবে ইদানীং Three 'C' কে অনেকেই দায়ী হিসেবে বিবেচিত বলে মনে করছেন। আর সেগুলো হলো ১. Conflict (মূলত রাশিয়া-ইউক্রেন যুদ্ধ), ২. Climate change (জলবায়ু পরিবর্তন), ৩. Covid-19 (কোভিড-১৯)। মানব সভ্যতার উপর অত্যন্ত বিরূপ করোনার নির্মম হামলা দুমড়ে-মচুড়ে দিয়েছে পৃথিবীটাকে। জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব গত কয়েকটি বছর ধরেই চলছে বিশ্বজুড়ে। দুই বছরের করোনাভাইরাস মহামারির ধাক্কা না কাটতেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধ গোটা বিশ্বকে চরম খাদ্য সংকটের দিকে ঠেলে দিয়েছে। এরই মধ্যে বিশ্বের সবচেয়ে শক্তিশালী অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি ৫০ বছরের মধ্যে সর্বোচ্চ উচ্চতায় উঠে ৯ শতাংশের কাছাকাছি দাঁড়িয়েছে। ইউরোপের প্রায় সব দেশ, চীন, কানাডাসহ সব রাষ্ট্রেই মূল্যস্ফীতি বাড়ছে। আরও বাড়বে বলে শঙ্কার কথা শোনাচ্ছে বিশ্বব্যাপক, আইএমএফসহ বিভিন্ন দাতা সংস্থা। যার ফলে বিভিন্ন দেশে খাদ্য সংকট দেখা দিতে শুরু করেছে। ২০২৩ সালে বিশ্বে অর্থনৈতিক মন্দার পূর্বাভাস দিচ্ছে বিশ্বব্যাপক। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) বলছে, যুদ্ধ পরিস্থিতি দ্রুত স্বাভাবিক না হলে দুর্ভিক্ষও দেখা দিতে পারে।

বিশ্ব খাদ্য সংস্থা (এফএও)-র মতে, বিশ্বের ৪৫টি দেশে ঘাটতিজনিত মারাত্মক খাদ্য নিরাপত্তাহীনতার আশঙ্কা এখন সবচেয়ে বেশি। এর মধ্যে এশিয়া মহাদেশভুক্ত দেশ আছে ৯টি, যার মধ্যে বাংলাদেশসহ তিনটি দেশ দক্ষিণ এশিয়ার। এফএওর হিসাব অনুযায়ী, চলতি বছরেই বিশ্বব্যাপী খাদ্যশস্য উৎপাদন কমবে ১.৪ শতাংশ। শুধুমাত্র দক্ষিণ আমেরিকা ছাড়া বিশ্বের আর সব মহাদেশ বা অঞ্চলেই এবার খাদ্যশস্য উৎপাদন কমবে। বাংলাদেশও এর বাইরে থাকবে না। আর এই দিকগুলো বিবেচনায় রেখে বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক অনুশাসন প্রদান করেন সকল দেশবাসীর উদ্দেশ্যে ‘দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে’। প্রধানমন্ত্রীর এই অনুশাসন বাস্তবায়নে এরই মধ্যে বেশ কিছু পদক্ষেপ ও কর্মসূচি যিবান্ধব এই সরকারের সফল মন্ত্রণালয় কৃষি মন্ত্রণালয় গ্রহণ করেছে।

বাংলাদেশে মোট ১ কোটি ৬১ লক্ষের মতো ফসলি জমির মধ্যে মোট আবাদযোগ্য জমির পরিমাণ রয়েছে ৮৬ লাখ ২৯ হাজার হেক্টরের মতো। তন্মধ্যে আবাদযোগ্য পতিত জমির পরিমাণ ৪ লাখ ৩২ হাজারের মতো প্রায় (সূত্র : কৃষি বর্ষগ্ৰন্থ ২০২০, ভূমি ব্যবহার জরিপ ২০১৯-২০)। উল্লেখযোগ্য বিষয় হলো, এই পরিমাণ আবাদযোগ্য পতিত জমি যদি আবাদের আওতায় আনা যায়, তাহলে আমাদের খাদ্য সংকট মোকাবেলায় যেমন ভূমিকা পালন করবে, তেমনি গ্রামীণ আর্থসামাজিক উন্নয়নে ফলপ্রসূ হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন- ‘গ্রামে গ্রামে বাড়ির পাশে বেগুন গাছ লাগিও, কয়টা মরিচ গাছ লাগিও, কয়টা লাউ গাছ ও কয়টা নারিকেলের চারা লাগিও। বাপ-মারে একটু সাহায্য কর। কয়টা মুরগি পালো, কয়টা হাঁস পালো। জাতীয় সম্পদ বাড়বে’। (বাণী চিরসবুজ, কৃষি মন্ত্রণালয়, জুন ২০২১, পৃষ্ঠা নং ১৪২)। বঙ্গবন্ধুর এই উক্তিই বলে দেয়, বর্তমান প্রধানমন্ত্রীর অনুশাসন কিভাবে বাস্তবায়ন করতে হবে। মূলত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সেই লালিত স্বপ্নকে বাস্তবায়নের গুরু দায়িত্ব পালন করছেন তাঁর সুযোগ্য কন্যা।

অপরপক্ষে বাংলাদেশে প্রায় ২৫৩.৬০ লাখ বসতবাড়ি রয়েছে, যার পরিমাণ ৫.৪০ লাখ হেক্টর। দেশের বসতবাড়ির গড় আয়তন ০.০২ হেক্টর। কৃষক পরিবারের সংখ্যা ১৬৫.৬২ লাখ এবং আবাদযোগ্য পতিত জমির পরিমাণ ২.২৩ লাখ হেক্টর। এই জমিগুলো আবাদের আওতায় আনার লক্ষ্যে সরকারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির অঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপন প্রকল্প' নামে একটি প্রকল্প কাজ করছে। প্রকল্পের আওতায় সকল শ্রেণির কৃষক-কৃষানি যাদের বসতভিটা অনাবাদি পড়ে আছে সেই সকল জমি পরিকল্পিত উপায়ে চাষাবাদের আওতায় আনা হচ্ছে। তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে গৃহহীনদের জন্য নির্মিত গৃহের বসতভিটায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপনের মাধ্যমে হতদরিদ্র মানুষের পুষ্টি চাহিদা পূরণে প্রকল্পটি কাজ করছে। ৬.৮৩.৫৬০টি কৃষক পরিবার এই প্রকল্পের মাধ্যমে সরাসরি উপকৃত হবে এবং ৪৫৫৪টি ইউনিয়ন ও ৩৩০ পৌরসভার প্রায় ৪১ লাখ কৃষক-কৃষানি পরোক্ষভাবে উপকৃত হবে। উল্লেখিত প্রকল্পটির মেয়াদকালে পারিবারিক সবজি পুষ্টিবাগান প্রদর্শনী স্থাপন করা হবে ৪,৮৮,৪০০টি, স্যাঁতসেঁতে জমিতে কচুজাতীয় সবজি চাষ প্রদর্শনী স্থাপন করা হবে ৭৩৮০টি এবং ছায়াযুক্ত স্থানে/বসতবাড়িতে আদা/হলুদ চাষ প্রদর্শনী স্থাপন করা হবে ৭৩৮০টি। সকল প্রদর্শনীর সফল বাস্তবায়নের ফলে বাংলাদেশের ৫.০৩.১৬০টি বসতবাড়ির অনাবাদি/পতিত জমি বছরব্যাপী সবজি চাষাবাদের আওতায় আসবে। আর এভাবেও প্রধানমন্ত্রীর অনুশাসনটি বাস্তব রূপ পাবে।

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের আর একটি বড় ক্ষেত্র হলো আমাদের বনাঞ্চল ও তাকে ঘিরে গড়ে ওঠা বাস্তুতন্ত্র। বাংলাদেশে পাহাড়ি বনের পরিমাণ প্রায় ১৩.৭৭ লাখ হেক্টর আর গ্রামীণ বন রয়েছে ৭.৭৪ লাখ হেক্টর। এ সমস্ত বনাঞ্চল থেকে বনজন্মব্যবহারের মধ্যে অন্যতম প্রধান হলো কাঠ (প্রায় ৩১.৩২ লাখ ঘনফুট), জ্বালানি (প্রায় ১৬.৮৪ লাখ ঘনফুট) ও গোলপাতা (৫৪৬.০২ লাখ কেজি) (সূত্র : বন অধিদপ্তর-২০২১)। এর বাইরেও পাহাড়ে অনেক পতিত জমি রয়েছে। কৃষি মন্ত্রণালয়ের সমীক্ষা বলছে, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান; এই তিন পার্বত্য জেলায় অন্তত পাঁচ লাখ হেক্টর জমি অনাবাদি পড়ে আছে। এই জমিগুলো কাজুবাদাম ও কফি চাষাবাদের উপযোগী। এ ছাড়া পার্বত্য জেলায় পাহাড়ে এরই মধ্যে ছড়িয়ে গিয়েছে আম্রপালি, কাটিমন আম, লিচু ও ড্রাগনের বাগান। এ ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের আরও বড় খাত হলো সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের অব্যবহৃত পতিত জমি। বিশেষ করে বাংলাদেশ রেলওয়ের অব্যবহৃত জমি, সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, পার্ক, লাইব্রেরি, ধর্মীয় উপাসনালয়ের অব্যবহৃত জমি রয়েছে যেগুলো অনায়াসেই আবাদের আওতায় আনা যায়। বসতবাড়ির ছাদে বাগান করা হলেও বেশ জনপ্রিয় একটি কর্মসূচি।

প্রধানমন্ত্রীর অনুশাসনটি বাস্তবায়নে অনুঘটক হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যে কাজগুলো চলমান তার মধ্যে রয়েছে কৃষি যান্ত্রিকীকরণ। বর্তমানে প্রায় তিন হাজার বিশ কোটি টাকা ব্যয়ে 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের মাধ্যমে অঞ্চলভেদে ৫০-৭০ শতাংশ ভর্তুকি দিয়ে ধান কাটাসহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি কৃষকদেরকে দেয়া হচ্ছে। এটি সারাবিশ্বে একটি বিরল ঘটনা। এ সমস্ত কৃষি যন্ত্রপাতি ব্যবহারের ফলে বর্তমানে দেশের প্রায় শতভাগ কৃষি জমি যান্ত্রিক চাষাবাদের আওতায় আসবে। এবারে আমন মৌসুমে কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অনেক শস্যকর্তন করা হয়েছে ফলে আগের চেয়ে শ্রম ও খরচ দুটোই কম লেগেছে।

গত ২০২০-২১ অর্থবছরের ২৭ অক্টোবর, ২০২০ তারিখে রবি/২০২০-২১ মৌসুমে বোরো ধান, গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চীনাবাদাম, শীতকালীন মুগ, পেঁয়াজ ও পরবর্তী খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ সহায়তা প্রদান বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৮৬৪৩.০০ লাখ টাকার অর্থ ছাড় করা হয়। এই অর্থ দেশের ৬৪টি জেলায় ৮ লাখ উপকারভোগীর মাঝে উল্লেখিত ৯টি ফসল চাষের জন্য সহায়তা বিতরণ করা হয়। ফসলভেদে বিভিন্ন পরিমাণে বীজ সহায়তা, ডিএপি ও এমওপি সার সহায়তা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে প্রতিটি কৃষকের মাঝে পৌঁছে যাচ্ছে।

পরবর্তীতে গত বছর একইভাবে এই প্রণোদনা ১৭ নভেম্বর, ২০২০ তারিখ রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারকারীদের মাঝে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চৌদ্দ লাখ সাতানব্বই হাজার কৃষকের মাঝে ৭৬ কোটি ৪ লাখ ৬০ হাজার ৭৬০ টাকা, ২৩ নভেম্বর, ২০২০ তারিখ রবি মৌসুমে পেঁয়াজ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে পঞ্চাশ হাজার কৃষকের মাঝে ২৫ কোটি ১৬ লাখ ৫০ হাজার টাকা ও ২৫ মার্চ, ২০২১ তারিখ খরিপ-১ মৌসুমে আউশ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে চার লাখ পঞ্চাশ হাজার কৃষকের মাঝে ৩৯ কোটি ৩৭ লাখ ৫০ হাজার টাকার সার ও বীজ সহায়তা বিতরণ করা হয়। প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নে এটি বেশ গুরুত্ববহন করে।

কৃষি বাঁচলে দেশের মানুষ দুমুঠো খেয়ে পড়ে বাঁচতে পারবে, যে কথাটি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অনুধাবন করেছিলেন বর্তমান কৃষিবোদ্ধ সরকারের প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী তাঁর প্রায় সমস্ত জনসভা কিংবা রাষ্ট্রীয় বক্তৃতায় কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বক্তব্য প্রদান করেন। আর তাই প্রতিটি ইঞ্চি কৃষি জমির সর্বোচ্চ ব্যবহারের বিষয়টিকে তিনি সর্বাধিক প্রাধান্য দিয়েছে। গত অক্টোবর প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক প্রতিবেদনে আইএমএফ বলেছে, ২০২৩ সালে একটি মারাত্মক মন্দার মুখোমুখি হতে পারে বিশ্ব অর্থনীতি। অর্থনৈতিক প্রবৃদ্ধি নেমে যেতে পারে ২ দশমিক ৭ শতাংশে। এই সম্ভাবনা মোকাবিলায় প্রধানমন্ত্রী কৃষির উন্নয়ন ও কৃষকের কল্যাণকে সর্বোচ্চ বিবেচনায় এনে 'রূপকল্প-২০৪১'-এর আলোকে জাতীয় কৃষিনীতি-২০১৮, নিরাপদ খাদ্য আইন, টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ এবং ডেল্টা প্ল্যান-২১০০সহ উল্লেখযোগ্য কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছেন। সামগ্রিকভাবে কৃষি গুরুত্ব বিবেচনায় প্রধানমন্ত্রীর অনুশাসন 'দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে' বাস্তবায়নের কোন বিকল্প নেই।

মেট্রিক পদ্ধতির ওজন ও মাপের সঙ্গে প্রচলিত পদ্ধতির সম্পর্ক

দৈর্ঘ্য

- ১ ইঞ্চি=২৫.৪ মিলিমিটার=২.৫৪ সেন্টিমিটার=০.০২৫৪ মিটার
- ১ ফুট=৩০৪.৮ মিলিমিটার=৩০.৪৮ সেন্টিমিটার = ০.৩০৪৮ মিটার=১২ ইঞ্চি
- ১ গজ=৯১৪.৪ মিলিমিটার = ৯১.৪৪ সেন্টিমিটার =০.৯১৪৪ মিটার= ৩ ফুট
- ১ মাইল=১৬০৯.৩৪৪ মি.=১.৬০৯ কিলোমিটার =১৭৬০ গজ
- ১ নটিক্যাল মাইল (ব্রিটিশ)=১৮৫৩.১৮ মিটার
- ১ সেন্টিমিটার=১০ মিলিমিটার=০.৩৯৩৭ ইঞ্চি(প্রায়)
- ১ মিটার=১০০ সেন্টিমিটার=১.০৯ গজ=৩.২৮১ ফুট=৩৯.৩৭ ইঞ্চি
- ১ কিলোমিটার=১০০০ মিটার=০.৬২১৪ মাইল

ওজন

- ১ মেট্রিক টন=১,০০০ কেজি=২৬ মণ ৩১ সের ১ ছটাক = ২২০৫ পাউন্ড
- ১ কুইন্টাল=১০০ কেজি=২.৬৮ মণ
- ১ বুশেল=০.৭৩ মণ=২৯.১৭ সের
- ১ মণ= ৪০ সের=৩৭.৩২৪১৭২ কেজি=০.৩৭৩২৪২ মেট্রিক টন
- ১ সের=০.৯৩৩১০৪ কেজি
- ১ কেজি=১০০০ গ্রাম =১.০৭১৬৩৬ সের=২.২০৪৬২৩ পাউন্ড
- ১ ছটাক=৫ তোলা=৫৮.৩১৯ গ্রাম
- ১ তোলা=১১.৬৬ গ্রাম (প্রায়)
- ১ বেল তুলা = ৩৯২ পাউন্ড = ১৭৭.৮১ কেজি
- ১ বেল পাট = ৪০০ পাউন্ড = ১৮১.৪৭ কেজি = ৫ মণ
- ১ আউন্স = ২.৪৩ তোলা = ২৮.৩৫ গ্রাম

আয়তক্ষেত্র

- ১ হেক্টর=২.৪৭ একর=০.০০৩৮৬১ বর্গমাইল = ১০,০০০ বর্গমিটার
- ১ একর=৩.০২৫ বিঘা=০.৪০৫ হেক্টর=৪৮৪০ বর্গগজ=৪৩৫৬০ বর্গফুট=৪০৪৭ বর্গমিটার
- ১ বর্গমাইল=৬৪০ একর=২৫৯ হেক্টর, ১ বর্গ কিলোমিটার = ১০০ হেক্টর = ০.৩৮৬ বর্গমাইল
- ১ কাঠা=৬৬.৬৭ বর্গমিটার (প্রায়) = ১.৬৫ শতক = ৮০ বর্গগজ
- ১ বিঘা = ০.৩৩০৬ শতক = ০.১৩৭৮ হেক্টর
- ১ বর্গগজ=০.৮৩৬ বর্গমিটার=৮৩৬১ বর্গসেন্টিমিটার
- ১ বর্গফুট=০.০৯৩ বর্গমিটার=৯২৯ বর্গসেন্টিমিটার
- ১ বর্গইঞ্চি=৬.৪৫ বর্গসেন্টিমিটার

ঘনত্বের মাপ

- ১ ঘনফুট=৭.৪ গ্যালন (USA)=৬.২৩ গ্যালন (UK)=০.০২৮৩ ঘনমিটার
- ১ ঘনমিটার=৩৫.৩১৫ ঘনফুট = ১০০০ লিটার

তরল পদার্থের মাপ

- ১ গ্যালন (UK)=১.২০ গ্যালন (USA)=৪.৫৪২৫ লিটার
- ১ লিটার=১০০০.০২৮ কিউবিক সেমি. =০.০৩৫ ঘনফুট=০.২২০ গ্যালন (ব্রিটিশ)
- ১ ব্যারেল (পেট্রোলজাত)=০.১৫৯ কিউ মি.=৩৪.৯৭ গ্যালন (ব্রিটিশ) =৪২ গ্যালন (USA)

তাপ

ফা. (ফারেনহাইট); সে. (সেন্টিগ্রেড/সেলসিয়াস)

$$\text{ফা.} = (\text{সে.} \times 1.8) + 32; \text{সে.} = \frac{\text{ফা.} - 32}{1.8}$$

বিবিধ : ১ ফ্যাডম = ৬ ফুট = ১.৮৩ মিটার

- ১ অশ্বশক্তি=৫৫০ ফুট পাউন্ড/সেকেন্ড=৭৪৫.৭০ ওয়াট (UK)
- ১ একর ইঞ্চি পানি = $\frac{৩}{৪}$ কিউসেক পাম্পের ১ ঘণ্টা ১৫ মিনিটের সরবরাহ
= ১ কিউসেক পাম্পের ১ ঘণ্টার সরবরাহ
= ২ কিউসেক পাম্পের $\frac{১}{২}$ ঘণ্টার সরবরাহ

ব্যক্তিগত তথ্যাবলি

নাম :

ঠিকানা :

.....

পরিচিতি নম্বর : রক্তের গ্রুপ :

টেলিফোন অফিস : বাসা :

মোবাইল : ফ্যাক্স :

ই-মেইল : ওয়েবসাইট :

ব্যাংক অ্যাকাউন্ট : জাতীয় পরিচয়পত্র নম্বর :

জীবন বীমা পলিসি নম্বর : টিআইএন :

পাসপোর্ট নম্বর ও নবায়ন তারিখ :

ড্রাইভিং লাইসেন্স ও নবায়ন তারিখ :

গাড়ির রেজিস্ট্রেশন ও নবায়ন তারিখ :

জরুরি যোগাযোগের ঠিকানা

নাম :

ঠিকানা :

টেলিফোন/মোবাইল অফিস : বাসা :

ই-মেইল : ওয়েবসাইট :

সূচিপত্র (টেলিফোন অংশ)

ক্র: নং	মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠানের নাম	পৃষ্ঠা
১।	রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ বেপজা কমপ্লেক্স, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, একাদশ জাতীয় সংসদে গঠিত কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।	১-৩
২।	কৃষি মন্ত্রণালয়, কৃষি নীতি সহায়ক ইউনিট (আপসু), কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুলের সদস্যবৃন্দ, মন্ত্রী পরিষদ বিভাগ। জন প্রশাসন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্রবাহিনী বিভাগ।	৩-৭
৩।	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়।	৮-৯
৪।	শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পাবর্ত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। নৌ-পরিবহন মন্ত্রণালয়, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।	১০-১২
৫।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এগ্রিকালচার উইং।	১৩-১৪
৬।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রশাসন ও অর্থ উইং, সরেজমিন উইং, হার্টিকালচার উইং, উদ্ভিদ সংরক্ষণ উইং, উদ্ভিদ সংগনিরোধ উইং।	১৪-১৯
৭।	প্রশিক্ষণ উইং, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ক্রেপস উইং, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং।	২০-২৪
৮।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রকল্পসমূহ, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)।	২৫-৩০
৯।	কৃষি তথ্য সার্ভিস, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি বিপণন অধিদপ্তর, ব্যাংক (খামারবাড়ি), প্রধান হিসাব রক্ষণ অফিস, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।	৩১-৩৬
১০।	সার্ক কৃষি কেন্দ্র (এসএসি), কৃষি গবেষণা ফাউন্ডেশন, বাংলাদেশ কৃষি গবেষণা এন্ড অগ্ৰিমেন্ট ট্রাস্ট, বাংলাদেশ একাডেমী অব এগ্রিকালচার, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (ফেজ-II) প্রজেক্ট, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।	৩৭-৩৮
১১।	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, পাট অধিদপ্তর, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট।	৩৯-৪১
১২।	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বাংলাদেশ প্রাণি সম্পদ গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট, আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র, আন্তর্জাতিক সার উন্নয়ন কেন্দ্র, বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড, হার্টেক্স ফাউন্ডেশন।	৪২-৪৫
১৩।	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণি সম্পদ তথ্য দপ্তর, খাদ্য অধিদপ্তর, প্রাণি সম্পদ অধিদপ্তর, বীজ প্রত্যয়ন এজেন্সি।	৪৫-৪৮

টেলিফোন অংশ

ক্র: নং	মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠানের নাম	পৃষ্ঠা
১৪।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক অফিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা অফিস এবং মেট্রো/উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়।।	৪৯-১০৩
১৫।	ভূমি সংস্কার বোর্ড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বিনিয়োগ বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (কুমিল্লা), পল্লী উন্নয়ন একাডেমি (বগুড়া), আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।	১০৪-১০৫
১৬।	বন অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেল, বাংলাদেশ বেতার, কমিউনিটি রেডিও/প্রাইভেট রেডিও।	১০৬-১০৮
১৭।	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, সংবাদপত্র, সংবাদ সংস্থা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, ডাক অধিদপ্তর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মন-সিংহ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক), বাউজার্ম প্রাজম সেন্টার, ফল গাছ উন্নয়ন প্রকল্প, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়।	১০৯-১১১
১৮।	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনী।	১১১-১১২
১৯।	বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা, আরবরিকালচার- সড়ক ও জনপথ বিভাগ, আরবরিকালচার-গণপূর্ত বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, এনজিও বিষয়ক ব্যুরো, বাংলাদেশ সীড এসোসিয়েশন, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, রংপুর চেম্বার অব কমার্স, ঢাকাস্থ আন্তর্জাতিক সংস্থা, ব্যাংক, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বেসরকারি সংস্থা, পদ্মা অয়েল কোম্পানী।	১১৩-১১৫
২০।	বাংলাদেশ সেফ ফুড এলায়েন্স, ক্লীন এগ্রো, বাংলাদেশ ভার্মি কম্পোস্ট, ন্যাশনাল এগ্রিকোর, পেশাজীবী সংগঠন, উল্লেখযোগ্য হোটেল/রেস্টুরেন্ট, জরুরি সেবা (কল সেন্টার)।	১১৬-১১৭
২১।	জরুরি সেবা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, সিটি কর্পোরেশন, বিদেশী দূতাবাস, অন্যান্য অনুসন্ধান, টেলিফোন অনুসন্ধান, বিমান সংস্থা, দূরপাল্লার বাস, পরিবহন, কুরিয়ার সার্ভিস, ফায়ার সার্ভিস, ব্লাড ব্যাংক, হাসপাতাল।	১১৮-১২৬
২২।	উল্লেখযোগ্য পর্যটন কেন্দ্র, দাতা সংস্থা, গ্র্যান্ডলেস, ভ্রমণ, ক্লাব, লাইব্রেরি ও সাংস্কৃতিক তথ্য কেন্দ্র, স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়।	১২৭-১২৯
২৩।	উপসচিব ও তদূর্ধ্ব পর্যায়ে কর্মরত বিসিএস (কৃষি) ক্যাডার অফিসারগণ।	১৩০-১৩১
২৪।	অবসরপ্রাপ্ত সম্মানিত কৃষিবিদ।	১৩২-১৩৩

সূচিপত্র (তথ্যাবলী অংশ)

ক্র: নং	শিরোনাম	পৃষ্ঠা
১।	একনজরে বাংলাদেশ, একনজরে কৃষি, একনজরে প্রাণিসম্পদ, একনজরে বাংলাদেশের বনাঞ্চল, একনজরে বাংলাদেশের মৎস্য সম্পদ।	১-৬
২।	বিএডিসি'র বিভিন্ন কার্যক্রম, ডিএই (বিভিন্ন ফসলের দ্বারা মাটি থেকে খাদ্য উৎপাদন অপসারণের পরিমাণ), রাসায়নিক সার ব্যবহারের পরিমাণ, বালাইনাশকের ব্যবহার, মাঠ ফসলের আবাদি জমির পরিমাণ ও উৎপাদন।	৭-১৩
৩।	ব্রি উদ্ভাবিত উচ্চফলনশীল ধানের জাতসমূহ।	১৪-১৭
৪।	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের তথ্যাবলী।	১৮-৪০
৫।	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের তথ্যাবলী, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ফসলের জাত, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ইক্ষুজাতসমূহ	৪১-৪৫
৬।	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক উদ্ভাবিত ফসলের জাত, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক উদ্ভাবিত জাত।	৪৬-৫০
৭।	বাউ-জার্মপ্লাজা সেন্টার, ফল গাছ উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত ফসলের জাতসমূহ, জাতীয় বীজ বোর্ড কর্তৃক ছাড়কৃত নোটিফাইড ফসলের ইনব্রিড জাতের তালিকা।	৫১-৫৭
৮।	বঙ্গবন্ধু ও কৃষি, কৃষি তথ্য বিস্তারে কৃষি তথ্য সার্ভিস।	৫৮-৬১
৯।	কাজুবাদাম, ভাসমান চাষাবাদ, কফি চাষ পদ্ধতি, ভুট্টা ফসলে ফল আর্মিওয়ার্ম পোকার ক্ষতির প্রকৃতি ও দমন ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য, উন্নত ও খাটো (ওপি) জাতের নারিকেল চাষ পদ্ধতি।	৬২-৬৫
১০।	কেঁচো কম্পোস্ট (ভার্মি কম্পোস্ট), পাতকুয়া, কৃষি উন্নয়নে ই-কৃষি।	৬৬-৬৯
১১।	পরিবর্তিত জলবায়ু ও কৃষি, ছাদ বাগান।	৭০-৭১
১২।	প্রাপ্তবয়স্ক পুরুষ ও মহিলার গড় পুষ্টি চাহিদা, বিভিন্ন ধরনের খাদ্যে পুষ্টি উপাদান।	৭২-৭৬
১৩।	আধুনিক কৃষি যন্ত্রপাতির তথ্যচিত্র, দেশের কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিচিতি, টেলিভিশনে কৃষি বিষয়ক অনুষ্ঠান, বাংলাদেশ বেতার থেকে প্রচারিত কৃষি বিষয়ক অনুষ্ঠান।	৭৭-৮১
১৪।	বিভিন্ন দৈনিক, পাক্ষিক ও মাসিক কৃষি বিষয়ক প্রকাশনা, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার, কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি), কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য সফল কৃষক, নিবিঘ্নে বোরো ধান, আউশ ধান, আমন ধান চাষে কৃষক ভাইদের করণীয়, সরিষার আবাদ বাড়িয়ে ভোজ্যতেলের চাহিদা পূরণ, বাংলাদেশের প্লান্ট টিস্যু কালচারের সম্ভাবনা, মের্ট্রিক পদ্ধতির ওজন ও মাপের সঙ্গে প্রচলিত পদ্ধতির সম্পর্কে।	৮২-৯৫
১৫।	কৃষক পর্যায়ে ভেজাল রাসায়নিক সার শনাক্তকরণের সহজ উপায়, বাংলাদেশের কৃষি পরিবেশ অঞ্চল, বাংলাদেশের ফসল পঞ্জিকা।	৯৬-১০০

সাধারণ ছুটির তালিকা-২০২৩

তারিখ	সাধারণ ছুটি	
	বার	উপলক্ষ্য
২১ ফেব্রুয়ারি	মঙ্গলবার	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
১৭ মার্চ	শুক্রবার	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস
২৬ মার্চ	রবিবার	স্বাধীনতা ও জাতীয় দিবস
২১ এপ্রিল	শুক্রবার	জুমাতুল বিদা
২২ এপ্রিল	শনিবার	*ঈদুল ফিতর
০১ মে	সোমবার	মে দিবস
০৪ মে	বৃহস্পতিবার	বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা)
২৯ জুন	বৃহস্পতিবার	*ঈদুল আজহা
১৫ আগস্ট	মঙ্গলবার	জাতীয় শোক দিবস
০৬ সেপ্টেম্বর	বুধবার	জনাষ্টমী
২৮ সেপ্টেম্বর	বৃহস্পতিবার	*ঈদে মিলাদুন্নবী (সা.)
২৪ অক্টোবর	মঙ্গলবার	দুর্গাপূজা (বিজয়া দশমী)
১৬ ডিসেম্বর	শনিবার	বিজয় দিবস
২৫ ডিসেম্বর	সোমবার	যিশু খ্রিষ্টের জন্মদিন (বড়দিন)
নির্বাহী আদেশে সরকারি ছুটি		
০৮ মার্চ	বুধবার	*শবে-বরাত
১৪ এপ্রিল	শুক্রবার	নববর্ষ
১৯ এপ্রিল	বুধবার	*শবে-কদর
২১ এপ্রিল ও ২৩ এপ্রিল	শুক্রবার ও রবিবার	*ঈদুল ফিতর (ঈদের পূর্বের ও পরের দিন)
২৮ জুন ও ৩০ জুন	বুধবার ও শুক্রবার	*ঈদুল আজহা (ঈদের পূর্বের ও পরের দিন)
২৯ জুলাই	শনিবার	আতরা
ঐচ্ছিক ছুটি (মুসলিম পর্ব)		
১৯ ফেব্রুয়ারি	রবিবার	*শবে-মিরাজ
২৪ এপ্রিল	সোমবার	*ঈদুল ফিতর (ঈদের পরের দ্বিতীয় দিন)
০১ জুলাই	শনিবার	*ঈদুল আজহা (ঈদের পরের দ্বিতীয় দিন)
১৩ সেপ্টেম্বর	বুধবার	*আখেরি চাহার শম্বা
২৭ অক্টোবর	শুক্রবার	* ফাতেহা-ই-ইয়াজদাহাম
ঐচ্ছিক ছুটি (হিন্দু পর্ব)		
২৬ জানুয়ারি	বৃহস্পতিবার	শ্রী শ্রী সরস্বতী পূজা
১৮ ফেব্রুয়ারি	শনিবার	শ্রী শ্রী শিবরাত্রী ব্রত
০৭ মার্চ	মঙ্গলবার	দোলযাত্রা
১৯ মার্চ	রবিবার	শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব
১৪ অক্টোবর	শনিবার	মহালয়া
২২ অক্টোবর ও ২৩ অক্টোবর	রবিবার ও সোমবার	শ্রী শ্রী দুর্গাপূজা (নবমী)
২৮ অক্টোবর	শনিবার	শ্রী শ্রী লক্ষ্মীপূজা
১২ নভেম্বর	রবিবার	শ্রী শ্রী শ্যামাপূজা
ঐচ্ছিক ছুটি (খ্রিস্টান পর্ব)		
০১ জানুয়ারি	রবিবার	ইংরেজি নববর্ষ
২২ ফেব্রুয়ারি	বুধবার	ভস্ম বুধবার
০৬ এপ্রিল	বৃহস্পতিবার	পুণ্য বৃহস্পতিবার
০৭ এপ্রিল	শুক্রবার	পুণ্য শুক্রবার
০৮ এপ্রিল	শনিবার	পুণ্য শনিবার
০৯ এপ্রিল	রবিবার	ইস্টার সানডে
২৪ ডিসেম্বর ও ২৬ ডিসেম্বর	রবিবার ও মঙ্গলবার	যিশু খ্রিষ্টের জন্মোৎসব (বড়দিনের পূর্বের ও পরের দিন)
ঐচ্ছিক ছুটি (বৌদ্ধ পর্ব)		
০৫ ফেব্রুয়ারি	রবিবার	*মাঘী পূর্ণিমা
১৩ এপ্রিল	বৃহস্পতিবার	চৈত্র সংক্রান্তি
০১ আগস্ট	মঙ্গলবার	আষাঢ়ী পূর্ণিমা
২৮ সেপ্টেম্বর	বৃহস্পতিবার	*মধু পূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা)
২৮ অক্টোবর	শনিবার	*প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা)
ঐচ্ছিক ছুটি (পার্বত্য চট্টগ্রাম এলাকা ও এর বাইরে কর্মরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত কর্মচারীদের জন্য)		
১২ এপ্রিল ও ১৫ এপ্রিল	বুধবার ও শনিবার	বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীগুলোর অনুরূপ সামাজিক উৎসব।

● *চাঁদ দেখার ওপর নির্ভরশীল

● তথ্যসূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।